আফগানিস্তানে আমার দেখা আল্লাহর নিদর্শন

শাইখ ড. আবদুল্লাহ আয্যাম রহ.

THE SIGNS OF AR-RAHMAAN IN THE JIHAD OF AFGHANISTAN

আফগানিস্তানে আমার দেখা আল্লাহর নিদর্শন

শহীদ শায়খ ড. আব্দুল্লাহ আয্যাম রহ.

আফগানিস্তানে আমার দেখা আল্লাহর নিদর্শন

آيات الرحمن في جهاد الافغان

মুফতী সাঈদ হুসাইন
অনূদিত

আবাবিল প্রকাশন
১১/১ বাংলাবাজার, ঢাকা- ১১০০

মুজাহিদীনের পরিচালনা পরিষদের প্রধান

উস্তাদ সাইয়াফের অভিব্যক্তি

اَلْحَمْدُ لِلّٰهِ كَفٰى وَسَلَامٌ عَلٰى عِبَادِهِ الَّذِيْنَ اصْطَفٰى

নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুসলিম জাতিকে দুটি বিশেষ শ্রেণিতে বিভক্ত করেননি– একটি বণিক ও ধনী সম্প্রদায়, যার মধ্যে হযরত আবু বকর রা., হযরত আব্দুর রহমান ইবনে আউফ রা., হযরত সাদ ইবনে মুয়াজ রা. প্রমুখ সাহাবায়ে কেরাম অন্তর্ভুক্ত, যাঁরা সর্বাত্মকভাবে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সাহায্য করতেন, আর দ্বিতীয় দরিদ্র শ্রেণির সাহাবায়ে কেরাম, যেমন– হযরত বেলাল রা., হযরত আম্মার রা., হযরত সুহাইব রা. প্রমুখ সাহাবায়ে কেরাম, যাঁরা জীবন দান করে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে যুদ্ধে অবস্থান করতেন। বস্তুত সকল প্রকারের সাহাবায়ে কেরামই যুদ্ধের ময়দানে অংশগ্রহণ করেছেন। এবং এ ক্ষেত্রে সকল সাহাবায়ে কেরামই ছিলেন এক ও অভিন্ন।

যারা জিহাদের ময়দানে আল্লাহ প্রদত্ত এসব অলৌকিকতায় সন্দেহ পোষণ করেন, আমি তাদের দোষারোপ করছি না; বরং তাদের বস্তুবাদী চিন্তাভাবনা জিহাদের সঠিক মর্ম উপলব্ধি করা থেকে বিরত রেখেছে।

যে ব্যক্তি নিরবচ্ছিন্নভাবে চেষ্টা করবে, উদ্যমী হবে তিনিই কেবল জিহাদের সঠিক মর্ম অনুধাবন করতে পারবেন। চাক্ষুষ দেখা আর শোনা কথা সমান হতে পারে না। যারা আল্লাহ প্রদত্ত অলৌকিকতাকে অস্বীকার করে, জিহাদের পুণ্য ভূমিতে তাদের আমন্ত্রণ, সেখানে তারা দেখতে পাবেন আল্লাহ তায়ালা কুদরতিভাবে যুদ্ধের দায়িত্ব পরিচালনা করছেন।

বর্তমানে অনেক মুসলিম লেখক, যারা লেখার উপজীব্য হিসেবে অধিক কল্পনা, ভিত্তিহীন গল্প, আর ভৌতিক রহস্যকে বেছে নিয়েছেন, আমি তাদেরকে আমন্ত্রণ জানাব, কল্পনার চেয়েও অতিবাস্তব, শক্তিশালী ও শিক্ষণীয় ইতিহাস রচনা করার, যা রক্তবিন্দু ত্যাগের দ্বারা সূচিত হয়।

আফগানিস্তানের বর্তমান বিষয়টি শুধু একটি সম্প্রদায়ের নিজস্ব বিষয় নয়; বরং এটি সাম্প্রদায়িকতার ঊর্ধ্বে ইসলামিক বিষয়ে পরিণত হয়েছে। আমি মুসলিমদের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, এই জিহাদের সূচনা আমরা করেছিলাম গুটিকয়েক রিভলবারের দ্বারা, আমাদের কাছে একটি রাইফেলও ছিল না। যুদ্ধের সূচনালগ্নে রাশিয়ান বাহিনীর বিশাল ট্যাংক বহরের মোকাবিলায় আফগান জাতি ব্যবহার করেছে নুড়ি পাথর ও ছোট ছোট শিলাখণ্ড। আজ আমাদের উপলব্ধি–

১. আফগান জাতি স্পষ্ট ও ঈমানি চেতনায় নিজেদের প্রস্তুত করেছে যে আল্লাহ তায়ালা রাশিয়ার (বর্তমানে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও যৌথবাহিনী) চেয়ে অধিক শক্তিশালী।

২. আল্লাহ তায়ালা কখনো পরাভূত বা পরাজিত হন না।

৩. শিগগিরই মহান আল্লাহ তায়ালার সাহায্যে আমরা রাশিয়াকে (যৌথবাহিনী) পরাজিত করতে সক্ষম হব।

পৃথিবীর বিভিন্ন প্রান্তের সৌন্দর্য উপভোগ করতে যারা সময় ব্যয় করছেন, তাদেরকে স্মরণ করিয়ে দিতে চাই নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সেই হাদিস, যাতে তিনি বলেছেন, 'আমার উম্মতের ভ্রমন হলো জিহাদ'। একই সাথে তাদেরকেও সতর্ক করতে চাই, যারা এই হাদিসের অপব্যাখ্যা করে জিহাদ থেকে বিরত থাকে– 'যে ব্যক্তি জিহাদে অংশগ্রহণ করতে পারেনি অথবা অস্ত্র দিয়েও সাহায্য করতে পারেনি, কিংবা তার পক্ষ হতে কাউকে পাঠাতেও পারেনি, সে যেন যুদ্ধে গমনকারীর পরিবার-পরিজনের সঙ্গে উত্তম আচরণ করে এবং তাদের দেখাশোনা করে। নতুবা কিয়ামতের আগেই আল্লাহ তায়ালা তার ওপর বিপদ পতিত করবেন'। আমি নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আরো

একটি হাদিস স্মরণ করিয়ে দিতে চাই। তিনি ইরশাদ করেন, 'আল্লাহ তায়ালার রাস্তায় (জিহাদে) গমন করা নিজ বাসস্থানে ৭০ বছরের নফল ইবাদতের চেয়েও উত্তম।'

মহান আল্লাহ তায়ালার কাছে দোয়া করি, তিনি যেন লেখকের চেষ্টাকে কবুল করেন এবং এটিকে তার নাজাতের কারণ বানিয়ে দেন। আমরা সেই আল্লাহ তায়ালারই প্রশংসা করি, যিনি ব্যতীত প্রশংসা পাওয়ার যোগ্য আর কেউ নেই, এবং যিনি একমাত্র গুনাহ মার্জনাকারী, যার কাছে সকলকেই প্রত্যাবর্তন করতে হবে।

বিনীত

আব্দু রাব্বির রাসুল আস-সাইয়াফ

সূ চি প ত্র

অলৌকিক মুজিজা ও কারামত / ১৫
অলিগণের কারামত রসূল সা.-এরই মুজিজা / ১৭
নবীজি সা.-এর মুজিজাসমূহের কিছু নমুনা / ১৮
অন্যান্য অলৌকিকতা / ১৯
আরো কিছু উদাহরণ / ২৩
সুরাকা বিন মালিকের ঘটনা / ২৩
মুমিনদের সাহায্যের জন্য আসমান থেকে ফেরেশতা অবতরণ / ২৪
খেজুরগাছের গুঁড়ির কান্না / ২৬
হযরত জাবির রা.-এর পিতার ঋণ পরিশোধ / ২৬
নবীজি সা. -এর আহ্বানে একগুচ্ছ খেজুরের সাড়া দেওয়া / ২৭
হযরত আবু হুরাইয়া রা.-এর খেজুরের থলে / ২৮
কুয়ায় পতিত ব্যক্তিদের প্রতি নবীজি সা.-এর উক্তি / ২৯
আল্লাহ প্রদত্ত নূর / ৩০
রত আবু কাতাদা রা.-কে নবীজি সা.-এর একটি খেজুরের শাখা প্রদান / ৩১
তাহলিল ও তাকবিরের আওয়াজেও শত্রুর আসন চূর্ণবিচূর্ণ হয় / ৩২
আবু বকর রা.-এর কারামত / ৩২
হযরত আবু কিরসাফা রা. / ৩৩
হযরত ইবনে আব্বাস রা.-এর জানাজা ও একটি পাখি / ৩৩
হযরত ওমর রা. কর্তৃক জিনকে পরাজিত করা / ৩৪
নবীজির আগমন সম্পর্কে অবলা গরুর সুসংবাদ প্রদান / ৩৪
মৃত্যুর পরে কথা বলা / ৩৪
উহুদের শহীদরা / ৩৫
নবীদের নূরানী মৃতদেহ সুরক্ষিত থাকে / ৩৫
কবর থেকে মেশকের ঘ্রাণ / ৩৬
ভিমরুল দিয়ে হযরত আসিন রা.-এর মৃতদেহ সুরক্ষা / ৩৬
নবীজির গোলাম হযরত সাফিনাহ রা. / ৩৬
নবীজি সা. -এর আগমন সম্পর্কে একটি নেকড়ে বাঘের সংবাদ প্রদান / ৩৭
পানির অনুগত হওয়া / ৩৮
টাইগ্রিস নদী পার হওয়া / ৩৮
গায়েবি সাহায্য / ৩৯

আবু উবাইদা রা.-এর সৈন্যবাহিনী / ৩৯
হাতের স্পর্শে সুস্থ হওয়া / ৪১
হযরত খালিদ বিন ওয়ালিদ রা.-এর অলৌকিকতা / ৪২
তাপ ও ঠাণ্ডা থেকে নিরাপদ / ৪২
বৃদ্ধ বয়সেও তারুণ্যের প্রভাব / ৪৩
হযরত হুসাইন রা.-এর অলৌকিকতা / ৪৩
হযরত উসমান রা.-এর অলৌকিকতা / ৪৩
অলৌকিকতা হলো বরকতের কারণ / ৪৪
আফগান জিহাদের অলৌকিকতা / ৪৪
অধিকাংশ শহীদের শরীর বিকৃত না হওয়া / ৪৫
আফগানিস্তানের শহীদরা / ৪৫
বাবার সঙ্গে শহীদি সন্তানের হাত মেলানো / ৪৬
শহীদ ওমর ইয়াকুব ও তাঁর অস্ত্র / ৪৭
আলখাল্লা জড়ানো সাইয়েদ শাহ / ৪৭
মুজাহিদীনের দোয়া / ৪৮
পাখির বেষ্টনী / ৪৮
চারদিক থেকে আগুনের পরিবেষ্টন / ৪৯
ফেরেশতাদের গায়েবি অশ্ববাহিনী / ৪৯
অস্ত্র ভাণ্ডারের শেষ / ৫২
শরীরের ওপর দিয়ে ট্যাংক অতিক্রম করার পরও জীবিত থাকা / ৫২
কাঁকড়া-বিছার দ্বারা মুজাহিদদের সুরক্ষা / ৫২
একটি শিশু ও দিয়াশলাই / ৫২
সাপ-বিচ্ছু মুজাহিদদের আক্রমণ করে না / ৫৩
হাতের মেহেদি মোছার আগেই শহীদি নারী / ৫৩
বোমা অবিস্ফোরিত রয়ে গেছে / ৫৩
এক গর্বিত মায়ের শহীদি সন্তান / ৫৪
বুলেটও তাদের শরীরকে ছিদ্র করেনি / ৫৪
শহীদের শরীর থেকে আলোর বিচ্ছুরণ / ৫৫
আগুন থেকে অস্ত্রাগার নিরাপদ / ৫৬
ছোট একটি দল বৃহৎ দলের ওপর জয়লাভ করা / ৫৬
উত্তর কাবুলে যুদ্ধ / ৫৬
তন্দ্রাচ্ছন্নতা ও একগুচ্ছ ফুল / ৫৭
আরসালানের ওপর তন্দ্রার প্রভাব / ৫৮
আখতার মুহাম্মদের শরীরের ওপর দিয়ে ট্যাংক চালানোর পরও
তাঁর মৃত্যু হলো না / ৫৯

চোখে বুলেট বিদ্ধ হয়েছে কিন্তু কোনোরূপ ক্ষতি হয়নি / ৬০
চৌদ্দটি বোমা নিক্ষেপের পরও মুজাহিদ অক্ষত ছিলেন / ৬০
বুলেট তাদের শরীরকে বিদ্ধ করেনি / ৬০
তাঁবুতে আগুন কিন্তু অবস্থানকারী নিরাপদ / ৬০
আমার জামা পুড়েছিল / ৬০
মাইনের ওপর দিয়ে গাড়ি পার হওয়া / ৬১
শহীদদের কারামত / ৬১
ঘ্রাণ দ্বারা শহীদকে সনাক্ত করা / ৬২
দুই মাইলের অধিক দূরত্ব থেকে শহীদের ঘ্রাণ অনুভূত হওয়া / ৬২
এক শহীদের মায়ের হাতে আতরের ঘ্রাণ তিন মাস পর্যন্ত ছিল / ৬২
শহীদের অস্ত্র দিতে বাধা দেওয়া / ৬৩
শহীদের মুখে হাসি / ৬৩
শহীদ হামিদুল্লাহর হাসি / ৬৪
শহীদের শরীর বিকৃত হয় না / ৬৪
শহীদি মাতার স্তন্যপায়ী শহীদ সন্তান / ৬৫
মুজাহিদদের দোয়া ও আল্লাহ তায়ালার সাহায্য / ৬৫
পাথর থেকে পানির ঝর্ণা / ৬৫
অনুর্বর ভূমি থেকে পানির নির্গমন / ৬৭
কুয়াশার কাণ্ড / ৬৭
শহীদদের পরিবারের সুরক্ষা / ৬৮
মেঘের দ্বারা মুজাহিদদের সুরক্ষা / ৬৮
শত্রুবাহিনীর ট্যাংক ধ্বংস করা / ৬৮
শরীয়তের দৃষ্টিতে জিহাদের হুকুম / ৬৯
কয়েক লাইনে আফগান জিহাদের বাস্তবতা / ৭১
আমার এ বইটি রচনাকালে আফগান যুদ্ধের কিছু নমুনা / ৭৩
লেখক কর্তৃক সাধারণ মুসলমানদের প্রতি সদয় নিবেদন / ৭৪
আফগান জাতির কিছু ব্যতিক্রমী বৈশিষ্ট্য / ৭৯
তৃষ্ণার্ত মায়ের কান্নার রোল / ৮২
বইতে উল্লিখিত কারামতের গ্রহণযোগ্যতা / ৮৩
উলামায়ে কেরামের মতামত / ৮৩
বইটি পাঠের পর প্রথম অভিব্যক্তি / ৮৪
একটি গুরুত্বপূর্ণ বিষয় / ৮৬
অতিগুরুত্বপূর্ণ একটি বিষয়ের আলোচনা / ৮৬
উপসংহার / ৮৮
যৌথবাহিনী কর্তৃক মুসলিম নারীদের ওপর পাশবিক নির্যাতন / ৮৯

ইরাকে যৌথবাহিনীর পৈশাচিকতা / ৯২
জিহাদের বিরুদ্ধে তথ্যসন্ত্রাস / ৯৩
বিংশ শতাব্দির মুজিজা / ৯৩
শহীদের বৈশিষ্ট্যমণ্ডিত মর্যাদাবলি / ৯৪
বিষাক্ত এক কালনাগিনী ব্রিটেন / ৯৫
সবার দৃষ্টি এখন আফগানিস্তানের প্রতি / ৯৭
আফগানিস্তান নিয়ে বিষাক্ত কালনাগিনীর ষড়যন্ত্র / ৯৮
আশ্চর্য এক কারামত এক মুঠি ধূলি নিক্ষেপে কয়েকশত ট্যাংক ধ্বংশ / ৯৯
খোরাসানের জিহাদে আল্লাহর নিদর্শন / ১০১
মুজাহিদদের সাহায্যে মেঘাচ্ছন্ন আবহাওয়া / ১০৪
একজন আফগানি আলেমে দীনের ঈমান জাগানো বিবরণ :
গ্রেপ্তার হওয়া থেকে গুপ্ত কারাগার পর্যন্ত / ১০৪
মার্কিনদের বন্দিশালায় বিশাল সুসংবাদ / ১০৭
এক আহত সঙ্গীর ওপর আল্লাহর রহমত / ১০৮
আফগানদের সঙ্গে আমার পরিচয় / ১০৯
রাশিয়া পরাজিত / ১১০
এক রাশিয়ান সৈন্যের স্বীকারোক্তি : আল্লাহু আকবার ধ্বনিতে
রাশিয়ান সৈন্যের কাপড় নষ্ট / ১১৩
ফরাসি সাংবাদিকের চোখে যুদ্ধের ময়দানে অদৃশ্য ট্যাংক / ১১৩
আফগান জনগণের ট্র্যাজেডি / ১১৪
উত্তর আফগানিস্তানে আমার দেখা আল্লাহর কিছু সাহায্য / ১১৪
গুণ আফগানদের চিরসঙ্গী / ১১৬
আফগান যুবকদের থেকে আমি যা শিখেছি / ১১৬
আফগানিস্তান থেকে ফিলিস্তিন / ১১৮
কামনা আমার শাহাদাত / ১১৮
এক মুজাহিদ ভাইয়ের কারামত / ১১৯
ধর্মনিরপেক্ষতাবাদীরা কী চায় / ১২১
ইসরায়েল ধ্বংসের জন্য দুই হাজার মুজাহিদ যথেষ্ট / ১২২
আফগান জিহাদে আল্লাহর সাহায্যের নমুনা / ১২৩
এ যুদ্ধ কেবল আকিদা ও দীনকেন্দ্রিক যুদ্ধ / ১২৪
আল্লাহর সাহায্যে আফগানিস্তানের কমিউনিস্টদের পরিণাম / ১২৪
মসজিদুল আকসা পুনরুদ্ধারই মূল উদ্দেশ্য / ১২৫
জিহাদের প্রভাব / ১২৫
জিহাদভীতি / ১২৬
হেরেমে অবস্থানের চেয়ে জিহাদের পথে থাকা উত্তম / ১২৮

জিহাদের প্রতি বিদ্বেষ ছড়ানো / ১২৮
আফগানদের প্রতিরোধযুদ্ধসমূহ / ১৩০
আফগান মহিলাদের জরায়ু কর্তন / ১৩০
আন্তর্জাতিক মিডিয়ার খবরদারি / ১৩১
ইবাদত হয়ে গেল রাজনৈতিক অপরাধ / ১৩২
অবাক করা সাহায্য : রাখে আল্লাহ মারে কে / ১৩২
মিন্দরিসে আল্লাহর আশ্চর্যময় সাহায্য / ১৩৩
আফগান নেতৃবৃন্দের প্রতি আল্লাহর সাহায্য / ১৩৪
আফগানবাসীর অগ্নিপরীক্ষা / ১৩৮
রুশ সেনাদের নির্মমতায় আল্লাহর সাহায্যের বাস্তব নমুনা / ১৩৯
মরা লাশও কান্না করে / ১৫৭
এক সেনাপতি বোকা বনে যাওয়ার ঘটনা / ১৫৮

মার্কিন অত্যাচারের রক্তাক্ত দাস্তান

এক আইরিশ সাংবাদিকের হৃদয় কাঁপানো তথ্য / ১৬০
The Martyrs in Reality / ১৬৮
The Fine Examples / ১৭২
From the speeches of Dr. Abdullah Azzam (Rah.) / ১৭৭
শহীদ ড. আবদুল্লাহ আয্যাম রহ.-এর রক্তাক্ষরে লিখিত
ঐতিহাসিক অসিয়তনামা / ১৭৮
এক নজরে শহীদ শায়খ ড. আবদুল্লাহ আযযাম রহ. / ১৮৯

অলৌকিক মুজিজা ও কারামত

১. মুজিজা ও কারামত উভয়ই অলৌকিক বিষয়।

২. অলৌকিকতা সাধারণত নবীদের দ্বারা সংঘটিত হয়। কখনো কখনো আউলিয়ায়ে কেরাম ও নেককার ব্যক্তিদের দ্বারাও প্রকাশ পায়। আবার কখনো কখনো অনুরূপ বিষয় পাপি, মুশরিক ও কাফেরদের থেকেও প্রকাশ পায়।

৩. নবী আ.গণের মাধ্যমে যে অলৌকিক বিষয় প্রকাশিত হয় তাকে মুজিজা বলে, আর আউলিয়া কেরামের দ্বারা যা প্রকাশিত হয় তাকে কারামত বলে। এভাবে যদি কোনো কাফের বা পাপি ব্যক্তির দ্বারা অলৌকিকতা প্রকশ পায় তবে সেটি হবে শয়তানের কাজ।

কিছু মুজিজার মতো অলৌকিকতা যেমন আকস্মিক খাবারের উপস্থিতি, এটি আউলিয়া কেরামের দ্বারাও হতে পারে। কিন্তু পার্থক্য হলো, আউলিয়াগণ নবুওয়াতের দাবি করেন না, তারা নবীগণের অনুসারী হওয়ার দাবি করেন। তবে নবীদের দ্বারা এমন কিছু সংঘটিত হয়, যা ওলিদের দ্বারা সম্ভব নয়। যেমন কুরআন হলো নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অন্যতম মুজিজা। এটি আল্লাহ তায়ালার অন্য কোনো সৃষ্টির দ্বারা প্রকাশিত হবে না।

ইমাম নববী রহ. উল্লেখ করেন, 'আমরা জানি মুতাজিলা নামক সম্প্রদায় কারামতকে অস্বীকার করে। যদিও এটি কখনো আউলিয়া কেরামের নিজস্ব ক্ষমতা ও ইচ্ছাশক্তির দ্বারা সংঘটিত হয় না।'

উলামায়ে কেরাম ব্যাখ্যা করেন। 'মুজিজা ও কারামত কোনোটিই এমন বিষয় নয় যে নবী বা অলি ইচ্ছা করলেই তা প্রকাশিত হবে। এই অলৌকিকতা তখনই হবে, যখন আল্লাহ তায়ালা তার একক সত্তাকে প্রমাণস্বরূপ প্রকাশের ইচ্ছা করবেন। এখানে মানুষের ইচ্ছাশক্তির কোনো মূল্য নেই।'

৪. কারামত প্রকাশের দ্বারা ব্যক্তি কখনোই অন্যদের তুলনায় উৎকৃষ্ট, তা বোঝা

যায় না। কখনো কখনো কারামত মানুষের মর্যাদাকে অধঃপতিত করে। কারণ এর দ্বারা তার মধ্যে খ্যাতি ও দাম্ভিকতা প্রবেশ করতে পারে। সে কারণে আউলিয়া কেরামের দ্বারা যদি কখনো কারামত প্রকাশিত হতো, তৎক্ষণাৎ তাঁরা আল্লাহর কাছে ইসতিগফার করতেন, যেভাবে ইসতিগফার করা হয় গুনাহের কারণে। *[মাজমুউল ফাতাওয়া]*

৫. আল্লাহ তায়ালা কারামত প্রদান করেন আউলিয়া কেরামের কঠিন পরিস্থিতি থেকে মুক্তি আর শত্রুদের কাছে আল্লাহর দীনের কার্যকারিতা প্রকাশ করতে।

৬. আল্লাহর অলি তাঁরাই, যাঁরা স্বচ্ছ ঈমান ও তাকওয়ার অধিকারী, যদিও তাঁরা আল্লাহ প্রদত্ত কাশফ, আধ্যাত্মিক শক্তি অথবা কারামতের বাহক না হন।

৭. ইলম ও আমলই মানুষকে শয়তানের প্ররোচনা থেকে বিরত রেখে আল্লাহর বন্ধুতে পরিণত করে। কারামত তাদের জন্য, যারা কুরআন ও হাদিসের আনুগত্য করে, নতুবা যারা কুরআন ও হাদিসের পথ থেকে বিচ্যুত, তাদের জন্য এটি হবে শয়তানের কর্ম।

আবু ইয়াজিদ বোস্তামি রহ. বলেন, যদি তুমি কোনো মানুষকে দেখ আকাশে উড়ছে অথবা পানির ওপর দিয়ে হেঁটে যাচ্ছে, তবু তার কথা পালনযোগ্য নয়, যদি না শরিয়তের আদিষ্ট বিষয় পালন করে, আর নিষিদ্ধ কর্ম থেকে বিরত থাকে।

ইমাম শাফেয়ি রহ.-কে উদ্দেশ করে ইউনুস ইবনে আবদুল আলা রহ. বলেন, আমাদের বন্ধু লাইস ইবনে সাদ কী বলেছে, তুমি কি তা জান? সে বলেছে, যদি তুমি কোনো ব্যক্তিকে দেখ পানির উপরিভাগ দিয়ে নিজের ইচ্ছামতো হেঁটে চলে যাচ্ছে, তবু তাকে বিশ্বাস করো না।

ইমাম শাফেয়ি রহ. বললেন, লাইস এ বিষয় সম্পর্কে উত্তম জ্ঞান অর্জন করেছেন। তিনি বলেন, যদি তুমি কাউকে কোনো অবলম্বন ব্যতীত ইচ্ছামতো আকাশে উড়তে দেখ, তবু ওই ব্যক্তিকে বিশ্বাস করো না।

হযরত জুনাইদ বাগদাদি রহ. বলেন– আমাদের বিশেষ জ্ঞান কুরআন ও হাদিসের মধ্যেই সীমাবদ্ধ। সুতরাং যে ব্যক্তি কুরআন অধ্যয়ন করে না, বা নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাহ অনুযায়ী জীবন যাপন করে না, তাদের জন্য সমীচীন নয় আমাদের বিশেষ জ্ঞানের বিষয়ে বক্তব্য উপস্থাপন করে।

৮. সাহাবা রা.-এর যুগের তুলনায় পরবর্তী সময়ে বেশি কারামত প্রকাশিত হয়েছে। এর কারণ হলো, কারামতের উদ্দেশ্যই হলো মানুষের ঈমানকে মজবুত

করা, আর আল্লাহ তায়ালার সঙ্গে সম্পর্ক বৃদ্ধি করা। সাহাবায়ে কেরাম রা. নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অধিক সম্পর্কের কারণে তাঁদের ঈমান ছিল অতি মজবুত, ফলে কারামত প্রকাশের প্রয়োজন হয়নি। ইমাম আহমদ রহ.-কে জিজ্ঞেস করা হয়, সাহাবীদের সময়ের তুলনায় পরবর্তী সময়ে কারামত কেন বেশি প্রকাশিত হয়েছে? উত্তরে তিনি বলেন, তাঁদের ঈমান ছিল মজবুত।

নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সান্নিধ্যে থাকার কারণে সাহাবায়ে কেরাম রা. দীনের সঠিক জ্ঞান ও মহান আল্লাহর সঙ্গে গভীর বন্ধন তৈরি করেছিলেন। সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে মানুষের ঈমান দুর্বল হতে থাকে। ফলে আল্লাহ তায়ালা মানুষের ঈমানের শক্তিকে বৃদ্ধির জন্য কারামতের প্রকাশ ঘটান। এ বিষয়টি অতি স্পষ্ট যে আফগান জিহাদে এত বিপুলসংখ্যক কারামত প্রকাশিত হয়েছে, যা সাহাবাদের যুগের তুলনায় অধিক। এতে আশ্চর্যবোধ করার কোনো কারণ নেই।

৯. সাধারণত দেখা যায়, সাধারণ ব্যক্তিদের তুলনায় উলামায়ে কেরামের দ্বারাই কারামত বেশি প্রকাশ পায়। ইমাম নববী রহ.কে এ বিষয়টি সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, সাধারণ আবেদগণের তুলনায় উলামায়ে কেরামের মধ্যে ইখলাস (আন্তরিকতা) বেশি পাওয়া যায়, যা কারামত প্রকাশিত হওয়ার মূল উপাদান।

১০. কারামত ও মুজিজার একমাত্র পার্থক্য হলো, মুজিজা নবুওতের দলিল বহন করে। মিথ্যা নবুওতের দাবিদার কোনো ব্যক্তির দ্বারা মুজিজা প্রকাশিত হওয়া সম্ভব নয়। কখনো কখনো অলৌকিকতাকে মানুষ জাদুও মনে করে। কিন্তু কারামত ও জাদুর মধ্যে পার্থক্য হলো– আউলিয়ায়ে কেরাম কারামত প্রকাশ করে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পূর্ণ অনুসরণ ও আনুগত্যের দ্বারা, জাদুকরের মধ্যে এ গুণাবলি কখনোই পাওয়া যায় না।

অলিগণের কারামত রসূল সা.-এরই মুজিজা

প্রকৃত আউলিয়া কেরাম তাঁরাই, যাঁরা নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সকল আদর্শ অনুসরণ করেন, নিষিদ্ধ কাজ থেকে বিরত থাকেন ও শরিয়তের সব বিধান অনুযায়ী জীবন যাপনের জন্য নিজেকে প্রস্তুত রাখেন। এঁরা এমনই বান্দা, যাঁদের আল্লাহ তায়ালা ফেরেশতাদের দ্বারা সাহায্য করেন এবং আল্লাহ তায়ালার বিশেষ জ্ঞানের দ্বারা তাঁদের ধন্য করেন। তাঁদের সম্মান বৃদ্ধির জন্যই

আল্লাহ তায়ালা তাঁদের দ্বারা কারামত প্রকাশ করেন। তাঁদের কারামত হয় দীনের প্রয়োজনে নতুবা মুসলিমদের ঈমানি চেতনাকে বৃদ্ধি করতে, যেমনভাবে আম্বিয়া আ.-এর মুজিজাসমূহ সংঘটিত হয়েছিল ওই উদ্দেশ্যকে সফল করতে। অলিগণের কারামত অর্জিত হয় নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অনুসরণের বরকতে। সুতরাং অলিগণের কারামত প্রকৃতপক্ষে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মুজিজারই অন্তর্গত।

নবীজি সা.-এর মুজিজাসমূহের কিছু নমুনা

১. নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাতের ইশারায় চাঁদ দ্বিখণ্ডিত হওয়া। *[বুখারী ও মুসলিম।]*

২. নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাতের মধ্যে থেকে ছোট নুড়ি পাথরের তাসবিহ পাঠ করা। *[তিবরানি, বাজ্জার]*

৩. গাছের গুঁড়ির কন্না, যার বিস্তারিত বর্ণনা সামনে আসবে ইনশাআল্লাহ।

৪. মেরাজের রাতে বাইতুল মুকাদ্দাস সম্পর্কে সবাইকে বর্ণনা করা। হাদিস শরিফে এসেছে–

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللّٰهِ رَضِيَ اللّٰهُ عَنْهُمَا قَالَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لَمَّا كَذَّبَتْنِي قُرَيْشٌ قُمْتُ فِي الْحِجْرِ فَجَلَّى اللّٰهُ لِي بَيْتَ الْمَقْدِسِ فَطَفِقْتُ أُخْبِرُهُمْ عَنْ آيَاتِهِ وَأَنَا أَنْظُرُ إِلَيْهِ

হযরত জাবের রা. হতে বর্ণিত, নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, 'যখন কুরাইশগণ (কাফেররা) মেরাজকে অস্বীকার করল, মহান আল্লাহ তায়ালা তখন বাইতুল মুকাদ্দাসকে আমার সম্মুখে তুলে ধরলেন। আমি দেখে দেখে মানুষকে তা বর্ণনা করতে লাগলাম।' *[বুখারী ও মুসলিম।]*

৫. বহু পূর্বে ঘটে যাওয়া ঘটনা কিংবা অনাগত ভবিষ্যতের বিভিন্ন বর্ণনা, যা আল্লাহর মাধ্যমে অবগত হয়ে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রকাশ করেছেন।

৬. মহান আল্লাহ তায়ালার প্রদত্ত কিতাব বহন করা।

৭. বিভিন্ন সময় অলৌকিকভাবে খাবার ও পানির মধ্যে বরকত হওয়া। খন্দকের

যুদ্ধের সময় সামান্য খাবারই সব যোদ্ধার জন্য যথেষ্ট হয়েছিল, যে খাবার কিছুই হ্রাস পায়নি। অনুরূপভাবে, খায়বারের যুদ্ধে এক মশক পানি সব সৈন্যের পিপাসা মিটিয়েছিল।

৮. শুষ্ক স্থানে বা বিরান কূপে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আঙুলের স্পর্শে পানির স্রোত প্রবাহিত হওয়ার অসংখ্য ঘটনা আছে, যা উপস্থিত সবার জন্য যথেষ্ট হয়েছিল। বিশেষত হুদাইবিয়ার সন্ধির সময় এমনই এক শুকনো কূপ হতে তাঁর হাতের স্পর্শে পানি প্রবাহিত হয়েছিল, যা উপস্থিত সবার তৃষ্ণা মিটিয়েছিল। এ সময় সাহাবায়ে কেরামের উপস্থিতি ছিল ১৪ অথবা ১৫শ'র অধিক। *[বুখারী ও মুসলিম।]*

৯. নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাতের দ্বারা হযরত আবু কাতাবা রা.-এর চক্ষুগোলক থেকে বের হয়ে আসা চক্ষুকে আবার ভেতরে ঢুকিয়ে দেন। ফলে আগের তুলনায় তাঁর চোখের জ্যোতি অধিক বৃদ্ধি পায়। *[তিবরানি।]*

১০. একবার কাব বিন আশরাফ নামক এক ইহুদিকে হত্যা করার জন্য নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত মুহাম্মদ বিন মাসলামাহ রা.কে প্রেরণ করেন। এ সময় আহত হয়ে তাঁর পা ভেঙে যায়। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর পায়ে হাত বুলিয়ে দেন, তাঁর পা আগের মতো সুস্থ হয়ে যায়। *[বুখারী]*

১১. একবার সামান্যতম খাবার নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রায় ১৩০ জন সাহাবার মধ্যে বণ্টন করলেন, কিন্তু খাবারের পরিমাণ আগের মতোই থেকে যায়। *[বুখারী ও মুসলিম।]*

১২. নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অলৌকিকভাবে হযরত আবদুল্লাহ বিন জুবাইর রা.-এর সব ঋণ পরিশোধ করিয়ে দেন। তৎকালীন সময়ে ঋণের পরিমাণ ছিল ৩০ ওসক (প্রায় ২৭০ কেজি খেজুর), যার বিস্তারিত বর্ণনা সামনে আসবে।

অন্যান্য অলৌকিকতা

সাহাবায়ে কেরাম, তাবেইন এবং পরবর্তী সময়ে সংঘটিত অলৌকিকতার পরিমাণ এত অধিক যে, তার পরিপূর্ণ বর্ণনা উপস্থাপন যেমন কষ্টসাধ্য, তদ্রূপ তার সংখ্যা গণনা করাও দুঃসাধ্য। সেগুলো হতে নিচে কিছু উল্লেখ করা হলো–

১. একবার হযরত উসাইদ বিন হুদাইর রা. সুরা কাহাফ তেলাওয়াত করছিলেন। এসময় তিনি তাঁর মাথার ওপর মেঘ সদৃশ কিছু হালকা আলোর

আভা অনুভব করলেন। তাঁর কুরআন তেলাওয়াত চলা পর্যন্ত এটি ছিল, পরে অদৃশ্য হয়ে যায়। এরা হলো আল্লাহ তায়ালা কর্তৃক প্রেরিত ফেরেশতা। *[বুখারী ও মুসলিম।]*

২. একবার হযরত সালমান ও আবু দারদা রা. এক সঙ্গে খাবার খাচ্ছিলেন। তখন প্লেট ও খাবার উভয়ই তাসবিহ পাঠ করছিল।

৩. একবার হযরত আবু বকর রা. তিনজন অতিথিকে নিয়ে খানা খাচ্ছিলেন। তিনি ও তাঁর স্ত্রী দেখলেন, যতবারই পাত্র থেকে খাবার উঠাচ্ছিলেন ততবারই পাত্রের নিচে পূর্বের তুলনায় অধিক পরিমাণ খাবার মজুদ পাচ্ছেন। তিনি উপস্থিত সবার অনুমতি নিয়ে খাবার পাত্রটি নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে নিয়ে গেলেন। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিরাটসংখ্যক উপস্থিত সাহাবায়ে কেরামকে খানা খাওয়ালেন। *[বুখারি ও মুসলিম।]*

৪. হযরত খুবাইব বিন আদি রা. যখন মক্কা মুকাররমায় কাফেরদের কাছে বন্দি ছিলেন, তখন অলৌকিকভাবে তাঁর কাছে আঙ্গুর ফলের উপস্থিতি পেলেন, অথচ মক্কা মুকাররমায় সেই সময় আঙ্গুরের মৌসুম নয়। *[বুখারী, আবু হুরায়রা সূত্রে বর্ণিত।]*

৫. হযরত আমের বিন ফুহাইরা রা. শহীদ হওয়ার পর অলৌকিকভাবে তাঁর শরীর আকাশে উঠে যায়, কাফেররা কোথাও তাঁর শরীরের চিহ্ন খুঁজে পায়নি। ঊর্ধ্বগমনের দৃশ্যটি হযরত আমির বিন তুফাইল রা. প্রত্যক্ষ করেন।

৬. হযরত উম্মে আয়মান রা. হিযরতের উদ্দেশ্য সফর করছিলেন। এ সময় তাঁর কাছে না ছিল কোনো সম্বল, না ছিল পানি। তিনি রোজাদার ছিলেন। ইফতারের সময় নিকটবর্তী হলে তিনি শূন্যের ওপর একটি অপরিচিত আওয়াজ শুনতে পেলেন। তিনি মাথা ওপরে তুলে দেখলেন, এক কলস পানি শূন্যে ভাসমান। তিনি তৃপ্তির সহিত পানি পান করলেন। জীবনের পরবর্তী সময়গুলোতে তিনি কখনো পিপাসা অনুভব করেননি।

৭. নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আজাদ করা গোলাম হযরত সাফিনা রা. একবার একটি সিংহকে উদ্দেশ করে বলেন, তিনি আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতিনিধি। সিংহটি সুরক্ষার স্বার্থে তাঁকে গন্তব্যে পৌঁছে দেয়। *[হাকিম।]*

৮. যখনই হযরত বারা ইবনে মালেক রা. আল্লাহ তায়ালার কাছে অনুনয়-বিনয়সহ দোয়া করতেন, তৎক্ষণাৎ আল্লাহ তায়ালা তাঁর দোয়া কবুল করতেন। মুসলমানরা যুদ্ধের ময়দানে যখনই কঠিনতম অবস্থায় উপনীত হতো, হযরত

বারা রা.কে অনুরোধ করতেন দোয়ার মাধ্যমে আল্লাহ তায়ালার সাহায্য পাওয়ার জন্য। এতে শত্রুর মোকাবিলায় মুসলমানরা জয়লাভ করত। কাদিসিয়ার যুদ্ধের সময় তিনি অত্যন্ত বিনয়ের সহিত আল্লাহর কাছে দোয়া করেন, যাতে তিনি শাহাদাতবরণ করতে পারেন। সেই যুদ্ধেই তিনি শহীদ হন।

৯. একবার হযরত খালিদ বিন ওয়ালিদ রা. শত্রুদের একটি দুর্গ ঘিরে ফেলেন। বন্দিরা ইসলাম গ্রহণ করতে অস্বীকৃতি জানাল, যদি না তিনি বিষ পান করেন। হযরত খালেদ রা. বিষ পান করেন কিন্তু আল্লাহর রহমতে তিনি নিরাপদ ছিলেন।

১০. হযরত সাদ ইবনে আবি ওক্কাস রা. মুসতাজাবুদ দাওয়াহ (যার দোয়া সাথে সাথে কবুল করা হয়) ছিলেন। তিনিই সেই ব্যক্তি, যিনি পারস্য ও ইরাকযুদ্ধে জয়লাভ করেন।

১১. হযরত ওমর রা. কোনো এক যুদ্ধে হযরত সারিয়া রা.-এর নেতৃত্বে একদল সেনাবাহিনী প্রেরণ করেন। কোনো একপর্যায়ে হযরত ওমর রা. মদীনা মুনাওয়ারা মসজিদে জুমার খুতবা দিচ্ছিলেন। খুতবা চলাকালীন তিনি উচ্চ আওয়াজে বললেন– يَا سَارِيَةُ الْجَبَلَ يَا سَارِيَةُ الْجَبَلَ 'হে সারিয়া, পাহাড়ের দিকে দেখ! পাহাড়ের দিকে দেখ!' যখন সৈন্যবাহিনী যুদ্ধ হতে ফিরে এল, হযরত সারিয়া রা. বললেন, আমিরুল মুমিনীন! যখন চতুর্দিক থেকে শত্রুরা আমাদের ওপর আক্রমণ করার প্রস্তুতি নিচ্ছিল, হঠাৎ আমরা শুনতে পেলাম কেউ একজন চিৎকার করে বলছে, হে সারিয়া, পাহাড়ের দিকে দেখ! এরপর আমরা পাহাড়ে আরোহণ করে শত্রুবাহিনীর সঙ্গে তীব্র লড়াই করে আল্লাহর রহমতে জয়লাভ করি। *[বায়হাকি।]*

১২. হযরত জুনাইরা রা.-কে ইসলাম গ্রহণের কারণে অমানবিক ও পাশবিক নির্যাতন করা হয়েছিল, তবু তিনি ধর্ম ত্যাগ করেননি। নির্যাতনের কারণে তিনি দৃষ্টিশক্তি হারিয়েছিলেন। মুশরিকরা বলতে লাগল, 'লাত ও উজ্জা (দুটি মূর্তির নাম) তার দৃষ্টিশক্তি কেড়ে নিয়েছে।' উত্তরে তিনি আল্লাহর শপথ করে বললেন, কখনোই নয়। তৎক্ষণাৎ আল্লাহ তায়ালা তাঁর দৃষ্টিশক্তি ফিরিয়ে দেন।

১৩. ওরওয়া বিনতে হিকাম একবার হযরত সাদ বিন জায়েদ রা.-এর বিরুদ্ধে গিয়া অভিযোগ পেশ করল যে, তিনি ওরওয়ার জমি জোরপূর্বক ছিনিয়ে নিয়েছেন। এ কথা শুনে তিনি ওরওয়াকে অভিশাপ দিলেন। হে আল্লাহ, যদি সে (ওরওয়া) মিথ্যাবাদী হয় তবে তার দৃষ্টি অন্ধ করে দাও, আর তার জমিনেই তার মৃত্যুর কারণ ঘটাও। এতে সে অন্ধ হয়ে যায় এবং একাকী নিজের জমিনের

ওপর দিয়ে হাঁটার সময় একটি গর্তে পড়ে তার মৃত্যু হয়।

১৪. নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাহরাইনের গভর্নর হিসেবে হযরত আলা ইবনে হাজরামি রা.কে নিযুক্ত করেছিলেন। যখন তিনি দোয়া করতেন, তখন আল্লাহ তায়ালার প্রশংসা করে বলতেন, হে আল্লাহ, সবচেয়ে জ্ঞানী, মহান, দয়াময়, দাতা! এভাবে দোয়ার কারণে তাঁর দোয়া কবুল হতো। একবার বাহরাইনে পানির প্রচণ্ড অভাব হয়। তাঁর দোয়ার বরকতে আল্লাহ তায়ালা পানির অভাব পূর্ণ করেন।

একবার যখন মুসলিমরা ঘোড়াসহ খরস্রোতা নদী পার হতে পারছিলেন না, তখন তিনি দোয়া করেন। দোয়ার বরকতে সব মুসলিম ঘোড়াসহ নদী পার হলেন কিন্তু তাদের ঘোড়ার একটি পশমও সিক্ত হয়নি। তিনি সবসময় দোয়া করতেন, যাতে তাঁর মৃত্যুর পর কেউ তাঁর শরীর দেখতে না পায়। তাঁর মৃত্যুর পর যথারীতি তাঁকে কবরে দাফন করা হয় কিন্তু পরবর্তী সময়ে কবরে তাঁর লাশ পাওয়া যায়নি।

অনুরূপ একটি ঘটনা ঘটেছিল হযরত আবু মুসলিম খাওলানি ও তাঁর সৈন্যবাহিনীর বেলায়। এসময় তারা টাইগ্রিস নদীর খরস্রোতা ও গভীর পানির পথ পাড়ি দিয়েছিলেন। নদীর ওপারে পৌঁছে সঙ্গীদের উদ্দেশ করে বললেন, তোমাদের কেউ কি পানির মধ্যে কোনো জিনিস হারিয়ে ফেলেছ? হারিয়ে থাকলে আমাকে অবগত করো, আমি আল্লাহ তায়ালার কাছে তা পাওয়ার জন্য দোয়া করব। একজন বলল, আমার ঘোড়ার মুখের বনুনি পাওয়া যাচ্ছে না। তিনি বললেন, আমাকে অনুসরণ করো! সে তাঁকে অনুসরণ করল এবং পানির মধ্যে সেই বস্তুটি পাওয়া গেল।

১৫. মিথ্যা নবুওয়তের দাবিদার আসওয়াদ আনাসি একদা হযরত আবু মুসলিম খাওলানিকে জিজ্ঞেস করল, তুমি কি বিশ্বাস করো যে আমি আল্লাহর রাসুল? উত্তরে তিনি বলেন, কখনোই না। পুনরায় তাঁকে জিজ্ঞেস করল, তুমি কি এই সাক্ষ্য দেবে যে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রাসুল? উত্তরে তিনি বলেন, হ্যাঁ, অবশ্যই। তৎক্ষণাৎ আসওয়াদ তাঁকে আগুনে নিক্ষেপ করে। আল্লাহ তায়ালার কী অপার কুদরত, উপস্থিত সবাই দেখল, তিনি আগুনের মধ্যে শান্তির সঙ্গে নামাজে দাঁড়িয়ে আছেন।

নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ইন্তিকালের পর যখন হযরত আবু মুসলিম খাওলানি রা. মদীনায় আগমন করেন, তখন তাঁকে হযরত ওমর রা. ও হযরত আবু বকর রা.-এর মধ্যস্থানে বসিয়ে ওমর রা. বলেন–

الْحَمْدُ لِلَّهِ الَّذِي لَمْ يُمِتْنِي حَتَّى أَرَى مِنْ أُمَّةِ مُحَمَّدٍ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ فُعِلَ بِهِ كَمَا فُعِلَ بِإِبْرَاهِيمَ خَلِيلِ اللهِ.

'সব প্রশংসা মহান আল্লাহ তায়ালার জন্য, যিনি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উম্মতের মধ্যে ওই ব্যক্তিকে জীবিত রেখেছেন, যিনি হযরত ইবরাহিম আ.-এর অনুরূপ অভিজ্ঞতা অর্জন করেছেন।'

আরো কিছু উদাহরণ

সুরাকা বিন মালিকের ঘটনা

এক দীর্ঘ হাদীসে হযরত আবু বকর সিদ্দিক রা. হিজরত রজনীর বর্ণনা দেন। সেখানে সুরাকা বিন মালিকের ঘটনা উঠে আসে–

عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ قَالَ أَبُو بَكْرٍ الصِّدِّيقُ رَضِيَ اللهُ عَنْهُمَا: وَاتَّبَعَنَا سُرَاقَةُ بْنُ مَالِكٍ فَقُلْتُ أُتِينَا يَا رَسُولَ اللهِ فَقَالَ: {لَا تَحْزَنْ إِنَّ اللهَ مَعَنَا} فَدَعَا عَلَيْهِ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَارْتَطَمَتْ بِهِ فَرَسُهُ إِلَى بَطْنِهَا، أُرَى فِي جَلَدٍ مِنَ الْأَرْضِ شَكَّ زُهَيْرٌ فَقَالَ إِنِّي أُرَاكُمَا قَدْ دَعَوْتُمَا عَلَيَّ فَادْعُوا لِي، فَاللهُ لَكُمَا أَنْ أَرُدَّ عَنْكُمَا الطَّلَبَ. فَدَعَا لَهُ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَنَجَا. متفق عليه

হযরত আবু বকর সিদ্দিক রা. থেকে বর্ণিত, হিজরতের সময় সুরাকা আমাদের অনুসরণ করে। আমি বললাম, হে রাসুলুল্লাহ! সুরাকা আসছে। নবীজি বললেন, ভয় করো না, আল্লাহ আমাদের সঙ্গে আছেন। অতঃপর নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দোয়া করলেন, সুরাকার ঘোড়ার পা মাটির মধ্যে ডুবে গেল। সে চিৎকার করে বলতে লাগল, আমি দেখেছি তোমরা দুজন আমাকে অভিশাপ দিয়েছ। দয়া করে আমার জন্য দোয়া করো। আল্লাহর কসম, যারা তোমাদের অনুসন্ধান করছে, আমি তাদেরকে ফিরিয়ে নিয়ে যাব। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দোয়ার বরকতে সুরাকা বিপদ মুক্ত হলো। *[বুখারী, হাদীস নং ৩৬১৫, মুসলিম।]*

মুমিনদের সাহায্যের জন্য আসমান থেকে ফেরেশতা অবতরণ

হযরত ইবনে আব্বাস রা. বর্ণনা করেন–

عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا: أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ يَوْمَ بَدْرٍ هَذَا جِبْرِيلُ آخِذٌ بِرَأْسِ فَرَسِهِ عَلَيْهِ أَدَاةُ الْحَرْبِ.

বদরের যুদ্ধের দিন নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ওই যে জিবরাইল, যুদ্ধের সাজে সজ্জিত হয়ে যে ঘোড়ার পিঠের ওপর লাগাম টেনে আছে। *[বুখারী, হাদীস নং ৩৯৯৫।]*

অন্য এক হাদিসে হযরত সাদ বিন আবি ওয়াক্কাস রা. বর্ণনা করেন–

عَنْ سَعْدٍ قَالَ رَأَيْتُ عَنْ يَمِينِ رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَنْ شِمَالِهِ يَوْمَ أُحُدٍ رَجُلَيْنِ عَلَيْهِمَا ثِيَابُ بَيَاضٍ مَا رَأَيْتُهُمَا قَبْلُ وَلَا بَعْدُ يَعْنِي جِبْرِيلَ وَمِيكَائِيلَ عَلَيْهِمَا السَّلَام.

উহুদের যুদ্ধের দিন আমি নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ডান ও বাম পাশে যুদ্ধের সাজে সজ্জিত অতীব সুন্দর দুজন যোদ্ধাকে দেখতে পেলাম। এরূপ সুন্দর ব্যক্তি আমি আগেও দেখিনি, পরেও দেখিনি। তাঁরা ছিলেন হযরত জিবরাইল ও মিকাইল আ.। *[বুখারী, মুসলিম, হাদীস নং ১১৬৮]*

অন্য এক হাদিসে এসেছে–

عَنْ عَبْدِ اللهِ بنُ عَبَّاسٍ قَالَ: بَعَثَ الْعَبَّاسَ بِعَبْدِ اللهِ إِلَى رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّم فِيْ حَاجَةٍ فَوَجَدَ مَعَهُ رَجُلاً فَرَجَعَ وَلَمْ يُكَلِّمْهُ. فَقَالَ: رَأَيْتَهُ ؟ قَالَ: نَعَمْ. قَالَ: ذَاكَ جِبْرِيْلُ. أَمَا إِنَّهُ لَنْ يَمُوْتَ حَتَّى يَذْهَبَ بَصَرَهُ وَيُؤْتَى عِلْمًا. روى أحمد والطبراني

হযরত আব্বাস রা. একদা তাঁর সন্তান আবদুল্লাহ রা.কে কোনো এক প্রয়োজনে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে প্রেরণ করেন। কিন্তু তিনি (আবদুল্লাহ)

নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এক ব্যক্তির সঙ্গে কথা বলতে দেখলেন। এতে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে কথা না বলেই ফিরে এলেন। আব্বাস রা. জিজ্ঞেস করলেন, তুমি কি সেই ব্যক্তিকে দেখেছ? তিনি বললেন, হ্যাঁ। আব্বাস রা. বললেন, তিনিই জিবরাইল আ.। যে তাঁকে (জিবরাইলকে) একবার দেখে, মৃত্যু পর্যন্ত তার দৃষ্টিশক্তি লোপ পায় না এবং সে গভীর জ্ঞানপ্রাপ্ত হয়।

এ কথা প্রসিদ্ধ যে হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রা.-কে সব সাহাবার মধ্যে حبر الامة বা উম্মতের সবচেয়ে বড় জ্ঞানী বলা হয়। বৃদ্ধ বয়সেও তাঁর দৃষ্টিশক্তি সামান্য পরিমাণও লোপ পায়নি। ফলে তাঁর বাবার ভবিষ্যদ্বাণী সত্য হয়।

হযরত সাহল রা. তাঁর পুত্র আবু উবামাহ রা.কে বললেন–

عَنْ أَبِي أُمَامَةَ بْنِ سَهْلٍ قَالَ، قَالَ لِي أَبِي: يَا بُنَيَّ! لَقَدْ رَأَيْتَنَا يَوْمَ بَدْرٍ وَإِنَّ أَحَدَنَا يُشِيرُ بِسَيْفِهِ إِلَى رَأْسِ الْمُشْرِكِ فَيَقَعُ رَأْسُهُ عَنْ جَسَدِهِ قَبْلَ أَنْ يَصِلَ إِلَيْهِ. دلائل النبوة للبيهقي

হে আমার পুত্র! তুমি বদরের ময়দানে আমাদেরকে দেখেছ। আমাদের তরবারি মুশরিকদের জন্য নির্ধারিত ছিল। আমাদের তরবারি মুশরিকদের মাথার কাছে পৌঁছার আগেই তাদের মাথা দ্বিখণ্ডিত হয়ে জমিনের ওপর পতিত হতো। *[দালায়িলুন নাবুওয়াহ ৩:৪২]*

এক হাদীসে হযরত আনাস রা. বর্ণনা করেন–

عَنْ أَنَسٍ، أَنَّ رَجُلًا كَانَ يَكْتُبُ لِلنَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَارْتَدَّ عَنِ الإِسْلَامِ، وَلَحِقَ بِالْمُشْرِكِينَ، فَمَاتَ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ الأَرْضَ لَا تَقْبَلُهُ. قَالَ أَنَسٌ: فَأَخْبَرَنِي أَبُو طَلْحَةَ أَنَّهُ أَتَى الأَرْضَ الَّتِي مَاتَ فِيهَا، فَوَجَدَهُ مَنْبُوذًا. قَالَ أَبُو طَلْحَةَ: مَا شَأْنُ هَذَا؟ فَقَالُوا: قَدْ دَفَنَّاهُ مِرَارًا، فَلَمْ تَقْبَلْهُ الأَرْضُ.

এক ব্যক্তি নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অহি লেখক ছিল। অতঃপর সে মুরতাদ হয়ে (স্বধর্মত্যাগী,

নাউজুবিল্লাহ) মুশরিকদের দলভুক্ত হয়ে গেল।* সে মারা গেলে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার ব্যাপারে ভবিষ্যদ্বাণী করেন যে, পৃথিবী তার মৃতদেহ গ্রহণ করবে না। আনাস রা. বলেন, আমরা অনেকবার চেষ্টা করেছি তাকে কবরস্থ করার; কিন্তু জমিন তাকে গ্রহণ করেনি (কবরে রাখামাত্র তার শরীর উপরে উঠে যায়)। *[বুখারী ও মুসলিম, মিশকাত, হাদীস নং ৫৮৯৮]*

খেজুরগাছের গুঁড়ির কান্না

عن جَابِرَ بْنَ عَبْدِ اللهِ قَالَ كَانَ جِذْعٌ يَقُومُ إِلَيْهِ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ. فَلَمَّا وُضِعَ لَهُ الْمِنْبَرُ سَمِعْنَا لِلْجِذْعِ مِثْلَ أَصْوَاتِ الْعِشَارِ حَتَّى نَزَلَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَضَعَ يَدَهُ عَلَيْهِ

নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমার নামাজের খুতবার সময় শুকনো খেজুরগাছের একটি গুঁড়ির সঙ্গে হেলান দিতেন। যখন মিম্বর তৈরি করা হয় এবং নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথমবারের মতো তাতে আরোহণ করেন, তখন গাছের গুঁড়িটি শিশুর মতো ক্রন্দন করতে থাকে। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার ওপর হাত বুলিয়ে সান্ত্বনা দিলেন। এতে তার কান্না থেমে যায়। *[বুখারী, হাদীস নং ৯১৮]*

হযরত জাবির রা.-এর পিতার ঋণ পরিশোধ

عَنْ الشَّعْبِيِّ قَالَ حَدَّثَنِي جَابِرُ بْنُ عَبْدِ اللهِ رَضِيَ اللهُ عَنْهُمَا أَنَّ أَبَاهُ اسْتُشْهِدَ يَوْمَ أُحُدٍ وَتَرَكَ عَلَيْهِ دَيْنًا وَتَرَكَ سِتَّ بَنَاتٍ فَلَمَّا حَضَرَ جِزَازُ النَّخْلِ قَالَ أَتَيْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ قَدْ عَلِمْتَ أَنَّ

---

* বিভিন্ন হাদীস হতে জানা যায়, সুরা বাকারা ও আলে ইমরানে রাসুল সা. তাকে غَفُوْرًا رَحِيْمًا লিখতে বলেন, কিন্তু সে লেখে عَلِيْمًا حَكِيْمًا। রাসুল সা. তাকে সতর্ক করে দেয়ার পরও সে তার স্থানে অনড় থাকে।

وَالِدِي قَدْ اسْتُشْهِدَ يَوْمَ أُحُدٍ وَتَرَكَ دَيْنًا كَثِيرًا وَإِنِّي أُحِبُّ أَنْ يَرَاكَ الْغُرَمَاءُ فَقَالَ اذْهَبْ فَبَيْدِرْ كُلَّ تَمْرٍ عَلَى نَاحِيَةٍ فَفَعَلْتُ ثُمَّ دَعَوْتُهُ فَلَمَّا نَظَرُوا إِلَيْهِ كَأَنَّهُمْ أُغْرُوا بِي تِلْكَ السَّاعَةَ فَلَمَّا رَأَى مَا يَصْنَعُونَ أَطَافَ حَوْلَ أَعْظَمِهَا بَيْدَرًا ثَلَاثَ مَرَّاتٍ ثُمَّ جَلَسَ عَلَيْهِ ثُمَّ قَالَ ادْعُ لِي أَصْحَابَكَ فَمَا زَالَ يَكِيلُ لَهُمْ حَتَّى أَدَّى اللَّهُ عَنْ وَالِدِي أَمَانَتَهُ وَأَنَا أَرْضَى أَنْ يُؤَدِّيَ اللَّهُ أَمَانَةَ وَالِدِي وَلَا أَرْجِعَ إِلَى أَخَوَاتِي بِتَمْرَةٍ فَسَلَّمَ اللَّهُ الْبَيَادِرَ كُلَّهَا وَحَتَّى إِنِّي أَنْظُرُ إِلَى الْبَيْدَرِ الَّذِي كَانَ عَلَيْهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَأَنَّهَا لَمْ تَنْقُصْ تَمْرَةً وَاحِدَةً

হযরত জাবির রা. বর্ণনা করেন, আমার পিতা উহুদ যুদ্ধে শহীদ হন এবং বিরাট ঋণের বোঝা রেখে যান। এ ঋণ পরিশোধের মতো সামর্থ্য আমার ছিল না; আমার কাছে পিতার রেখে যাওয়া অল্প কিছু খেজুর ছিল। ঋণ পরিশোধের সময় হলে আমি নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে গিয়ে আমার অবস্থা তুলে ধরি। তিনি আমাকে বললেন, খেজুরগুলো পৃথক পৃথক স্থানে স্তূপ করে রাখ। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সব থেকে বড় খেজুরের স্তূপের চারদিকে তিনবার প্রদক্ষিণ করলেন, অতঃপর এক স্থানে বসে গেলেন। তিনি বললেন, পাওনাদারদের ডাক। এরপর একের পর এক পাওনাদার তাদের ঋণের পরিমাণ হিসাব করে বড় স্তূপ থেকে খেজুর নিচ্ছিল। আমি খুবই সন্তুষ্ট ও আনন্দিত হচ্ছিলাম যে, আজ সব পাওনা পরিশোধ হয়ে যাচ্ছে। আল্লাহ তায়ালার অসীম কৃপা, নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে স্তূপের কাছে বসেছিলেন, সেই স্তূপের একটি খেজুরও হ্রাস পায়নি। *[বুখারী, হাদীস নং ৪০৫৩]*

নবীজি সা.-এর আহবানে একগুচ্ছ খেজুরের সাড়া দেওয়া

عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: جَاءَ أَعْرَابِيٌّ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ: بِمَ أَعْرِفُ أَنَّكَ نَبِيٌّ؟ قَالَ: إِنْ دَعَوْتُ هَذَا الْعِذْقَ مِنْ هَذِهِ النَّخْلَةِ

أَتَشْهَدُ أَنِّي رَسُولُ اللهِ ؟ فدعاه رسولُ الله صلى الله عليه وسلم فَجَعَلَ يَنْزِلُ مِنَ النَّخْلَةِ حَتَّى سَقَطَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم ثُمَّ قَالَ ارْجِعْ فَعَادَ فَأَسْلَمَ الأَعْرَابِيُّ.

হযরত ইবনে আব্বাস রা. বলেন, একদা এক বেদুইন এসে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলল, 'কীভাবে বুঝবো যে, আপনি নবী?' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন– 'এই খেজুর গাছটির ঐ খেজুর-গুচ্ছকে যদি আমি এখানে ডেকে আনি তাহলে কি তুমি সাক্ষ দেবে যে আমি আল্লাহর রাসূল?' অতঃপর তিনি গাছে ঝুলন্ত খেজুরের একটি গুচ্ছকে কাছে ডাকলেন। তৎক্ষণাৎ খেজুরগুচ্ছ নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাতের মধ্যে চলে আসে। (কিছুক্ষণ হাতে ধারণের পর) নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ফিরে যাও। খেজুরগুচ্ছ নিজ স্থানে ফিরে গেল। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এই মুজিজা দেখে ঐ বেদুইন ইসলাম গ্রহণ করল। *[তিরমিযি, হাদিস নং ৩৭০৮]*

হযরত আবু হুরাইয়া রা.-এর খেজুরের থলে

عن أَبِي هُرَيْرَةَ، قَالَ: أَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم بِتَمَرَاتٍ، فَقُلت: يَا رَسُولَ اللهِ ادْعُ اللهَ فِيهِنَّ بِالْبَرَكَةِ فَضَمَّهُنَّ، ثُمَّ دَعَا لِي فِيهِنَّ بِالْبَرَكَةِ، فَقَالَ لِي: خُذْهُنَّ فَاجْعَلْهُنَّ فِي مِزْوَدِكَ هَذَا أَوْفِي هَذَا الْمِزْوَدِ كُلَّمَا أَرَدْتَ أَنْ تَأْخُذَ مِنْهُ شَيْئًا فَأَدْخِلْ فِيهِ يَدَكَ فَخُذْهُ وَلاَ تَنْثُرْهُ نَثْرًا، فَقَدْ حَمَلْتُ مِنْ ذَلِكَ التَّمْرِ كَذَا، وَكَذَا مِنْ وَسْقٍ فِي سَبِيلِ اللهِ وَكُنَّا نَأْكُلُ مِنْهُ وَنُطْعِمُ، وَكَانَ لاَ يُفَارِقُ حِقْوِي حَتَّى كَانَ يَوْمُ قَتْلِ عُثْمَانَ فَإِنَّهُ انْقَطَعَ. وَفِي رِوَايَةٍ قَالَ أَبُو هُرَيْرَة :فَأَكَلْتُ مِنْهُ زَمَنَ النبي صلى الله عَلَيْهِ وَسَلَّم وَزَمَنَ أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ رضي الله عَنْهُمْ. فَلَمَّا قُتِلَ عُثمان انْتَهَبَ

مَا فِي يَدِيْ وَانْتَهَبَ مَا فِي المزود. أَلَا أُخْبِرُكُمْ كَمْ أَكَلْتُ مِنْهُ؟ أَكْثَرَ مِنْ مِائَتَيْ وَسَقٍ.

আবু হুরাইয়া রা. বর্ণনা করেন, আমি সামান্য কিছু খেজুর নিয়ে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এসে বললাম, ইয়া রাসুলাল্লাহ, দোয়া করুন আল্লাহ তায়ালা যেন এই খেজুরে বরকত দান করেন। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাতের মুঠোয় খেজুর নিয়ে দোয়া করলেন। অতঃপর তিনি বললেন, এই খেজুরগুলোকে তোমার গোপন থলের মধ্যে রেখে দাও। যখনই তোমার প্রয়োজন হবে এর থেকে খেজুর বের করবে, কিন্তু কখনোই গণনা করবে না। আবু হুরাইয়া রা. বলেন, নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সেই দোয়ার সময় থেকে উসমান রা.-এর যুগ পর্যন্ত এই থলে থেকে আমি খেজুর খেয়েছি। যখন উসমান রা. শহীদ হলেন, তখন খেজুরের ব্যাগটি খালি হয়ে যায়। কত পরিমাণ খেজুর আমি ভক্ষণ করেছি তার সংখ্যা নির্দিষ্ট নয়। তবে সম্ভবত ২০০ ওসাক বা ৮০০ কেজির অধিক পরিমাণ হবে। *[তিরমিযি, হাদীস নং ২৯২৮]*

কুয়ায় পতিত ব্যক্তিদের প্রতি নবীজি সা.-এর উক্তি

বদরের যুদ্ধের পরে একটি বিরান কূপে কাফেরদের মৃতদেহ ফেলে দেওয়া হয়। কোনো এক-সময় সেই কূপের পাশ দিয়ে গমনের সময় নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মৃত বক্তিদের উদ্দেশে বলেন, হে অমুকে ছেলে অমুক, হে অমুকের ছেলে অমুক! তোমরা কি আল্লাহর কৃত ওয়াদা সত্য পাওনি? নবীজি জানান, তারা জানিয়েছে, নিশ্চয় আল্লাহ তায়ালা আমাদের সাথে যে ওয়াদা করেছেন তা বাস্তবায়িত হয়েছে। ওমর রা. জিজ্ঞেস করলেন, ইয়া রাসুলাল্লাহ! আত্মা ব্যতীত মৃত শরীর কীভাবে আপনার সাথে কথা বলবে? উত্তরে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ওমর! তুমি তাদের চেয়ে উত্তম শ্রবণকারী নও। তারাও তোমার মতো শুনতে পাচ্ছে, কিন্তু উত্তর দিতে পারে না। উলামায়ে কেরাম উল্লেখ করেছেন, এটি নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একটি মুজিজা। সাধারণ রীতি হলো, মৃত ব্যক্তিরাও শুনতে পায়, কিন্তু উত্তর দিতে পারে না। এখানে মৃত ব্যক্তি কর্তৃক উত্তর প্রদান ছিল

রাসুলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মুজিজা। আল্লাহ্ তায়ালাই সবচেয়ে ভালো জানেন। *[বুখারী, মুসলিম ও মিরকাত শরহে মিশকাত]*

আল্লাহ প্রদত্ত নূর

হযরত আবু সাইদ খুদরি রা. হতে বর্ণিত, তিনি বলেন–

عن أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ: أَنَّ أُسَيْدَ بْنَ حُضَيْرٍ بَيْنَمَا هُوَ لَيْلَةً يَقْرَأُ فِي مِرْبَدِهِ إِذْ جَالَتْ فَرَسُهُ فَقَرَأَ ثُمَّ جَالَتْ أُخْرَى فَقَرَأَ ثُمَّ جَالَتْ أَيْضًا قَالَ أُسَيْدٌ فَخَشِيتُ أَنْ تَطَأَ يَحْيَى فَقُمْتُ إِلَيْهَا فَإِذَا مِثْلُ الظُّلَّةِ فَوْقَ رَأْسِي فِيهَا أَمْثَالُ السُّرُجِ عَرَجَتْ فِي الْجَوِّ حَتَّى مَا أَرَاهَا قَالَ فَغَدَوْتُ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ بَيْنَمَا أَنَا الْبَارِحَةَ مِنْ جَوْفِ اللَّيْلِ أَقْرَأُ فِي مِرْبَدِي إِذْ جَالَتْ فَرَسِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اقْرَأْ ابْنَ حُضَيْرٍ قَالَ فَقَرَأْتُ ثُمَّ جَالَتْ أَيْضًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اقْرَأْ ابْنَ حُضَيْرٍ قَالَ فَقَرَأْتُ ثُمَّ جَالَتْ أَيْضًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اقْرَأْ ابْنَ حُضَيْرٍ قَالَ فَانْصَرَفْتُ وَكَانَ يَحْيَى قَرِيبًا مِنْهَا خَشِيتُ أَنْ تَطَأَهُ فَرَأَيْتُ مِثْلَ الظُّلَّةِ فِيهَا أَمْثَالُ السُّرُجِ عَرَجَتْ فِي الْجَوِّ حَتَّى مَا أَرَاهَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تِلْكَ الْمَلَائِكَةُ كَانَتْ تَسْتَمِعُ لَكَ وَلَوْ قَرَأْتَ لَأَصْبَحَتْ يَرَاهَا النَّاسُ مَا تَسْتَتِرُ مِنْهُمْ.

একদা সন্ধ্যায় হযরত উসাইদ বিন হুদাইর রা. তাঁর পশুর খোঁয়াড়ের পাশে বসে কুরআন তেলাওয়াত করছিলেন। খোঁয়াড়ে রাখা ঘোড়াটি বিক্ষিপ্তভাবে এদিক-সেদিক আবর্তন করছিল। এ অবস্থা দেখেও তিনি তেলাওয়াত চালিয়ে যাচ্ছিলেন। এরপর তিনি বলেন– হঠাৎ আমি চিন্তা করলাম, ঘোড়া দড়ি ছিঁড়ে বাইরে বেরিয়ে গেলে আমার সন্তান ইয়াহইয়া পদপিষ্ট হতে পারে। আমি তেলাওয়াত বন্ধ করে খোঁয়াড়ে ঢুকে দেখতে পেলাম, ঘোড়ার উপরিভাগে মেঘসদৃশ আলোকময় কিছু ওপরে উঠে যাচ্ছে, যা দেখে ঘোড়া ভীত

হয়েছে। আমি সকালে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বিষয়টি অবগত করলাম। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তারা ছিল ফেরেশতা, তোমার কুরআন তেলাওয়াত শ্রবণ করছিল। যদি তুমি তোমার পড়া চালিয়ে যেতে তাহলে আশপাশের মানুষও খালি চোখে সকালবেলায় তাদের দেখতে পেত। *[বুখারী ও মুসলিম, হাদীস নং ২১১৬]*

হযরত আনাস বিন মালিক রা. বর্ণনা করেন–

عَنْ أَنَسٌ أَنَّ رَجُلَيْنِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَا مِنْ عِنْدِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي لَيْلَةٍ مُظْلِمَةٍ وَمَعَهُمَا مِثْلُ الْمِصْبَاحَيْنِ يُضِيئَانِ بَيْنَ أَيْدِيهِمَا فَلَمَّا افْتَرَقَا صَارَ مَعَ كُلِّ وَاحِدٍ مِنْهُمَا وَاحِدٌ حَتَّى أَتَى أَهْلَهُ. (وفي رواية و هما عباد بن بشر وأسيد بن حضير رضي الله عنهما)

এক রাতে হযরত উসাইদ বিন হুদাইর রা. ও আব্বাদ বিন বিশার রা. নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দরবারে উপস্থিত ছিলেন। যখন তাঁরা দরবার থেকে প্রস্থান করলেন, তখন চারদিক ছিল ভীষণ অন্ধকার। হঠাৎ ওপর থেকে আলোর বিচ্ছুরণ তাঁদের চারপাশ আলোকিত করে দিল। তাঁরা একে অন্যের থেকে পৃথক হয়ে যাওয়ার পরও বাড়ি পৌঁছানোর আগ পর্যন্ত সেই আলো তাঁদের প্রত্যেকের সঙ্গে ছিল। *[বুখারী, হাদীস নং ৪৬৫ ও ৩৬৩৯, মুসলিম]*

হযরত আবু কাতাদা রা.-কে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একটি খেজুরের শাখা প্রদান

একবার এশার নামাজের পর নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত আবু কাতাদা রা.-কে একটি খেজুরের শাখা হাতে দিয়ে বললেন, তুমি এটি রাখ, শিঘ্রই তোমার সামনে ও পেছনের ১০ দূরত্ব পর্যন্ত এই শাখা থেকে আলো নির্গত হবে। [উক্ত হাদিসে ১০-এর দ্বারা হাত বা গজ বা অন্য কী উদ্দেশ্য, তা পাওয়া যায়নি]

তাহলিল ও তাকবিরের আওয়াজেও শত্রুর আসন চূর্ণবিচূর্ণ হয়

হযরত হিসাম বিন আস বলেন, যখন আমাদের রোম সম্রাটের কাছে কালেমার দাওয়াত দিয়ে পাঠানো হয়, আমরা বারবার সম্রাটকে বলি, আপনি পড়ুন 'লা ইলাহা ইল্লাল্লাহু, আল্লাহু আকবার', কিন্তু সে দাওয়াত গ্রহণ করে না। আমরা একদিকে তাহলিল (ইলাহা ইল্লাল্লাহু বলা) অপরদিকে তাকবির (আল্লাহু আকবার বলা) দিয়ে যাচ্ছিলাম। একপর্যায়ে তার সিংহাসন ভেঙে চূর্ণবিচূর্ণ হয়ে যায়। আল্লাহ তায়ালাই উত্তম জানেন। *[বায়হাকি, ইবনে কাসির, হায়াতুস সাহাবা]*

হযরত হামজা বিন আমর আল আসলামি রা. বলেন– 'একদা আমরা নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে এক ময়দানে ছিলাম। গভীর অন্ধকারময় রাতে একপর্যায়ে আমরা একে অপরের থেকে বিচ্ছিন্ন হয়ে পড়লাম। হঠাৎ আমার তর্জনি আঙুলের সম্মুখ থেকে আলো বিচ্ছুরিত হতে লাগল, সেই আলোয় সবাই আমরা একত্র হলাম।' উল্লেখ্য, হযরত হামজা রা. প্রচুর রোজা রাখতেন। *[বুখারী, আল বিদায়া ওয়ান-নিহায়া]*

আবু বকর রা.-এর কারামত

قَالَ أَبُوْ بَكْرٍ لِعَائِشَةَ فِيْ مَرَضِ مَوْتِهِ: إِنَّمَا هُمَا أَخَوَانِ وَأُخْتَانِ فَتَعَجَّبَتْ عَائِشَةُ رَضِيَ اللهُ عَنْهَا. لِأَنَّ لَهَا أَخَوَانَ وَأُخْتٌ وَاحِدَةٌ؟ فَأَشَارَ أَبُوْ بَكْرٍ إِلَى حَمَلِ زَوْجَتِهِ بِنْتُ خَارِجَةَ. فَقَالَ: أُرَاهَا تَحْمِلُ بِنْتًا. فَكَانَتْ كَذَلِكَ.

হযরত আবু বকর রা. মৃত্যু শয্যায় তাঁর মেয়ে হযরত আয়েশা রা.কে তাঁর অপর দুই ভাই ও দুই বোনের কথা স্মরণ করিয়ে দেন। এতে আয়েশা রা. বিস্মিত হলেন। কেননা তাঁর দুই ভাই ও এক বোন রয়েছে (মুহাম্মাদ বিন আবু বকর, আব্দুর রহমান বিন আবু বকর ও আসমা বিনতে আবু বকর রা.)। আবু বকর রা. তাঁর স্ত্রী 'বিনতে খারিজা'-এর গর্ভের দিকে ইশারা করে বললেন, আমি দেখতে পাচ্ছি, সে কন্যা সন্তান বহন করছে। অতঃপর যখন সন্তান ভূমিষ্ঠ হল, তদ্রূপই পাওয়া গেল। *[মুয়াত্তায়ে মালেক]*

হযরত আবু কিরসাফা রা.

عَنْ عَزَّةُ بِنْتُ عِيَاضِ بن أَبِي قِرْصَافَةَ قَالَتْ: أَسَرَ الرُّومُ ابْنًا لأَبِي قِرْصَافَةَ. فَكَانَ أَبُو قِرْصَافَةَ إِذَا كَانَ وَقْتُ كُلِّ صَلاةٍ صَعِدَ سُوَرَ عَسْقَلانَ. وَنَادَى: يَا فُلانُ الصَّلاةَ. فَسَمِعَهُ وَهُوَ فِي بَلَدِ الرُّومِ. رواه الطبراني. ورجاله ثقات.

হযরত আবু কিরসাফা রা.-এর এক ছেলেকে রোমানরা বন্দি করলো। যখন নামাজের সময় হতো তখন আবু কিরসাফা রা. আসকালান শহরের উঁচু দেয়ালের ওপর দাঁড়িয়ে ঘোষণা দিতেন, 'হে অমুক, নামাজের সময় হয়েছে।' সুদূর রোমে বসে তাঁর সন্তান বাবার এ ঘোষণা শুনতে পেতেন। *[তিবরানী]*

হযরত ইবনে আব্বাস রা.-এর জানাজা ও একটি পাখি

عَنْ سَعِيدِ بن جُبَيْرٍ، قَالَ: مَاتَ ابْنُ عَبَّاسٍ بِالطَّائِفِ. فَشَهِدْتُ جَنَازَتَهُ. فَجَاءَ طَيْرٌ أَبْيَضُ لَمْ يُرَ عَلَى خِلْقَتِهِ حَتَّى دَخَلَ فِي نَعْشِهِ. ثُمَّ لَمْ يُرَ خَارِجًا مِنْهُ. فَلَمَّا دُفِنَ تُلِيَتْ هَذِهِ الآيَةُ عَلَى شَفِيرِ الْقَبْرِ. لَمْ نَدْرِ مَنْ تَلاهَا:

يَاأَيَّتُهَا النَّفْسُ الْمُطْمَئِنَّةُ○ ارْجِعِيْ إِلَى رَبِّكِ رَاضِيَةً مَّرْضِيَّةً○ فَادْخُلِيْ فِيْ عِبٰدِيْ○ وَادْخُلِيْ جَنَّتِيْ○ الفجر

হযরত সাইদ ইবনে জুবাইর রা. বর্ণনা করেন, হযরত ইবনে আব্বাস রা. তায়েফে ইন্তেকাল করেন। তাঁর জানাজার সময় সাদা রঙের একটি চমৎকার ও অদ্ভুত প্রজাতির পাখি উপস্থিত হল। এমন পাখি আগে কখনো দেখা যায়নি। জানাজা শেষে হঠাৎ পাখিটি তাঁর কাফনের ভেতরে প্রবেশ করে। কিন্তু কেউ সেটিকে আর বের হতে দেখেনি। যখন তাঁকে দাফন করা হয়, কবরের পাশ থেকে পবিত্র কুরআনের একটি আয়াত তেলাওয়াতের আওয়াজ ভেসে আসে। কিন্তু কেউ বুঝতে পারে না কে তেলাওয়াত করছে। আয়াতটি ছিল–

হে প্রশান্তচিত্ত, তুমি তোমার প্রতিপালকের নিকট ফিরে আস সন্তুষ্ট ও সন্তোষভাজন হয়ে। অতঃপর আমার বান্দাদের অন্তর্ভূক্ত হয়ে যাও এবং আমার জান্নাতে প্রবেশ করো। *[ফজর ৮৯ : ২৭-২৮, তিবরানী]*

হযরত ওমর রা. কর্তৃক জিনকে পরাজিত করা

ইবনে মাসউদ রা. বর্ণনা করেন, একটি জিন হযরত ওমর রা.-এর সঙ্গে তিনবার কুস্তিতে অংশগ্রহণ করে। প্রতিবারই তিনি তাকে পরাজিত করেন। অতঃপর জিন জিজ্ঞেস করল, তুমি কি আয়াতুল কুরসি পড়? ওমর রা. উত্তরে বললেন, হ্যাঁ। জিন বলল, যে ঘরে নিয়মিত আয়াতুল কুরসি তেলাওয়াত করা হয়, সেই ঘর থেকে শয়তান বায়ু নির্গত করতে করতে অতি দ্রুত পলায়ন করে, সকাল পর্যন্ত ওই ঘরে সে প্রবেশ করতে পারে না। *[তিবরানী]*

নবীজির আগমন সম্পর্কে অবলা গরুর সুসংবাদ প্রদান

عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: كُنْتُ أَسُوقُ لِآلٍ لَنَا بَقَرَةً. قَالَ: فَسَمِعْتُ مِنْ جَوْفِهَا: يَا آلَ ذُرَيْحٍ، قَوْلٌ فَصِيحٌ، رَجُلٌ يَصِيحُ لاَ إِلَهَ إِلاَّ اللهُ. قَالَ فَقَدِمْنَا مَكَّةَ. فَوَجَدْنَا النَّبِيَّ صلى الله عليه وسلم قَدْ خَرَجَ بِمَكَّةَ.

ইবনে আব্বাস রা. বর্ণনা করেন, আমি পশুপাল চরানোর কাজে একদা ব্যস্ত ছিলাম, হঠাৎ একটি গরুর পেট থেকে অত্যন্ত স্পষ্ট আওয়াজ ভেসে আসছিল– 'হে জুরাইহ পরিবার, একজন সত্য নবীর আগমন হয়েছে, যিনি বলেন, লা ইলাহা ইল্লাল্লাহু।' পরবর্তী সময়ে আমরা মক্কায় এসে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে পেলাম, যিনি নবুওতের সত্য দাবি করেছেন। *[মুসনাদে আহমাদ]*

মৃত্যুর পরে কথা বলা

সাইদ বিন মুসাইয়াব রা. বর্ণনা করেন, হযরত উসমান রা.-এর খেলাফতকালে জায়িদ বিন খারিজাহ মৃত্যুবরণ করেন। তাঁর মৃতদেহ কাপড় দ্বারা আবৃত ছিল। উপস্থিত মানুষ তার বক্ষ থেকে অপরিচিত শব্দের প্রতিধ্বনি শুনতে পেল। সে

বলতে লাগল, 'কুরআন নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর নাজিল হয়েছে। আবু বকর রা. সত্য বলেছেন, ওমর রা. সত্য বলেছেন। উসমান রা. সত্য বলেছেন।' সাদ রা. বলেন, এ ঘটনার কিছুদিন পর বনি খিতমাহ (একটি গোত্রের নাম) গোত্রের এক ব্যক্তি মৃত্যুবরণ করে এবং তাঁরও বক্ষ থেকে অনুরূপ আওয়াজ ধ্বনিত হয়। *[দালাইলুন নাবুওয়াহ, আল বিদায়া ওয়াননিহায়া]*

উহুদের শহীদরা

হযরত জাবির রা. বর্ণনা করেন, হযরত মুয়াবিয়া রা. একটি খাল খনন করেন, যার পাশ দিয়ে উহুদের শহীদদের লাশ দাফন করা ছিল। আমরা খননের সুবিধার জন্য ৪০ বছর পর শহীদদের লাশ উত্তোলন করে অন্যত্র দাফন করলাম। এতো দিনের ব্যবধানেও তাঁদের মৃতদেহগুলো ছিল সতেজ, শরীরের অঙ্গ-প্রত্যঙ্গগুলো ছিল সজীব। আরেক বর্ণনায় পাওয়া যায়, খাল খননের সময় লোহার আঘাত গিয়ে লাগে হযরত হামজা রা.-এর দাফনকৃত মৃত শরীরে। এতো সময়ের ব্যবধানেও শরীর থেকে তাজা রক্ত গড়িয়ে পড়া শুরু হয়। [ফাতহুল বারী]

উহুদ যুদ্ধের শহীদ হযরত আমর বিন জামুহ ও আবদুল্লাহ বিন আমর রা.কে একত্রে একটি কবরে দাফন করা হয়। একবার বন্যার পানি তাঁদের কবরকে উম্মুক্ত করে দিলে লোকেরা তাঁদের লাশগুলো অন্যত্র দাফনের ব্যবস্থা করেন। তারা দেখলেন, এত সময়ের ব্যবধানেও মৃতদেহের কোনো পরিবর্তন হয়নি। মনে হয় যেন গতকাল দাফন করা হয়েছে। অথচ কবর উন্মুক্ত হয়ে যাওয়ার ঘটনা ঘটেছিল উহুদ যুদ্ধের ৪৬ বছর পর।

নবীদের নূরানী মৃতদেহ সুরক্ষিত থাকে

عَنْ أَوْسِ بْنِ أَوْسٍ قَالَ. قَالَ رَسُوْلُ اللّٰهِ صلى الله عليه وسلم: إِنَّ اللّٰهَ تَبَارَكَ وَتَعَالَى حَرَّمَ عَلَى الْأَرْضِ أَجْسَادَ الْأَنْبِيَاءِ صَلَّى اللّٰهُ عَلَيْهِمْ.

হযরত আউস বিন আউস রা. বর্ণনা করেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ নিশ্চয় আল্লাহ তায়ালা জমিনের জন্য নবীদের মৃতদেহকে বিগলিত করা হারাম করে দিয়েছেন। *[আবু দাউদ]*

কবর থেকে মেশকের ঘ্রাণ

عَنْ مُحَمَّدِ بْنُ شَرْحَبِيْل قَالَ: اِقْتَبَضَ إِنْسَانٌ مِنْ تُرَابِ قَبْرِ سَعْدِ بْنُ مُعَاذٍ، فَفَتَحَهَا فَإِذَا هِيَ مِسْكٌ، قَالَ رَسُوْلُ الله صَلى الله عَلَيْهِ وَسَلَّمَ: سُبْحَانَ الله! سُبْحَانَ الله! حَتّٰى عَرَفَ ذٰلِكَ فِيْ وَجْهِه.

মুহাম্মাদ ইবনে শারহাবিল রা. বর্ণনা করেন, এক ব্যক্তি হযরত সাদ বিন মুয়াজ রা.-এর কবর থেকে এক মুষ্টি মাটি নিল। যখন তার হাতের মুষ্টি উম্মুক্ত করল তখন দেখল মাটিগুলো মেশক আম্বরে পরিণত হয়েছে। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, 'সুবহানাল্লাহ, সুবহানাল্লাহ!' মুগ্ধতার আভা তাঁর চেহারায় ভাস্বর হয়ে উঠল। *[কানজুল উম্মাল।]*

ভিমরুল দিয়ে হযরত আসিন রা.-এর মৃতদেহ সুরক্ষা

হযরত আসিম বিন সাবিত বিন আফলাহ মিনতি সহকারে দোয়া করতেন, তিনি যেন কোনো মুশরিককে স্পর্শ না করেন এবং কোন মুশরিকও যেন তাঁকে স্পর্শ না করে। তিনি শহীদ হওয়ার পর আল্লাহ তায়ালা একদল ভিমরুল পাঠিয়ে দেন, যারা তাঁর শবদেহের ওপর চক্কর দিচ্ছিল, মুশরিকদের থেকে তাঁকে রক্ষা করার জন্য। *[বুখারী, মুসলিম, সুনানুল কুবরা।]*

নবীজির গোলাম হযরত সাফিনাহ রা.

عَنْ مُحَمَّدِ بن الْمُنْكَدِرِ، أَنَّ سَفِينَةَ مَوْلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: رَكِبْتُ الْبَحْرَ، فَانْكَسَرَتْ سَفِينَتِي الَّتِي كُنْتُ فِيهَا، فَرَكِبْتُ لَوْحًا مِنْ أَلْوَاحِهَا، فَطَرَحَنِي اللَّوْحُ فِي أَجَمَةٍ فِيهَا الأَسَدُ، فَأَقْبَلَ يُرِيدُنِي، فَقُلْتُ: يَا أَبَا الْحَارِثِ، أَنَا مَوْلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَطَأْطَأَ رَأْسَهُ، وَأَقْبَلَ إِلَيَّ، فَدَفَعَنِي بِمَنْكِبِهِ حَتَّى أَخْرَجَنِي مِنَ الأَجَمَةِ، وَوَضَعَنِي عَلَى الطَّرِيقِ، وَهَمْهَمَ، فَظَنَنْتُ أَنَّهُ يُوَدِّعُنِي، فَكَانَ ذَلِكَ آخِرَ عَهْدِي بِهِ.

রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আযাদ করা গোলাম হযরত সাফিনাহ রা. বর্ণনা করেন, একবার নৌপথের যাত্রায় আমার নৌকাটি ভেঙ্গে যায়। আমি ভাঙ্গা নৌকার একটি কাঠখণ্ডে আরোহন করি। কাঠখণ্ডটি আমাকে জঙ্গলের কিনারে ভাসিয়ে নিয়ে যায়। সেখানে নামার পর একটি সিংহ আমার নিকটবর্তী হয়। আমি তাকে লক্ষ্য করে বললাম, আমি নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর গোলাম। তৎক্ষণাৎ সে মাথা অবনত করে আমার নিকটবর্তী হলো। সে তার কাঁধ দ্বারা আমাকে মৃদুভাবে স্পর্শ করল। এভাবে স্পর্শ করতে করতে সে পথ দেখিয়ে জঙ্গলের বাইরে নিয়ে গেল। রাস্তায় উঠিয়ে দিয়ে আনত নেত্রে আমার দিকে চেয়ে থাকল। আমি বুঝতে পারলাম, এখন সে আমাকে রেখে চলে যাবে।

নবীজি সা.-এর আগমন সম্পর্কে একটি নেকড়ে বাঘের সংবাদ প্রদান

عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: عَدَا الذِّئْبُ عَلَى شَاةٍ فَأَخَذَهَا. فَطَلَبَهُ الرَّاعِي فَانْتَزَعَهَا مِنْهُ فَأَقْعَى الذِّئْبُ عَلَى ذَنَبِهِ. فَقَالَ: أَلَا تَتَّقِي اللهَ تَنْزِعُ مِنِّي رِزْقًا سَاقَهُ اللهُ إِلَيَّ. فَقَالَ: يَا عَجَبِي ذِئْبٌ مُقْعٍ عَلَى ذَنَبِهِ يُكَلِّمُنِي كَلَامَ الإِنْسِ. فَقَالَ الذِّئْبُ: أَلَا أُخْبِرُكَ بِأَعْجَبَ مِنْ ذَلِكَ مُحَمَّدٌ صلى الله عليه وسلم بِيَثْرِبَ يُخْبِرُ النَّاسَ بِأَنْبَاءِ مَا قَدْ سَبَقَ. قَالَ: فَأَقْبَلَ الرَّاعِي يَسُوقُ غَنَمَهُ حَتَّى دَخَلَ الْمَدِينَةَ. فَزَوَاهَا إِلَى زَاوِيَةٍ مِنْ زَوَايَاهَا، ثُمَّ أَتَى رَسُولَ اللهِ صلى الله عليه وسلم فَأَخْبَرَهُ فَأَمَرَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَنُودِيَ بِالصَّلَاةُ جَامِعَةٌ. ثُمَّ خَرَجَ. فَقَالَ لِلأَعْرَابِيِّ: أَخْبِرْهُمْ فَأَخْبَرَهُمْ. فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: صَدَقَ وَالَّذِي نَفْسُ مُحمد بِيَدِهِ لَا تَقُومُ السَّاعَةُ حَتَّى يُكَلِّمَ السِّبَاعُ الإِنْسَ، وَيُكَلِّمَ الرَّجُلَ [illegible] نَعْلِهِ، وَيُخْبِرَهُ فَخِذُهُ بِمَا أَحْدَثَ أَهْلُهُ بَعْدَهُ.

হযরত আবু সাঈদ খুদরি রা. বর্ণনা করেন, একটি নেকড়ে বাঘ একজন মেষপালককে বলেছে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদিনায় আগমন করেছেন। এবং পূর্ববর্তী কিছু মৃত ব্যক্তির ব্যাপারেও নেকড়েটি সংবাদ দিয়েছে। *[মুসনাদে আহমাদ, তহাবী, সহিহ ইবনে হিব্বান]*

পানির অনুগত হওয়া

হযরত আবু হুরাইয়া রা. বর্ণনা করেন, আলা আল-হাজরামি রা. এর নেতৃত্বে আমরা একবার বাহরাইন সফর করছিলাম। দীর্ঘপথ পাড়ি দিয়ে আমরা ভীষণ তৃষ্ণার্ত হয়ে পড়ি। এমন কি আমরা জীবনের ব্যাপারেও আশঙ্কা করতে লাগলাম। সামনে আর কত পথ বাকি আছে তাও আমাদের জানা ছিল না। এ অবস্থায় আলা আল-হাজরামি রা. দুই রাকাত নামাজ পড়ে দোয়া করলেন—

يَا حَلِيْمُ. يَا عَلِيْمُ. يَا عَلِيُّ. يَا عَظِيْمُ. اسْقِنَا

হে আল্লাহ, সবচেয়ে জ্ঞানী, দয়াময়, দাতা, দয়ালু, তুমি আমাদেরকে পানি পান করাও।

তাঁর দোয়ার বরকতে নিরস মরুভূমি পানিতে সিক্ত হয়ে যায়। যে স্থানে দাঁড়িয়ে তিনি দোয়া করছিলেন, তার থেকে দীর্ঘ দূরত্বে ছিল সমুদ্রপাড়। হঠাৎ দেখা গেল বহুদূর থেকে পানির স্রোত এগিয়ে আসছে, কিন্তু সে পানি মাটি স্পর্শ করছে না, কোনো গবাদি পশু বা ঘোড়াগুলোকেও ডুবিয়ে দিচ্ছে না। যেনো পাখির ঝাঁকের মতো উড়ে আসছে। নির্দিষ্ট স্থানে এসে পানির ধারায় ভূমি সিক্ত হয়ে গেল।

টাইগ্রিস নদী পার হওয়া

আবু হুরায়রা রা. বলেন, বাহরাইন সফরে আমরা যখন টাইগ্রিস নদীর উপকণ্ঠে পৌঁছলাম, তখন নদীতে ছিল তীব্র স্রোত। আমরা নদী পার হওয়ার মতো কোনো নৌযান পেলাম না। এ সময় দলনেতা আলা আল-হাজরামি রা. দুই রাকাত নামাজ পড়ে দোয়া করলেন—

يَا حَلِيْمُ. يَا عَلِيْمُ. يَا عَلِيُّ. يَا عَظِيْمُ. أَجِزْنَا

হে আল্লাহ, সবচেয়ে জ্ঞানী, দয়াময়, দাতা, দয়ালু, তুমি আমাদেরকে এই সমস্যা হতে মুক্তি দাও।

এরপর তিনি তাঁর ঘোড়ার লাগম ধরে বললেন, বিসমিল্লাহ্ বলে এগিয়ে চলো। হযরত আবু হুরাইরা রা. বলেন, আমরা পানির উপর দিয়ে হেঁটে গেলাম। আল্লাহর কসম! আমাদের কারো পা কিংবা চতুষ্পদ জন্তুগুলোর পায়ের খুর একটুও সিক্ত হয়নি। এ সময় আমাদের বাহিনীর সদস্য সংখ্যা ছিল চার হাজার। বাহরাইনবাসী এ দৃশ্য দেখে চিৎকার করে বলতে লাগলো– 'পাগলের দল এসে গেছে!' (নাউজুবিল্লাহ)।

বাহরাইন বিজয়ের পর হাজরামি রা. এখানে আরো এক বছর অবস্থান করার পর ইন্তেকাল করেন। ইন্তেকাল ও দাফনের পর সংক্ষিপ্ত সময়ের মধ্যেই তাঁর কবর উম্মুক্ত হয়ে যায়, কিন্তু তাঁর মৃতদেহ সেখানে পাওয়া যায়নি। *[বায়হাকি, তিবরানি, আল-বিদায়াহ, শরহে উসুলে ইতিকাদি আহলুস সুন্নাহ, কারামাতু আউলিয়াইল্লাহ।]*

গায়েবি সাহায্য

হযরত আবু হুরাইয়া রা. বর্ণনা করেন, একজন সাহাবি তাঁর পরিবার নিয়ে মদিনায় আগমন করলেন। তাঁদের ছিল তীব্র খাবার সংকট। সাহাবি খাবারের সন্ধানে মরুভূমির দিকে গমন করলেন। তাঁর স্বামীর এই অসহায় অবস্থা দেখে তৎক্ষণাৎ স্ত্রী একটি পাত্র ও পানি রাখার মশক নিয়ে বিনয়ের সঙ্গে দোয়া করলেন, হে আল্লাহ, আমাদের সাহায্য করো! দোয়া সমাপ্ত হতেই দেখা গেল পানির পাত্রটি পানি দ্বারা ভরপুর হয়ে গেছে আর খাবারের পাত্রটিও সুস্বাদু খাবার দ্বারা ভরে গেছে। আমি (আবু হুরাইয়া) নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে অবগত করলাম। তিনি বললেন, মহিলা যদি খাবারের পাত্রটি উম্মুক্ত না করত, তবে কিয়ামত পর্যন্ত পাত্র থেকে খাবার হ্রাস পেত না। *[মুসনাদে আহমাদ, তিবরানি, হায়াতুস সাহাবাহ।]*

আবু উবাইদা রা.-এর সৈন্যবাহিনী

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ: بَعَثَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم، وَأَمَّرَ عَلَيْنَا أَبَا عُبَيْدَةَ بْنَ الْجَرَّاحِ نَتَلَقَّى عِيرًا لِقُرَيْشٍ، وَزَوَّدَنَا جِرَابًا مِنْ تَمْرٍ لَمْ يَجِدْ لَنَا غَيْرَهُ، فَكَانَ أَبُو عُبَيْدَةَ يُعْطِينَا تَمْرَةً تَمْرَةً. قَالَ. فَقُلْنَا: كَيْفَ كُنْتُمْ تَصْنَعُونَ بِهَا ؟ قَالَ: نَمَصُّهَا كَمَا يَمَصُّ الصَّبِيُّ ثُمَّ نَشْرَبُ عَلَيْهَا مِنَ الْمَاءِ فَتَكْفِينَا يَوْمَنَا إِلَى اللَّيْلِ، وَكُنَّا نَضْرِبُ بِعِصِيِّنَا الْخَبَطَ

ثُمَّ نَبُلُّهُ بِالْمَاءِ فَنَأْكُلُهُ. وَانْطَلَقْنَا عَلَى سَاحِلِ الْبَحْرِ فَرُفِعَ لَنَا عَلَى سَاحِلِ الْبَحْرِ كَهَيْئَةِ الْكَثِيبِ الضَّخْمِ فَأَتَيْنَاهُ فَإِذَا هِيَ دَابَّةٌ تُدْعَى الْعَنْبَرَ. فَقَالَ أَبُو عُبَيْدَةَ: مَيْتَةٌ. ثُمَّ قَالَ: لاَ. بَلْ نَحْنُ رُسُلُ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ. وَفِي سَبِيلِ اللَّهِ وَقَدِ اضْطُرِرْتُمْ فَكُلُوا. قَالَ فَأَقَمْنَا عَلَيْهِ شَهْرًا وَنَحْنُ ثَلاَثُ مِائَةٍ حَتَّى سَمِنَّا . وَلَقَدْ رَأَيْتُنَا نَغْتَرِفُ مِنْ وَقْبِ عَيْنِهِ بِالْقِلاَلِ الدُّهْنَ، وَنَقْطَعُ مِنْهُ الْفِدَرَ كَالثَّوْرِ. وَلَقَدْ أَخَذَ أَبُو عُبَيْدَةَ مِنَّا ثَلاَثَةَ عَشَرَ رَجُلاً فَأَقْعَدَهُمْ فِي وَقْبِ عَيْنِهِ، وَأَخَذَ ضِلَعًا مِنْ أَضْلاَعِهِ فَأَقَامَهَا ثُمَّ رَحَلَ أَعْظَمَ بَعِيرٍ فَمَرَّ مِنْ تَحْتِهَا. وَتَزَوَّدْنَا مِنْ لَحْمِهِ وَشَائِقَ. فَلَمَّا قَدِمْنَا الْمَدِينَةَ. أَتَيْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرْنَا ذَلِكَ لَهُ. فَقَالَ: هُوَ رِزْقٌ أَخْرَجَهُ اللَّهُ لَكُمْ. فَهَلْ مَعَكُمْ مِنْ لَحْمِهِ شَيْءٌ؟ فَتُطْعِمُونَا. قَالَ: فَأَرْسَلْنَا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْهُ. فَأَكَلَهُ.

হযরত জাবির বিন আবদুল্লাহ রা. বর্ণনা করেন: নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হযরত আবু উবাইদা রা.কে আমির নিযুক্ত করে আমাদেরকে এক যুদ্ধে প্রেরণ করেন। একটি কুরাইশ বসতির উদ্দেশ্যে আমাদেরকে প্রেরণ করা হয়। খাদ্য হিসেবে আমাদের নিকট ছিল মাত্র এক ব্যাগ খেজুর, অন্য কিছুই ছিল না। কাফেলার প্রত্যেকের জন্য আবু উবাইদা রা. মাত্র একটি করে খেজুর বরাদ্দ করলেন। আমরা শিশুদের মতো অল্প অল্প লোকমায় খেজুর খেয়ে পানি পান করলাম। এই সামান্য খাবার আমাদের সারা দিনের জন্য যথেষ্ট হয়েছিল। আমরা লাঠি দিয়ে গাছ থেকে ফল পাড়তাম এবং তা ভক্ষণ করে দিন পার করতাম। (সফরের চতুর্থ দিন) আমরা সমুদ্রের পারে অবস্থানকালে সেখানে একটি বিরাট মাছ পাই। জাবের রা. বলেন, সেখানে আমরা এক মাস অবস্থান করি এবং সবাই মিলে তৃপ্তি সহকারে এ মাছ দ্বারাই আহার করি। আমাদের বাহিনীতে সদস্য সংখ্যা ছিল তিনশত জন। মাছটি এতই বড় ছিল যে, আবু উবাইদা রা.সহ প্রায়

১৩ জন সাহাবি মাছটির চোখের কোটরে বসেছিলাম। আমাদের সবচেয়ে দীর্ঘদেহি উটটিও মাছটির কলিজার চেয়ে নিচু ছিল।

আমরা মদিনায় ফিরে এসে রাসূল সা.কে ঘটনা অবগত করালে তিনি বলেন, এরই নাম রিজিক। এর পর তিনি আমাদের থেকে নিয়ে সে মাছের অংশ বিশেষ ভক্ষণ করেন। *[বুখারী, মুসলিম, তিবরানী, ইবনে মাজাহ।]*

হাতের স্পর্শে সুস্থ হওয়া

عَنْ ذَيَّالُ بْنُ عُبَيْدِ بْنِ حَنْظَلَةَ قَالَ، سَمِعْتُ جَدِّي حَنْظَلَةَ بْنَ حُذَيْمٍ يَقُوْلُ: وَفَدْتُ مَعَ جَدِّي حُذَيْمٍ (وفى روايات إسمه حَنِيْفَة) إِلَى رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّم، فَقَالَ: يَا رَسُوْلَ اللهِ! إِنَّ لِي بَنِيْنَ ذَوِي لِحًى، وَغَيْرَهُمْ، وَهٰذَا أَصْغَرُهُمْ، فَأَدْنَانِيْ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّم، وَمَسَحَ رَأْسِيْ، وَقَالَ: بَارَكَ اللهُ فِيْكَ. قَالَ الذَّيَّالُ: فَلَقَدْ رَأَيْتُ حَنْظَلَةَ يُؤْتَى بِالرَّجُلِ الْوَارِمِ وَجْهُهُ، وَالشَّاةِ الْوَارِمِ ضَرْعُهَا، فَيَقُوْلُ: بِسْمِ اللهِ عَلَى مَوْضَعِ كَفِّ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّم، فَيَمْسَحُهُ، فَيَذْهَبُ الْوَرَمُ.

হানজালা বিন হুজাইম রা. বলেন, এক প্রতিনিধি দলের সঙ্গী হয়ে আমি আমার দাদার সাথে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট গিয়েছিলাম। (আমাকে দেখিয়ে) দাদা বললেন, হে আল্লাহর রাসুল! আমার নানা বয়সী উত্তরসূরী রয়েছে, তাদের মধ্যে এ হল সর্বকনিষ্ঠ। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে তাঁর কাছে টেনে নিলেন এবং মাথায় হাত বুলিয়ে দিয়ে বলেন– আল্লাহ তায়ালা তোমার জীবনে বরকত করুন।

বর্ণনাকারী জাইয়াল বিন উবাইদ (হানজালা রা.-এর নাতি) বলেন, আমি হানজালা রা.কে দেখেছি, মুখমণ্ডল ফুলে ওঠা ব্যক্তি কিংবা ওলান ফুলে ওঠা বকরির গায়ে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্পর্শ পাওয়া বরকতময় হাত দ্বারা বিসমিল্লাহ বলে

স্পর্শ করতেন। আল্লাহর অসীম রহমতে রোগ ভাল হয়ে যেতো। *[মুজামুল আওসাত]*

হযরত খালিদ বিন ওয়ালিদ রা.-এর অলৌকিকতা

এক ব্যক্তি এক বোতল মদ নিয়ে হযরত খালিদ রা.-এর কাছে এল। খালিদ রা. দোয়া করলেন 'হে আল্লাহ, এটিকে মধুতে পরিণত করো।' বাস্তবিকই বোতলটি খুলে দেখা গেল তাতে মধু রয়েছে।

আরেকটি ঘটনা: এক ব্যক্তি হযরত খালিদ রা.-এর পাশ দিয়ে এক বোতল মদ নিয়ে অতিবাহিত হচ্ছিল। তিনি লোকটিকে জিজ্ঞেস করলেন, তোমার হাতে কী? লোকটি উত্তরে বলল, ভিনেগার (এক প্রকার আচার বা সস)। খালিদ রা. বললেন, নিশ্চয় আল্লাহ তায়ালা এটিকে ভিনেগার বানিয়ে দিয়েছেন। বোতলটি উন্মুক্ত করে দেখা গেল, ভেতরে মদের পরিবর্তে আছে ভিনেগার।

তাপ ও ঠাণ্ডা থেকে নিরাপদ

قَالَ عَلِيٌّ رَضِيَ اللهُ عَنْهُ، أَن رَسُوْلَ اللهِ صَلى اللهُ عَلَيْهِ وَسَلَّم قَالَ يَوْمَ خَيْبَر: لأُعْطِيَنَّ الرَّايَةَ رَجُلا يُحِبُّ اللهَ وَرَسُولَهُ وَيُحِبُّهُ اللهُ وَرَسُولُهُ، يَفْتَحُ اللهُ لَهُ. لَيْسَ بِفَرَّارٍ. فَأَرْسَلَ إِلَيَّ فَدَعَانِي. فَأَتَيْتُهُ. وَأَنَا أَرْمَدُ لاَ أُبصِرُ شَيْئًا. فَتَفَلَ فِي عَيْنِي وَقَالَ: اللَّهُمَّ أكْفِهِ أَلَمَ الْحَرِّ وَالْبَرْدِ. فَمَا آذَانِي حَرٌّ وَلاَ بَرْدٌ بَعْدُ.

হযরত আলী রা. বলেন: খায়বারযুদ্ধের দিন নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘোষণা করেন, আজ আমি ইসলামের পতাকা এমন এক ব্যক্তির হাতে তুলে দেব, যিনি আল্লাহ ও তাঁর রাসুলকে ভালবাসেন এবং আল্লাহ ও তাঁর রাসুলও তাকে ভালোবাসেন। যাকে আল্লাহ তায়ালা জয়লাভ করাবেন এবং যিনি যুদ্ধের ময়দান থেকে পলায়ন করবেন না। আলী রা. বলেন, এরপর নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে ডাকলেন এবং আমার হাতে পতাকা তুলে দিলেন। আমি তখন চোখের যন্ত্রণায় ভুগছিলাম। স্পষ্টভাবে চোখ তুলতে পারছিলাম না। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

আমার এ অবস্থা দেখে তাঁর মুখের লালা আমার চোখে লাগিয়ে দিলেন এবং দোয়া করলেন, হে আল্লাহ, তাকে তাপ ও ঠাণ্ডা উভয় থেকে হেফাজত করো। এরপর কখনও তাপ বা ঠাণ্ডা আমাকে কষ্ট দেয়নি। *[মুসনাদে আহমাদ, ইবনে মাজা, তিবরানি, বায়হাকি।]*

বৃদ্ধ বয়সেও তারুণ্যের প্রভাব

জায়িদ আল আনসারী বর্ণনা করেন, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেন, আমার নিকটবর্তী হও। তাঁর নিকটবর্তী হলে বরকতময় হাত দ্বারা আমার মাথা স্পর্শ করেন এবং বলেন, 'হে আল্লাহ, তাকে সর্বদা তারুণ্যদীপ্ত রাখো এবং তার তারুণ্যকে চিরস্থায়ী করে দাও।' ফলে দেখা যায়, তার বয়স ১০০ বছর পার হয়ে যাওয়ার পরও মাথার সামান্য কিছু চুল শুভ্র হয়েছিল মাত্র। তার চেহারায় সর্বদা ঔজ্জ্বল্য লেগে থাকতো, কখনো বিবর্ণ হতো না। এমনকি মৃত্যু পর্যন্ত নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দোয়ার বরকতে এরূপ থাকে। *[মুসনাদে আহমাদ]*

হযরত হুসাইন রা.-এর অলৌকিকতা

হযরত হুসাইন রা.-এর কবরের পাশ দিয়ে গমনের সময় এক ব্যক্তি কবরের কাছে প্রাকৃতিক প্রয়োজন পূরণ করল। তারপর থেকে তার পরিবারে অসুস্থতা, দরিদ্রতা ও অভাব নেমে এল। এমনকি পরিবারের অনেক সদস্য মানসিক ভারসাম্য হারিয়ে ফেলল।

হযরত উসমান রা.-এর অলৌকিকতা

عَنِ ابْنِ عُمَرَ: أَنَّ عُثْمَانَ أَصْبَحَ يُحَدِّثُ النَّاسَ. قَالَ: رَأَيْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم اللَّيْلَةَ فِي الْمَنَامِ. فَقَالَ: يَا عُثْمَانُ أَفْطِرْ عِنْدَنَا. فَأَصْبَحَ صَائِماً وَقُتِلَ مِنْ يَوْمِهِ.

হযরত ইবনে উমর রা. বর্ণনা করেন: একদা সকালে উসমান রা. বললেন, আমি গত রাতে স্বপ্নে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখেছি। তিনি বললেন, হে উসমান, তুমি

আমার সঙ্গে ইফতার করবে। সেই দিনই তিনি শহীদ হন, তখনো তিনি ছিলেন রোজাদার। *[হাকেম, মুসান্নাফে ইবনে আবি শাইবা।]*

অলৌকিকতা হলো বরকতের কারণ

ইমাম বুখারি রহ. হযরত ইবনে মাসউদ রা. হতে বর্ণনা করেন, আমরা (সাহাবিরা) এই সব অলৌকিকতাকে বর্ণনা করি বরকতের জন্য। তিনি বলেন, আমি নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখেছি তাঁর আঙুলের অগ্রভাগ দিয়ে পানির ফোয়ারা গড়িয়ে পড়ছে এবং নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন খাবার খাচ্ছিলেন তখন খাবার তাসবিহ পাঠ করছিল।

সাহাবায়ে কেরামের এইসব বর্ণনা একদিকে অত্যন্ত আশা ও ভালোবাসার, অন্যদিকে ছিল মহান আল্লাহ তায়ালার প্রতি গভীর ভয় ও মহব্বতের। সত্যিকার কারামত মুমিনের জন্য বরকতের কারণ হয়। নতুবা ভিত্তিহীন বা দুর্বল অলৌকিকতা বর্ণনা ঈমানের জন্য অত্যন্ত ক্ষতিকর, যার অনুসরণ মুমিনের সফলতার পথে অন্তরায় তৈরি করে।

উপসংহারঃ আহলে সুন্নাত ওয়াল জামায়াতের আকিদা হলো, আউলিয়া কেরাম থেকে কারামত প্রকাশিত হতে পারে। যে কারামতকে অস্বীকার করবে, তার উক্তি গ্রহণযোগ্য নয়। যদিও কারামত ও মুজিজার মধ্যে বিস্তর পার্থক্য বিদ্যমান। কিছু সাধারণ পার্থক্য হল–

১. মুজিজা হলো উম্মতের দলিল, কারামত নয়।

২. নবীর ইচ্ছা অনুযায়ী মুজিজা ঘটতে পারে, কিন্তু কারামত সংঘটিত হওয়ার জন্য আউলিয়া কেরামের ইচ্ছার কোনো সম্পর্ক নেই। অর্থাৎ ইচ্ছা করলেই কারামত প্রকাশিত হবে না।

৩. আউলিয়া কেরাম সব সময় কারামত গোপন রাখতে চান, পক্ষান্তরে মুজিজা এমন, যা প্রকাশিতব্য।

আফগান জিহাদের অলৌকিকতা

আফগান জিহাদের যে ঘটনাগুলো আমি বর্ণনা করতে যাচ্ছি, তা প্রকৃতপক্ষে সচরাচর দৃষ্টিগোচর হওয়া অলৌকিকতা ও কল্পনার চেয়েও বেশি বাস্তব। ব্যক্তিগতভাবে আমি নিজ কানেই এগুলো শ্রবণ করেছি এবং নিজ হাতেই তা

রচনা করেছি, যা আমি যুদ্ধে উপস্থিত মুজাহিদদের কাছ থেকে প্রাপ্ত হয়েছি। এত অধিকসংখ্যক মুজাহিদ এগুলো বর্ণনা করেছেন, যাতে বর্ণনাগুলো ভিত্তিহীন সাব্যস্ত করার বিন্দুমাত্র সুযোগ নেই। আমি বিপুলসংখ্যক বাস্তব ঘটনা শ্রবণ করেছি। কিন্তু সব উল্লেখ করার দৃঢ় সাহস বা সংকল্প কোনোটিই আমার হয়নি। আল্লাহ তায়ালা উত্তমগুলোকে আমাদের জন্য সৌভাগ্যের কারণ বানিয়ে দিন, যেন অন্তর প্রশান্তি লাভ করে।

অধিকাংশ শহীদের শরীর বিকৃত না হওয়া

প্রচুর সংখ্যক শহীদের মৃতদেহ বিকৃত না হওয়ার বর্ণনা এত অধিক যে, বিষয়টি তাওয়াতুর পর্যায়ভুক্ত হয়ে গেছে। অর্থাৎ এত বিপুলসংখ্যক বর্ণনাকারী বর্ণনা করেছেন, যা ভিত্তিহীন হওয়ার কোনো সম্ভাবনা নেই। হানাফি ও শাফেয়ি উভয় মাজহাবেই শহীদের মৃতদেহ বিকৃত না হওয়ার সমর্থন রয়েছে। শাফেয়ি মাজহাবের প্রসিদ্ধ কিতাব 'নিহায়াতুল মুহতাজ'-এ উল্লেখ করা হয়েছে, 'যখন কোনো সাধারণ মানুষ কোনো ভূমিতে মৃত্যুবরণ করে এবং সেখানেই তাকে দাফন করা হয়, তবে সময়ের ব্যবধানে মৃতদেহ পরিবর্তিত হয়ে যায়। কিন্তু কোনো নবী বা শহীদের মৃতদেহকে মাটি কখনোই ক্ষয় করতে পারে না।'

হানাফি মাজহাবের প্রসিদ্ধ ফকিহ ইবনে আবেদিন রহ. তাঁর পুস্তক 'কিতাবুল জিহাদে' উল্লেখ করেন, 'একজন শহীদের শরীরকে ক্ষয় করা বা মাটিতে মিশিয়ে ফেলা মাটির জন্য নিষিদ্ধ।'

কিন্তু এ সম্পর্কিত কোনো মারফু হাদিস আমার দৃষ্টিগোচর হয়নি, তা সত্ত্বেও হযরত হামজা রা.-এর শাহাদাত ও তার পরবর্তী ঘটনাপ্রবাহ এ বিষয়ে যথেষ্ট প্রমাণ বহন করে।

আফগানিস্তানের শহীদরা

ওমর হানিফ, যিনি জারমা শহরের একজন সেনাপতি ছিলেন, তিনি নাসরুল্লাহ মানসুরের (ইসলামী বিপ্লবী সংস্থার নেতা) ভাষায় আমাকে বর্ণনা করেন–

১. আমি একজন শহীদকেও এমন দেখিনি, যাঁর শরীর পরিবর্তিত হয়েছে বা বিকৃতি ঘটেছে।

২. আমি এমন কোনো শহীদকেও দেখিনি, যাঁর শরীর কোনো হিংস্র কুকুর স্পর্শ করেছে, যদিও তাঁর শরীর শত্রুবাহিনীর কাছে ছিন্নভিন্ন অবস্থায় পড়েছিল।

৩. আমি নিজেই দীর্ঘ তিন বা চার বছর পর ১২ জন শহীদের কবর উন্মুক্ত করেছি। তাঁদের শরীরে কোনো পরিবর্তন দেখতে পাইনি।

৪. আমি এক বছর পর একজন শহীদের কবর খনন করে দেখেছি, তাঁর ক্ষতচিহ্ন দিয়ে তাজা রক্ত প্রবাহিত হচ্ছে।

একজন ইমাম আমাকে বলেছেন– আমি শহীদ আব্দুল মাজিদ মুহাম্মদকে তার শাহাদাতের তিন মাস পরে দেখেছি। সে আগের মতোই ছিল এবং তার শরীর থেকে মেশকের ঘ্রাণ বের হচ্ছিল।

হাজি আবদুল মাজিদ আমাকে বর্ণনা করেন– আমি লাইকি শহরের ইমামকে শাহাদাতের সাত মাস পরে দেখেছি, তিনি আগের মতোই ছিলেন। শুধু নাকের উপরিভাগ কিছুটা পরিবর্তিত হয়েছিল।

শাইখ মুয়াজিন (জিহাদি সংগঠনের মজলিসে সূরার সদস্য) আমাকে বলেন– শহীদ নেসার আহমাদকে শাহাদাতের সাত মাস পর কবর থেকে উত্তোলন করা হয়। তিনিও অপরিবর্তিত ছিলেন।

আবদুল জব্বার নিয়াজি আমাকে বলেন– আমি চারজন শহীদকে তাঁদের শাহাদাতের চার মাস পর দেখেছি। তিনজন আগের মতোই ছিলেন, শুধু হাতের নখ ও মাথার চুল বৃদ্ধি পেয়েছে। কিন্তু চতুর্থজনকে দেখে আমি উদ্বিগ্ন হলাম। কারণ তাঁর চেহারার কিছু অংশ বিকৃত হয়ে গিয়েছিল।

বাবার সঙ্গে শহীদি সন্তানের হাত মেলানো

১৯৮০ সালে ওমর হানিফ আমাকে বর্ণনা করেন, বিপুলসংখ্যক রাশিয়ান বাহিনীর একটি দল যুদ্ধের ময়দানে উপস্থিত হয়, যাদের কাছে ছিল ৭০টি ভারী ট্যাংক, যাকে ১২টি যুদ্ধবিমান ওপর থেকে পাহারা দিচ্ছিল। অন্যদিকে মুজাহিদরা সংখ্যায় ছিল মাত্র ১১৫ জন। একপর্যায়ে তীব্র লড়াই শুরু হলো। ঘটনাক্রমে শত্রুবাহিনী পরাজিত হলো। আমরা ১৩টি ট্যাংক ধ্বংস করলাম। সেই যুদ্ধে আমাদের মধ্যে মাত্র চারজন শহীদ হয়েছিলেন। তাদের মধ্যে একজনের নাম ছিল ইবনে জান্নাতে জাল। যুদ্ধের ময়দানেই আমরা তাকে সমাধিস্থ করলাম। তিনদিন পর কবর থেকে উত্তোলন করে তার বাবার কাছে হস্তান্তর করি, যাতে বাড়ির আঙ্গিনায় তাকে পুনরায় দাফন করা যায়। তার বাবা শহীদ সন্তানের মৃতদেহকে উদ্দেশ করে বলেন, 'হে আমার প্রিয় সন্তান, যদি তুমি প্রকৃতই একজন শহীদ হও তবে আমাকে একটি নিদর্শন দেখাও।' হঠাৎ সে তার ডান হাত উত্তোলন করে বাবাকে সালাম দিল এবং মুসাহাফা করল।

প্রায় ১৫ মিনিট সে তার বাবার হাত ধরে রাখলো। এরপর স্বীয় হাত নিচে নামিয়ে শরীরের ক্ষত চিহ্নের ওপর রাখল। তার বাবা বলেন, 'আমি সেই হাতের কোমলতা এখনো অনুভব করি।' ওমর হানিফ বলেন, এই ঘটনা আমি নিজ চোখে দেখেছি।

মাওলানা আরসালান আমাকে বলেন, আবদুল বাসির নামে একজন ছাত্র আমাদের সঙ্গে থাকা অবস্থায় শহীদ হন। তখন ছিল চারদিকে ভীষণ অন্ধকার। ফতুল্লাহ (একজন মুজাহিদ) ও আমি তার শরীর খুঁজতে লাগলাম। সে আমাকে বলল, অনেক লাশের ভিড়ে যখনই আমি একজন শহীদের মৃতদেহের নিকটবর্তী হলাম, হঠাৎ বাতাসে ঘ্রাণ অনুভব করলাম। ঘ্রাণ অনুসরণ করতে করতে এক নির্জন প্রান্তে পৌঁছে দেখি সেই শহীদের মৃতদেহ। ঘন অন্ধকারে তার শরীর হতে আলো বিচ্ছুরিত হচ্ছিল। এ আলো আসছিল তাঁর শরীর থেকে গড়িয়ে পড়া তাজা রক্ত হতে।

শহীদ ওমর ইয়াকুব ও তাঁর অস্ত্র

ওমর হানিফ আমাকে বর্ণনা করেন, ওমর ইয়াকুব নামে একজন মুজাহিদ ছিলেন। জিহাদের প্রতি ছিল তাঁর প্রবল আকর্ষণ। তিনি শহীদ হওয়ার পর আমরা যখন তাঁর মৃতদেহের কাছে যাই তখনও তিনি ডান হাত দিয়ে অস্ত্র উঁচু করে ধরে রেখেছিলেন। আমরা তাঁর হাত থেকে অস্ত্র সরিয়ে নেওয়ার চেষ্টা করলাম কিন্তু পারলাম না। কিছুক্ষণ অপেক্ষা করে আমরা তাঁকে উদ্দেশ করে বললাম, হে ইয়াকুব, আমরা তোমার ভাই। তৎক্ষণাৎ তাঁর হাত থেকে অস্ত্র পড়ে গেল।

আলখাল্লা জড়ানো সাইয়েদ শাহ

ওমর হানিফ আমাকে বর্ণনা করেন, আমাদের মুজাহিদের মধ্যে একজন হাফেজে কুরআন ছিলেন। নাম সাইয়েদ শাহ। তিনি সর্বদা ইবাদতে লিপ্ত থাকতেন। প্রায়ই তাঁর স্বপ্ন সত্যি হতো এবং তিনি অনেক কারামাতেরও অধিকারী ছিলেন। একবার তিনি জানালেন, তাঁর কাঙ্ক্ষিত লক্ষ্য পূরণ হতে যাচ্ছে। একপর্যায়ে তিনি শহীদ হন। দীর্ঘ আড়াই বছর পর আমরা তাঁর কবর জিয়ারত করতে যাই।

এ সময় নুরুল হক নামে তাঁর অন্য এক ভাই আমাদের সাথে ছিলেন। আমরা সাইয়েদ শাহের কবর উন্মুক্ত করলাম এবং তাঁকে আগের অবস্থায়ই পেলাম।

শুধু দাড়ি বৃদ্ধি পেয়েছে। আমি নিজেই তাঁকে পুনরায় দফন করলাম। সব চেয়ে আশ্চর্যের বিষয় হলো, তাঁর শরীরে একটি কালো রঙের রেশমি আলখাল্লা জড়ানো দেখতে পেলাম, যা এত সুন্দর যে, এর আগে কখনো আমি অনুরূপ আলখাল্লা পৃথিবীতে দেখিনি। আমি এটি স্পর্শ করেছিলাম, যার থেকে মেশক-আম্বরের চেয়ে অধিক সুঘ্রাণ নির্গত হচ্ছিল।

মুজাহিদীনের দোয়া

আফগানিস্তানের এক বিখ্যাত মুজাহিদ মাওলানা আরসালান। তিনি রাশিয়ান বাহিনীর মধ্যে এত ভীতির সঞ্চার করেছিলেন যে, রাশিয়ান বাহিনী সর্বদা তাঁর ব্যাপারে সৈন্যদেরকে সতর্ক করতো। তারা সৈন্যদের বলত, তিনি (আরসালান) মানুষের গোশত পর্যন্ত ভক্ষণ করেন। এই মাওলানা আরসালান আমাকে বলেছেন, একবার এক খণ্ডযুদ্ধে আমাদের কাছে মাত্র একটি রকেট লাঞ্চার ও একটি ট্যাংকবিধ্বংসী গোলা ছিল। আমরা নামাজ আদায় করে মহান আল্লাহ তায়ালার কাছে দোয়া করলাম, যেনো একটি রকেটই শত্রুবাহিনীর ধ্বংসের জন্য যথেষ্ট হয়ে যায়। আমরা সম্মুখপথে ২০০টি ট্যাংক এবং একদল সৈন্য দেখলাম, যারা আমাদের সঙ্গে যুদ্ধের জন্য প্রস্তুত। আমরা আল্লাহর নাম নিয়ে রকেটে আগুন জ্বালিয়ে বিস্ফোরক ভর্তি রকেটটি তীব্র গতিতে নিক্ষেপ করলাম। আল্লাহর রহমতে শত্রুবাহিনীর ৮৫টি ট্যাংক ও একটি অস্ত্রবাহী গাড়ি ধ্বংস হয়ে গেল। শত্রুরা পরাজিত হলো এবং আমরা অনেককে বন্দি করলাম। আমি (লেখক) সেই যুবককে দেখেছি যে রকেটটিতে আগুন জ্বালিয়েছিল।

পাখির বেষ্টনী

মাওলানা আরসালান আমাকে বলেন, একবার যুদ্ধের ময়দানে নিরাপদ স্থানে পৌঁছার আগেই রাশিয়ান বাহিনী আমাদের আক্রমণ করল। এই আকস্মিক আক্রমণে আমরা ভাবনাতুর হয়ে পড়লাম। ঘটনাক্রমে ঝাঁকে ঝাঁকে পাখিরা এসে আমাদের মাথার ওপর চক্কর দিচ্ছিল। ফলে শত্রুবাহিনীর বিমান আমাদের ওপর আক্রমণ করতে পারছিল না। পাখিদের এই অভূতপূর্ব সাহায্যে আমরা নিজেদের প্রস্তুত করে শত্রুবাহিনীর বিমানকে ভূপাতিত করলাম।

মাওলানা জালাল উদ্দিন হক্কানি (একজন বিখ্যাত মুজাহিদ) আমাকে বর্ণনা করেন, আমি বিভিন্ন সময় বিমানের চারদিকে পাখিদের উড্ডয়ন দেখেছি, যাতে মুজাহিদরা বোমার আঘাত থেকে নিরাপদ থাকে।

আবদুল জব্বার নিয়াজি আমাকে বলেন, আমি দুবার শত্রুবাহিনীর বিমানের নিচে পাখির উড্ডয়ন দেখেছি।

কুরবান মুহাম্মদ আমাকে বলেন, একবার আমি ৩০০-এর অধিক পাখিকে বিমান কর্তৃক তাড়িত হতে দেখলাম; কিন্তু একটি পাখিও আহত হয়নি।

আলহাজ মুহাম্মদ জাল (ঘানার প্রদেশের মুজাহিদ) আমাকে বলেন, কম হলেও দশবারের অধিক সময় আমি পাখির ঝাঁককে শত্রুবাহিনীর বিমানের চারপাশে উড়তে দেখেছি, যাদের ওড়ার গতি ছিল শব্দের গতি অপেক্ষা দ্রুততর।

চারদিক থেকে আগুনের পরিবেষ্টন

আরসালান আমাকে বলেন, আমরা শাতুরি নামক এক স্থানে ছিলাম। শত্রুবাহিনীর ২,০০০ সৈন্যের মোকাবিলায় আমরা ছিলাম মাত্র ২৫ জন মুজাহিদ। যুদ্ধ শুরু হলো। দীর্ঘ চার ঘণ্টা পর শত্রুরা পরাজিত হলো। তাদের ৮০ জনের অধিক নিহত হয়েছে এবং ২৬ জনকে আমরা বন্দি করলাম। আমরা বন্দিদের বললাম, তোমাদের সৈন্যরা কেন পালিয়ে গেল? তারা বলল, আফগান মুজাহিদরা চারদিক থেকে আমাদের ওপর বোমা ও গুলি নিক্ষেপ করেছে। আরসালান বলেন, আমাদের কাছে বোমা বা গুলি কোনোটিই সে সময় মজুদ ছিল না। প্রত্যেকের ছিল স্বতন্ত্র অস্ত্র এবং আমরা সবাই একই দিকে আক্রমণ করেছিলাম।

তিনি আমাকে আরো বলেন, একবার শত্রুবাহিনীর বিপুলসংখ্যক সৈন্য আমাদের আক্রমণ করে। অথচ আমরা ছিলাম অল্প ক'জন মুজাহিদ। শত্রুবাহিনীর সহযোগিতার জন্য আকাশে বিমান প্রদক্ষিণ করছিল। আমাদের গোলা-বারুদের পরিমাণও ছিল নিঃশেষ অবস্থায়। ফলে আমরা বন্দি হওয়ার আশঙ্কা করছিলাম। মহান আল্লাহ তায়ালার দরবারে কায়মনোবাক্যে দোয়া শুরু করলাম। হঠাৎ চারদিক থেকে শত্রুবাহিনীর ওপর বৃষ্টির ফোঁটার মতো গুলি ও বোমা পতিত হওয়া শুরু হলো। একপর্যায়ে তারা পরাজিত হলো। আমরা ব্যতীত সেই যুদ্ধের ময়দানে জীবিত কেউ অবশিষ্ট ছিল না। তিনি বলেন, তারা ছিল আল্লাহর মনোনীত ফেরেশতা।

ফেরেশতাদের গায়েবি অশ্ববাহিনী

মাওলানা আরসালান আমাকে বলেন, আর্জুন নামক এক স্থানে কমিউনিস্টরা আমাদের ওপর আক্রমণ চালালে আমরাও শত্রুদের ওপর হামলা করি। যুদ্ধের

একপর্যায়ে আমরা জয়লাভ করি। এতে শত্রুবাহিনীর ৫০০-এর অধিক সৈন্য নিহত হয় এবং ৮৩ জন সৈন্য আমাদের হাতে বন্দি হয়। আমরা বন্দিদের বললাম, তোমরা কেন পরাজিত হলে? তোমাদের কেন এত সৈন্য নিহত হলো, যেখানে মাত্র একজন মুজাহিদ শহীদ হলো? বন্দিরা বলল, তোমাদের মুজাহিদদের ঘোড়ায় আরোহণ করে আমাদের দিকে আক্রমণ করতে দেখলাম। যখনই আমরা আঘাত করি, ঘোড়াগুলো অদৃশ্য হয়ে যায়। আমরা তাদের একটি গুলিও বিদ্ধ করতে পারিনি।

ওই ঘটনার প্রামাণিকতা কুরআনে পাওয়া যায়, যখন বদরের প্রান্তে আল্লাহ তায়ালা ফেরেশতাদের দ্বারা সাহায্য করেন।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

> الَّذِينَ آمَنُوا سَأُلْقِي فِي قُلُوبِ الَّذِينَ كَفَرُوا الرُّعْبَ فَاضْرِبُوا فَوْقَ الْأَعْنَاقِ وَاضْرِبُوا مِنْهُمْ كُلَّ بَنَانٍ
>
> স্মরণ কর সেই সময়ে কথা (বদর যুদ্ধ) যখন তোমাদের প্রতিপালক ফেরেশতাদের নির্দেশ দিয়েছিলেন যে, আমি তোমাদের সঙ্গে রয়েছি, সুতরাং তোমরা মুসলমানদের চিত্তসমূহে সাহস সঞ্চার করে তাদেরকে ধীরস্থির রাখো। অচিরেই আমি কাফেরদের মনে ভীতির সঞ্চার করে দেব। কাজেই গর্দানের ওপর আঘাত করো এবং তাদের জোড়ায় জোড়ায় কাটো। *[আনফাল ৮:১২]*

আল্লাহ তায়ালা আরো ইরশাদ করেন–

> بَلَىٰ إِن تَصْبِرُوا وَتَتَّقُوا وَيَأْتُوكُم مِّن فَوْرِهِمْ هَٰذَا يُمْدِدْكُمْ رَبُّكُم بِخَمْسَةِ آلَافٍ مِّنَ الْمَلَائِكَةِ مُسَوِّمِينَ ○
>
> অবশ্য তোমরা যদি সবর কর এবং বিরত থাক, আর তারা যদি তখনই তোমাদের ওপর চড়াও হয়, তাহলে তোমাদের পালনকর্তা চিহ্নিত ঘোড়ার ওপর পাঁচ হাজার ফেরেশতা তোমাদের সাহায্যে পাঠাতে পারেন। *[আলে ইমরান ৩:১২৫]*

এই আয়াতের তাফসিরে ইমাম কুরতুবি রহ. বলেন, যেসব সৈন্য ধৈর্য ধারণ করে এবং মহান পালনকর্তার কাছ থেকে পুরস্কারের আশা রাখে, অবশ্যই আসমান থেকে ফেরেশতাগণ তাদের কাছে অবতরণ করবে। তাদের সঙ্গে যুদ্ধের ময়দানে সহযোগিতা করবে। কেননা কিয়ামত পর্যন্ত মুজাহিদদেরকে

এইরূপ সাহায্য করার জন্যই আল্লাহ তায়ালা এদেরকে সৃষ্টি করেছেন।

হযরত হাসান বসরী রহ. বলেন, এই পাঁচ হাজার ফেরেশতা কিয়ামত পর্যন্ত মুমিনদের জন্য সাহায্যকারীরূপে বরাদ্দ। ইমাম মুসলিম রহ. হযরত ইবনে আব্বাস রা. থেকে বর্ণনা করেন, 'চিহ্নিত' বলতে এক বিশেষ ধরনের নিদর্শনকে বোঝানো হয়েছে। বিভিন্ন তাফসিরে বর্ণিত আছে, 'চিহ্নিত' বলতে ঘোড়ার ওপর আরোহণকারী ফেরেশতা বোঝানো হয়েছে। কেননা উপস্থিত সবার চেয়ে তারা ভিন্ন প্রকৃতির হন। হাদিস শরিফে এসেছে–

> عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: بَيْنَمَا رَجُلٌ مِنَ الْمُسْلِمِينَ يَوْمَئِذٍ يَشْتَدُّ فِي أَثَرِ رَجُلٍ مِنَ الْمُشْرِكِينَ أَمَامَهُ، إِذْ سَمِعَ ضَرْبَةً بِالسَّوْطِ فَوْقَهُ وَصَوْتَ الْفَارِسِ. يَقُولُ أَقْدِمْ حَيْزُومُ. فَنَظَرَ إِلَى الْمُشْرِكِ أَمَامَهُ، فَخَرَّ مُسْتَلْقِيًا. فَنَظَرَ إِلَيْهِ فَإِذَا هُوَ قَدْ خُطِمَ أَنْفُهُ وَشُقَّ وَجْهُهُ، كَضَرْبَةِ السَّوْطِ. فَاخْضَرَّ ذَلِكَ أَجْمَعُ. فَجَاءَ الأَنْصَارِيُّ فَحَدَّثَ بِذَلِكَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم. فَقَالَ: صَدَقْتَ ذَلِكَ مِنْ مَدَدِ السَّمَاءِ الثَّالِثَةِ.
>
> হযরত ইবনে আব্বাস রা. বলেন: বদরের ময়দানে একজন মুসলিম সাহাবি এক মুশরিককে ধাওয়া করলেন। হঠাৎ মাথার ওপর থেকে ঘোড়ার ওপর চাবুক মারার আওয়াজ শুনতে পেলেন। অশ্বারোহী চিৎকার করে বলছে, হে হাইসাম, সামনে অগ্রসর হও। তিনি সেই মুশরিককে দেখলেন উপুড় হয়ে পড়ে আছে। তার দাঁত ভেঙে গেছে আর চেহারা পরিপূর্ণ বিকৃত হয়ে গেছে। মনে হয় তার চেহারার ওপর কেউ চাবুকের আঘাত করেছে। একজন আনসারি বিস্মিত হয়ে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে সংবাদ দিলেন। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি সত্য বলেছ। এটা হল তৃতীয় আসমান হতে আগত সাহায্য। *[সহিহ মুসলিম]*

মুহাম্মদ ইয়াসির আমাকে বর্ণনা করেন, শত্রুবাহিনী ট্যাংক-বহর নিয়ে শহরে প্রবেশ করার পর তারা মুসলিম বাহিনীর ঘোড়ার আস্তাবল অনুসন্ধান করতে লাগল। মানুষ আশ্চর্য হয়ে বলতে লাগল, তারা তো ঘোড়ায় আরোহন করতেই করেন না। তখন তারা উপলব্ধি করল, এ ঘোড়াগুলো আল্লাহ প্রদত্ত ফেরেশতা

অস্ত্র ভাণ্ডারের শেষ নেই

একবার জালালুদ্দীন হক্কানি আমাকে বলেন, আমি একজন মুজাহিদকে সামান্য কিছু অস্ত্র দিলাম। সে এগুলো নিয়ে যুদ্ধের ময়দানে গেল। যুদ্ধের ময়দানে সেই অস্ত্র দিয়ে প্রচুর পরিমাণ গোলা-বারুদ নিক্ষেপ করেছে; কিন্তু অস্ত্রের মধ্যে মজুদ গোলা-বারুদ কিছুই হ্রাস পায়নি। সে যেরূপ নিয়ে গিয়েছিল সেরূপই যুদ্ধের ময়দান থেকে ফিরিয়ে নিয়ে এসেছে।

শরীরের ওপর দিয়ে ট্যাংক অতিক্রম করার পরও জীবিত থাকা

আবদুল জব্বার নিয়াজি আমাকে বলেন, একসময় আমি একজন মুজাহিদকে দেখলাম, যার শরীরের ওপর দিয়ে ট্যাংক অতিক্রম করেছে, অথচ সে জীবিত। সেই মুজাহিদের নাম ছিল গোলাম মহিউদ্দিন। আলহাজ মুহাম্মদ ইউসুফ (লোগার শহরের সহকারী আমির) আমাকে বর্ণনা করেন, একটি ট্যাংক মুজাহিদ বদর মুহাম্মদ জালের ওপর দিয়ে অতিবাহিত হয়, অথচ সে অত ছিল। আমরা ঠিক জানি না সে ট্যাংকের চাকার নিচে পিষ্ট হয়েছিল নাকি উভয় চাকার মধ্যস্থানে চাপা পড়েছিল।

কাঁকড়া-বিছার দ্বারা মুজাহিদদের সুরক্ষা

وَمَا يَعْلَمُ جُنُودَ رَبِّكَ إِلَّا هُوَ وَمَا هِيَ إِلَّا ذِكْرَى لِلْبَشَرِ

> তোমাদের পালনকর্তার বাহিনী সম্পর্কে একমাত্র তিনিই জানেন। এটা তো মানুষের জন্য উপদেশ ছাড়া কিছু নয়।
> *[মুদ্দাসসির ৭৪:৩১]*

আবদুস সামাদ ও মাহবুবুল্লাহ উভয়ে আমাকে বলেন, শত্রুবাহিনী কুন্দুজ শহরের মাঝামাঝি এক স্থানে তাঁবু স্থাপন করে। বিভিন্ন প্রজাতির কাঁকড়া-বিচ্ছু তাদের আক্রমণ করে এবং দংশন করে। ছয়জন স্ব-স্থানেই মারা যায়, আর অন্যরা পলায়ন করে।

একটি শিশু ও দিয়াশলাই

আবদুল মান্নান আমাকে বলেন, মুজাহিদ আমির জান শহীদ হওয়ার কিছুদিন পর রাশিয়ান বাহিনী ট্যাংকের বহর নিয়ে তার এলাকায় প্রবেশ করে। এ সময় আমির জানের তিন বছরের শিশু সন্তান বাড়ি থেকে একটি ম্যাচ নিয়ে বাড়ির

বাইরে বের হয়ে আসে। রাশিয়ান সেনাপতি জিজ্ঞেস করল, বাচ্চাটি কী চায়? তারা বলল, সে আপনাদের (শত্রুবাহিনীর) ট্যাংক ধ্বংস করতে চায়।

সাপ-বিচ্ছু মুজাহিদদের আক্রমণ করে না

উমর হানিফ আমাকে বললেন, অনেক সাপ-বিচ্ছু মুজাহিদদের সঙ্গে রাত যাপন করেছে। দীর্ঘ চার বছরের মধ্যেও কোনো মুজাহিদকে সাপ-বিচ্ছু দংশন করতে দেখিনি। আফগান পাহাড়ি অঞ্চলে অসংখ্য বিষধর সাপ থাকে, যেগুলো সোভিয়েত কমিউনিস্ট সৈন্যদের দংশন করলেও মুজাহিদদের কোনো ক্ষতি করে না; বরং পাহারা দেয়। এভাবেই দীর্ঘ প্রায় দশ বছর ধরে চলছে সাপ ও কমিউনিস্টদের লড়াই। বিষধর পাহাড়ি সাপগুলো যেন মুজাহিদদের কতই না আত্মীয়, পুরনো বন্ধু।

হাতের মেহেদি মোছার আগেই শহীদি নারী

ওমর হানিফ আমাকে বলেন, একদা শত্রুবাহিনীর ট্যাংক লরি একটি মসজিদে আক্রমণ করার উদ্দেশ্যে ঘিরে ফেলল, যেখানে মুজাহিদরা অবস্থান করছিলেন। একজন যুবতী নারী, মাত্র দুই দিন আগে যার বিবাহ সম্পন্ন হয়েছে, বিনয়াবনত হয়ে মহান আল্লাহ তায়ালার কাছে দোয়া করছেন–

'হে আল্লাহ, যদি শত্রুরা মুজাহিদদের হত্যার জন্য ট্যাংকের সাহায্যে আক্রমণ করে তবে আমাকে তাদের জন্য প্রতিবন্ধক বানিয়ে দাও।'

এতে সেই যুবতী নারী শাহাদাতবরণ করল এবং মুজাহিদরা রক্ষা পেল। মুয়াজিন আমাকে বলেছেন, যখন আনজির জাল শহীদ হন, তার মা হাস্যোজ্জ্বল মুখ নিয়ে বাড়ির বাইরে বের হয়ে আসেন। শাহাদাতকে উদ্‌যাপনের জন্য মানুষ আকাশে ফাঁকা গুলিবর্ষণ করছিল। দুর্বলচিত্তের ঈমানদার ব্যক্তিরা আমাদের উদ্দেশে বলছিল, এই লোকগুলো পাগল হয়ে গেছে। বাস্তবিকপক্ষে দুনিয়ার প্রতি তীব্র ভালোবাসায় আমরা জড়িয়ে আছি বিধায় পরকালীন বিষয়াবলি বুঝে আসতে চায় না।

বোমা অবিস্ফোরিত রয়ে গেছে

জালালুদ্দীন হক্কানি আমাকে বলেছেন, একবার আমরা ৩০ জন মুজাহিদ এক জায়গায় ছিলাম। হঠাৎ আমাদের উপর বিমান থেকে বোমা নিক্ষেপ করা শুরু

হয়। বোমাগুলো আমাদের চারদিকে তীব্র আওয়াজে বিস্ফোরিত হচ্ছিল। হঠাৎ একটি বোমা সজোরে আমাদের আঘাত করল; কিন্তু আল্লাহর রহমতে বোমাটি বিস্ফোরিত হলো না। বোমাটির ওজন প্রায় ৪৫ কেজি। এটি বিস্ফোরিত হলে সবাই শহীদ হয়ে যেতাম।

আবদুল মান্নান আমাকে বলেন, একটি স্থানে আমরা তিন হাজার মুজাহিদ ছিলাম। শত্রুবাহিনী আমাদের ওপর প্রায় ৩০০টি ভারী বোমাবর্ষণ করে। কিন্তু আল্লাহর কুদরতে একটি বোমাও বিস্ফোরিত হয়নি। বোমাগুলো কুড়িয়ে এনে অতিদ্রুত আমরা সেই স্থান ত্যাগ করি। পরবর্তিতে সেই ৩০০ বোমা পাকিস্তানের কোয়েটা শহরের মুজাহিদ সেন্টারে জমা দিই।

এক গর্বিত মায়ের শহীদি সন্তান

ভাই মুয়াজ্জিন আমাকে বললেন, আমাদের এক সঙ্গী শাহাদাতবরণ করল। নাম তার আনজির গুল। খবর পেয়ে শহীদের মা সুন্দর কাপড়চোপড় পরে হাসিখুশি চলাফেরা করতে লাগলেন। আর পাড়ার অন্যান্য লোক তাদের পড়শীর শাহাদাতে বন্দুকের ফাঁকা গুলি ছুড়ে আনন্দ প্রকাশ করল। পুত্র শহীদ হলে আফগান মায়েরা খুশিই হন। কারণ, এর চেয়ে বড় কোনো সম্মান তাঁদের দৃষ্টিতে নেই।

বুলেট তাদের শরীরকে ছিদ্র করেনি

করেনি জালালুদ্দীন হক্কানি আমাকে বলেন, আমি অনেক মুজাহিদকে যুদ্ধের ময়দান থেকে ফিরে আসতে দেখেছি, যাদের জামাগুলো ছিল অসংখ্য গুলির ছিদ্রযুক্ত; কিন্তু তাদের শরীরে একটি গুলিও প্রবেশ করেনি।

শায়েখ আহমাদ শরিফ আমাকে বলেন, আমার সন্তান যুদ্ধের ময়দান থেকে একসময় ফিরে আসে, যার কাপড়ে ছিল অসংখ্য ছিদ্র; কিন্তু শরীরে কোনো ক্ষতচিহ্ন নেই।

শায়খ নাসরুল্লাহ মানসুর আমাকে বলেন, ১৯৮২ সালের ১ এপ্রিল আমি একজন মুজাহিদকে দেখলাম, যার মাথায় ১০টি বুলেটের চিহ্ন আর কনুই থেকে হাতের তালু পর্যন্ত প্রায় ১৫টি আঘাতের চিহ্ন। অথচ সে সম্পূর্ণ সুস্থ।

মাওলানা পীর মুহাম্মদ আমাকে বলেন, আমরা ১২ জন মুজাহিদ 'বাকতিসা' নামক একটি স্থান পাহারা দিচ্ছিলাম। আমরা এমন একটি শত্রুবাহিনীর দ্বারা

আক্রান্ত হলাম, যাদের ছিল প্রায় ১৮০টি যুদ্ধবিমান। একপর্যায়ে তারা আমাদের ঘিরে ফেলল এবং অনর্গল বোমা নিক্ষেপ করছিল। আমরা যুদ্ধের ময়দান থেকে যখন প্রত্যাবর্তন করি, তখন কাপড়গুলোতে ছিল অসংখ্য ছিদ্র, অথচ আমাদের কেউ হতাহত হয়নি। শত্রুবাহিনীর ১৬০ জন সদস্য মারা যায় ও তিনটি ট্যাংক ধ্বংস হয়। আমাদের মাত্র দুজন মুজাহিদ শহীদ হন।

আমি নিজের চোখে দেখেছি, জালালুদ্দীন হক্কানির বুকে গুলিবিদ্ধ হয়েছে, কিন্তু তাঁর বুকে কোনো আঘাতের চিহ্ন নেই।

জালালুদ্দীন হক্কানি আমাকে বলেন, ভূমিতে লুকানো একটি মাইন আমার পায়ের নিচে বিস্ফোরিত হয়েছে, কিন্তু আমি কোনো আঘাত পাইনি।

শহীদের শরীর থেকে আলোর বিচ্ছুরণ

মুজাহিদ আবদুল মান্নান (পশ্চিম কেনদারের হেলমান প্রদেশের একজন নেতা) আমাকে বলেন, একবার এক লড়াইয়ে আমরা ছিলাম সংখ্যায় ৬০০ জন, আর রাশিয়ান বাহিনীতে ছিল ৬০০০-এর অধিক। শত্রুবাহিনীর ছিল ৬০০টি ট্যাংক ও ৪৫টি বিমান বহর। তারা আমাদের তীব্রভাবে আক্রমণ করে। প্রায় ১৮ দিন ধরে যুদ্ধ চলতে থাকে। এতে ৩৩ জন মুজাহিদ শহীদ হন। শত্রুবাহিনীর ৪৫০ জন সদস্য মারা যায়, আর ৩৬ জন বন্দি হয়, ৩০টি ট্যাংক ধ্বংস হয় এবং দুটি বিমান ভূপতিত হয়। তখন ছিল গ্রীষ্মকাল। ১৮ দিন ধরে চলমান এই যুদ্ধের মধ্যে কোনো শহীদের শরীর বিকৃতও হয়নি বা কোনোরূপ দুর্গন্ধযুক্ত হয়নি। এদের মধ্যে একজন শহীদ আবদুল গাফফার, যিনি দীন মুহাম্মদের সন্তান, প্রতিদিন রাতে তাঁর মৃত শরীর থেকে আলো বিচ্ছুরিত হয়ে আকাশের দিকে উঠে যেত এবং এই আলোর আভা প্রায় ৩ মিনিট ধরে স্থায়ী থাকত। উপস্থিত সব মুজাহিদ এই অভূতপূর্ব দৃশ্য অবলোকন করেছে।

ওমর হানিফ আমাকে বলেন, ১৯৮২ সালের ফেব্রুয়ারি মাস। এশার পর প্রতি রাতে আমাদের বাড়ির পাশে একজন মুজাহিদের বাড়ির আঙিনা থেকে আলো বিচ্ছুরিত হয়ে আকাশে উঠে যেতে দেখা যায়। ওই আলোর আভা চারপাশকে আলোকিত করে দেয়। কিছুক্ষণ পর তাও অদৃশ্য হয়ে যায়।

আগুন থেকে অস্ত্রাগার নিরাপদ

জালালুদ্দীন হক্কানি আমাকে বলেন, প্রায় চার বছর ধরে বিভিন্ন সময়ে শত্রুবাহিনী আমাদের ওপর বোমা নিক্ষেপ করে। এতে অনেক বাড়িঘর বা মুজাহিদের তাঁবু আগুনে জ্বলে যায়; কিন্তু যেখানে অস্ত্র সংরক্ষণ করা হতো, আগুন কখনো সেখানে স্পর্শ করেনি।

ছোট একটি দল বৃহৎ দলের ওপর জয়লাভ করা

শায়েখ জালালুদ্দীন হক্কানি তার অনেক যুদ্ধের স্মৃতি থেকে দুটি বিশেষ ঘটনার স্মৃতিচারণা করেন– প্রথমটি হলো ১৯৮৭ সালের ঘটনা। এমন এক কঠিন মুহূর্তের মধ্য দিয়ে সময় অতিবাহিত হচ্ছিল যে আমরা ট্যাংক ধ্বংসকারী পি-২ ও পি-৭ রকেট সংগ্রহ করতে পারছিলাম না। আমরা মুজাহিদরা মিলে কিছু অর্থ জমা করলাম। ট্যাংক ধ্বংসকারী রকেট সংগ্রহের জন্য আমরা সফর শুরু করলাম। একদিন হঠাৎ শত্রুবাহিনীর একটি অগ্রবর্তী দল আমাদের আক্রমণ করল, যাদের ছিল কয়েক হাজার সৈন্য। দুই দিনের অধিক সময় ধরে তীব্র লড়াই চলল।

একপর্যায়ে তারা পরাজিত হলো। আমরা ২৫টি পি-২ ও পি-৭ রকেট, কিছু বন্দুক, মেশিনগান ও আটটি ট্যাংক আয়ত্ত করলাম। একটি একে-৪৭সহ হাজারের অধিক সৈন্যকে আমরা বন্দি করলাম।

দ্বিতীয়টি হলো ১৯৮২ সালের ঘটনা। আমরা ছিলাম ৫৯ জন মুজাহিদ। শত্রুবাহিনীর ছিল ২২০টি ট্যাংক ও মালামালবাহী গাড়ি। সৈন্যসংখ্যাও ছিল হাজারের অধিক। আকাশের ওপর বিমানের সাহায্যে আমাদের ওপর অবিরাম বোমা নিক্ষেপ করা হচ্ছিল। এ যুদ্ধে শত্রুবাহিনীর প্রায় ৪৫টি ট্যাংক ও মালামাল সরবরাহকারী অনেক বাহন ধ্বংস হলো। ১৫০ জন সৈন্য নিহত হল এবং শতের অধিক আহত হলো। আমরা শত্রুবাহিনী থেকে বিমান ধ্বংসকারী মেশিন, সাতটি একে-৪৭, ৬৬টি বন্দুক, ২৮০টি বোমা এবং ৩৬ হাজার রাউন্ড গুলি জব্দ করেছিলাম।

উত্তর কাবুলে যুদ্ধ

আলহাজ মুহাম্মদ জান আমাকে বলেন, মুজাহিদরা সংখ্যায় ছিল ১২০ জন আর শত্রুরা ছিল প্রায় ১০হাজারের অধিক। তাদের সঙ্গে ছিল ৮০০টি ট্যাংক ও ২৫টি যুদ্ধবিমান। যুদ্ধের ফলাফল হলো, আমরা ৪৫০ জন সৈন্যকে হত্যা করলাম ও

১৫০টি ট্যাংক ধ্বংস করলাম। এ সময় অস্ত্রভর্তি ১১টি গাড়ি আমাদের হস্তগত হয়।

প্রথম যুদ্ধের এক মাস পরই দ্বিতীয় যুদ্ধ শুরু মুহাম্মদ জান আমাকে বিস্তারিত বলেন যে, মুজাহিদরা সংখ্যায় ছিল ৫০০ জন। আর শত্রুবাহিনীর সজোয়া ট্যাংক বহরসহ সংখ্যায় ছিল প্রায় ১০ হাজার। ফলাফল হলো এই যে, আমরা প্রায় ১২০০ সৈন্যকে হত্যা করলাম। কাফেরদের পতিত মৃতদেহগুলো এতটাই বিকৃত হয়েছিল যে, প্রায় এক মাস অবধি তাদের মৃতদেহ থেকে দুর্গন্ধ ছড়াচ্ছিল।

তন্দ্রাচ্ছন্নতা ও একগুচ্ছ ফুল

মুহাম্মদ ইয়াসির (যিনি উস্তাদ সাইয়াফের একজন সাহায্যকারী) আমাকে বলেন, উদাইল মিয়া জাল, যিনি বিনলাল প্রতিরা বিভাগের প্রধান নেতা। তিনি ১৪০৩ হিজরিতে শহীদ হন। ইসলামী এই আন্দোলনের তিনি ছিলেন প্রথম পর্যায়ের সন্তান এবং একজন বিখ্যাত নেতা। যখন তিনি শহীদ হন, তখন এই আন্দোলনের সদস্যসংখ্যা লাখেরও অধিক ছাড়িয়ে গেছে। মিয়া জাল ছিলেন তাঁদের ভাই-বোনদের মধ্যে চতুর্থ। তাঁর শাহাদাতে পরিবারের সবাই অত্যন্ত মর্মাহত হন। এক রাতে তাঁর ভাই অজু করে মহান আল্লাহ তায়ালার কাছে দোয়া করেন, হে আল্লাহ, যদি আমার ভাই প্রকৃত শহীদ হন, তবে আমাকে একটি নিদর্শন দেখাও। সে যথারীতি তাহাজ্জুদ নামাজ আদায় করে ঘুমিয়ে পড়ে। হঠাৎ সে অনুভব করল, তার শরীরের ওপর কোনো কিছু পতিত হলো। সে বাতি জ্বালাল, দেখল একগুচ্ছ গোলাপ ফুল। যার ঘ্রাণে পুরো ঘর বিমোহিত। সে পরিবারের সবাইকে একত্র করে এই অলৌকিকতা দেখাল। পরিবারের সবাই মতামত দিল, আগামীকাল সকালে মুহাম্মদ ইয়াসিরকে আমরা এটি দেখাব। সে পুনরায় ফুলগুচ্ছটি বালিশের পাশে রেখে ঘুমিয়ে গেল। যখন সকাল হলো, সেই গোলাপ গুচ্ছকে আর পাওয়া গেল না।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

إِذْ يُغَشِّيكُمُ النُّعَاسَ أَمَنَةً مِّنْهُ وَيُنَزِّلُ عَلَيْكُم مِّنَ السَّمَاءِ مَاءً
لِّيُطَهِّرَكُم بِهِ وَيُذْهِبَ عَنكُمْ رِجْزَ الشَّيْطَانِ وَلِيَرْبِطَ عَلَىٰ قُلُوبِكُمْ
وَيُثَبِّتَ بِهِ الْأَقْدَامَ ○

স্মরণ করো সে সময়কে যখন তিনি তোমাদের সান্ত্বনার জন্য

তাঁর পক্ষ থেকে তোমাদের তন্দ্রায় আচ্ছন্ন করেন, তোমাদের পবিত্র করার জন্য ও তোমাদের থেকে শয়তানের কুমন্ত্রণা অপসারণের জন্য এবং তোমাদের মনোবল সুদৃঢ় রাখার লক্ষ্যে, আর তোমাদের পা অবিচলিত রাখার প্রয়োজনে তিনি আসমান থেকে তোমাদের ওপর বারিবর্ষণ করেন। *[আনফাল ৮:১১]*

ইবনে কাসির রহ. তাঁর তাফসিরের কিতাবে উল্লেখ করেন, হযরত আবু তানহা রা. বলেন, আমি সেইসব ব্যক্তিদের অন্তর্ভুক্ত ছিলাম, যাদের ওপর উহুদের ময়দানে তন্দ্রা আচ্ছন্ন করেছিল। বহুবার তন্দ্রার কারণে আমার হাত থেকে তরবারি নিচে পতিত হয়েছিল। যতবারই পড়ে, আমি উঠিয়ে নিই। আমি মুসলিমদের দিকে তাকিয়ে দেখলাম, তারাও এদিক-সেদিক ঢলে পড়ছে, অথচ তাদের হাতের ঢালগুলো ঠিকই আঘাত প্রতিরোধ করছিল।

বদর যুদ্ধ সম্পর্কে এক হাদিসে এসেছে–

عَنْ عَلِيٍّ ، قَالَ : مَا كَانَ فِينَا فَارِسٌ يَوْمَ بَدْرٍ غَيْرُ الْمِقْدَادِ ، وَلَقَدْ رَأَيْتُنَا وَمَا فِينَا قَائِمٌ إِلا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُصَلِّي تَحْتَ شَجَرَةٍ وَيَبْكِي حَتَّى أَصْبَحَ

হযরত আলী রা. বলেন, বদরের যুদ্ধে আমাদের মাত্র একজন ঘোড়সাওয়ার ছিলেন, যিনি হযরত মেকদাদ রা.। আমি শপথ করে বলতে পারি, একমাত্র নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ব্যতীত আমাদের সবাইকে তন্দ্রা আচ্ছন্ন করেছিল। অথচ নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি গাছের নিচে হাত তুলে মহান আল্লাহ তায়ালার দরবারে দোয়া ও ক্রন্দন করছিলেন, এভাবেই সকাল হয়েগেল। *[মুসনাদে আবু ইয়ালা]*

আরসালানের ওপর তন্দ্রার প্রভাব

মাওলানা আরসালান আমাকে বলেন, শাহী কিউয়ের যুদ্ধে তিনি প্রায় ১০ মিনিটের জন্য ঘুমিয়ে পড়েছিলেন। এ অবস্থায় চারদিক থেকে প্রচণ্ড আওয়াজে শত্রুবাহিনীর থেকে গুলি নির্গত হচ্ছিল।

আবদুর রহমান আমাকে বলেন, রাইজি (বাকি) নামক যুদ্ধে প্রায় ১৫০ অথবা

২০০টি ট্যাংক আমাদের আক্রমণ করে। কিছু কিছু গোলার কান ফাটানো শব্দ এতই বিকট ছিল যে, মুজাহিদরা দুই-তিন দিন পর্যন্ত অন্য কিছুই শুনতে পায়নি। একপর্যায়ে যুদ্ধের ময়দানেই ঘুম আমাদের আচ্ছন্ন করল। যখন আমরা জাগ্রত হলাম, তখন চারপাশ ছিল শান্ত ও নীরব। এই যুদ্ধে আমরা অনেক অস্ত্র সংগ্রহ করেছিলাম এবং দৃঢ়তার সঙ্গে আমাদের বিজয় হয়েছিল।

আবদুল্লাহ (যিনি হেকমতিয়ারের দেহরী ছিলেন) আমাকে বলেন, যুদ্ধের ময়দানে বহুবার ঘুম আমাদের আচ্ছন্ন করেছে। আমার ধারণা, এটি মহান আল্লাহ তায়ালার প থেকে শান্তি ও উপহার।

আবদুর রশীদ আবদুল কাদির আমাকে বলেন, আমি সাক্ষ্য দিতে পারি যে, প্রায় তিনবার রাশিয়ান বাহিনীর আক্রমণের সময় মুজাহিদদের ওপর তন্দ্রা আচ্ছন্ন করেছিল। তারা দুই বা তিন মিনিটের জন্য ঘুমিয়েছিল। পুনরায় জেগে নতুন উদ্যমে যুদ্ধ শুরু করে। এতে তারা রাশিয়ান বাহিনীর ওপর বিজয়ী হয়।

আখতার মুহাম্মদের শরীরের ওপর দিয়ে ট্যাংক চালানোর পরও তাঁর মৃত্যু হলো না

মুহাম্মদ জিনজাল, গাজনি ও খানসার সবাই আমাকে বলেন, আমি নিজের চোখে দেখেছি, আখতার মুহাম্মদের শরীরের ওপর দিয়ে ট্যাংক অতিবাহিত হয়েছে, অথচ তিনি জীবিত। যখন তারা (শত্রুরা) দেখল এই বিরাট ঘটনার পরও তিনি জীবিত, তারা পুনরায় একইভাবে শরীরের ওপর দিয়ে ট্যাংক চালনা করল, কিন্তু মহান আল্লাহর কুদরতে তাঁকে হত্যা করা গেল না। অতঃপর অন্য দুজন মুজাহিদ ও আখতার মুহাম্মদকে একত্র করে দূর থেকে তাঁদের ওপর বোমা নিক্ষেপ করল। কিন্তু আল্লাহ তায়ালার কী অপূর্ব নিদর্শন, আখতার মুহাম্মদ ব্যতীত অন্য দুজন শহীদ হয়ে গেলেন। তিনি জীবিত অবস্থায় মাটিতে পড়ে রইলেন। শত্রুরা মৃত মনে করে সবার শরীরকে বালি দিয়ে ঢেকে দিল এবং সব শত্রু স্থান ত্যাগ করল। সত্রুরা চলে যাওয়ার পর তিনি সুস্থ অবস্থায় মুজাহিদদের কাছে ফিরে এলেন। এখন পর্যন্ত (কিতাব লেখার সময়) তিনি জীবিত ও আন্তরিকতার সঙ্গে জিহাদের ময়দানে আছেন।

মুহাম্মদ মিনজাল আমাকে গজনি প্রদেশের মুজাহিদ নাসরুল্লাহর ঘটনা শোনান। তাঁকে উদ্দেশে করে শত্রুরা অনেক গুলি নিক্ষেপ করেছে। কিন্তু গুলিগুলো কোনোরূপ আঘাত করা ব্যতীত তাঁর পকেটে পড়ে যায়। তিনি দুজন মুজাহিদকে এ অবস্থা দেখান এবং তাঁরা দুজন এই ঘটনার সত্যতার সাক্ষ্য দিয়েছেন।

চোখে বুলেট বিদ্ধ হয়েছে কিন্তু কোনোরূপ ক্ষতি হয়নি

মাওলানা আরসালান আমাকে বলেন, দূর থেকে নিক্ষিপ্ত একটি বুলেট শাহ্ নামক মুজাহিদের চোখে বিদ্ধ হয়; কিন্তু তাঁর চোখের কোনো ক্ষতি হয়নি। শুধু চোখের ভেতরের অংশ সামান্য লালবর্ণ হয়েছিল।

চৌদ্দটি বোমা নিক্ষেপের পরও মুজাহিদ অক্ষত ছিলেন

মুহাম্মদ নাঈম (গাইমাজ প্রদেশের এক নেতা) আমাকে বলেন, একবার মুজাহিদদের ওপর বিমান থেকে ১৪টি শক্তিশালী বোমা নিক্ষেপ করা হয়। ১৩টি বোমা তাদের কাছে বিস্ফোরিত হয়; কিন্তু কাউকেই এর আঘাত স্পর্শ করেনি।

বুলেট তাদের শরীরকে বিদ্ধ করেনি

আমি (লেখক) নিজের চোখে খাজা মুহাম্মদের পাঞ্জাবি দেখেছি, যা মর্টারের গোলার আঘাতে টুকরো টুকরো হয়েছিল। মর্টার থেকে পাঁচটি গোলা নিক্ষিপ্ত হয়েছিল; কিন্তু তার শরীরে মাত্র একটি আঘাতের চিহ্ন ছিল।

তাঁবুতে আগুন কিন্তু অবস্থানকারী নিরাপদ

ইবরাহিম শাকিক জালালুদ্দীন আমাকে বলেন, ১৯৮৩ সালের ৮ মার্চ, শত্রুবাহিনীর পদাতিক সৈন্যরা আমাদের ওপর গুলিবর্ষণ করে। এতে একটি তাঁবুর ৯টি স্থানে আগুনে পুড়ে যায়। তিনজন মুজাহিদ ভাই তাঁবুতে ছিলেন। কিন্তু কারো কোনো ক্ষতি হয়নি।

আমার জামা পুড়েছিল

ইবরাহিম আমাকে বলেন, ১৪০২ হিজরির ২০ শাবান। বাজি নামক যুদ্ধের ময়দানে আমাদের ওপর অনবরত গুলি নিক্ষিপ্ত হতে থাকে। এতে আমার টেলিস্কোপ ভেঙে যায় এবং আমার জামার বিভিন্ন অংশ পুড়ে যায়। আমি (লেখক) নিজেই ইবরাহিমের সেই দগ্ধ জামা দেখেছি, যার স্মৃতি আমার চোখে এখনো ভাসছে। ইবরাহিমের ছিল প্রচণ্ড বিস্ময়তা। তাঁর সঙ্গে আরো ২০ জন মুজাহিদ ছিলেন, যাদের জামার বিভিন্ন অংশে দগ্ধের চিহ্ন ছিল। কিন্তু তাদের কেউই কোনোরূপ হতাহত হননি।

মাইনের ওপর দিয়ে গাড়ি পার হওয়া

ইবরাহিম আমাকে বলেন, আমরা রাজমা নামক স্থানে ৩০ জন মুজাহিদ ছিলাম। শত্রুরা ছিল সংখ্যায় প্রায় ৩০০ জন, সঙ্গে ছিল ট্যাংক, অস্ত্রবাহী গাড়ি ও প্রচুর পরিমাণ রশদভাণ্ডার। যুদ্ধের একপর্যায়ে তারা পরাজিত হলো। আমরা দুটি দীর্ঘ রেঞ্জের বন্দুক, একটি অস্ত্রবাহী গাড়ি, ৩০০টি গোলা, কিছু মাইন, ৩০ হাজার রাউন্ড গুলি ও ছয়টি একে-৪৭ রাইফেল সংগ্রহ করলাম। আমরা একটি গাড়িতে শত্রুবাহিনীর বন্দি হওয়া সৈন্যদের একত্র করলাম।

সেই গাড়ির চালক মুহাম্মদ রাসুলের পেছনে আমি বসা ছিলাম। হঠাৎ আমাদের গাড়িটি একটি মাইনের ওপর দিয়ে অতিক্রম করে; কিন্তু মাইনটি বিস্ফোরিত হয়নি। একইভাবে আমাদের পেছনের গাড়িটি সেই পতিত মাইনের ওপর দিয়ে অতিবাহিত হয়; কিন্তু প্রচণ্ড আওয়াজে মাইনটি বিস্ফোরিত হয়।

ফাতুল্লাহ আমাকে বলেন, একবার মুজাহিদদের তাঁবুর ওপর একটি বোমা পতিত হয়ে সব তাঁবু আগুনে জ্বলে যায়; কিন্তু তাঁবুতে অবস্থানকারীদের কোনো ক্ষতি হয়নি।

আবদুল করিম আমাকে বলেন, আমি অফিসার সাইয়েদ আবদুল আলীকে দেখেছি, যখন তিনি যুদ্ধের ময়দান থেকে ফিরে এলেন, তাঁর শরীরে পরিহিত জামার বিভিন্ন অংশে বুলেটের আঘাতে ছিদ্র হয়ে আছে; কিন্তু শরীরের কোনো ক্ষতি হয়নি।

শহীদদের কারামত

শহীদদের শরীর থেকে ঘ্রাণ বের হওয়া শহীদদের শরীর থেকে সুঘ্রাণ বের হওয়া মুজাহিদদের কাছে অতিপরিচিত একটি বিষয়। ঘ্রাণের ব্যাপকতা এতটাই বেশি হয় যে, অনেক দূরবর্তী স্থান থেকে তা অনুভব করা যায়।

আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

وَلَمَّا فَصَلَتِ الْعِيرُ قَالَ أَبُوهُمْ إِنِّي لَأَجِدُ رِيحَ يُوسُفَ لَوْلَا أَنْ تُفَنِّدُونِ

> যখন কাফেলা রওনা হলো, তখন তাদের পিতা বললেন, যদি তোমরা আমাকে অপ্রকৃতিস্থ না বলো, তবে বলি, আমি নিশ্চিতরূপেই ইউসুফের গন্ধ পাচ্ছি। *[সুরা ইউসুফ ১২:৯৪]*

ইবনে কাসির রহ. বলেন, যখন মিসর থেকে যাত্রীদল বের হলো, তখন ইয়াকুব আ. ছিলেন ফিলিস্তিনে। দীর্ঘ বছর পর হযরত ইয়াকুব আ. তাঁর ছেলে ইউসুফ

আ.-এর ঘ্রাণ পেলেন। তিনি ভয় পেলেন, যদি অন্যরা এটিকে বৃদ্ধ বয়সের দুর্বলতা বা অতি ভালোবাসায় কথন না বলে বসে। মূলত সুঘ্রাণ অলৌকিকভাবে বহুদূর থেকেই স্থানান্তরিত হয়েছিল।

ঘ্রাণ দ্বারা শহীদকে সনাক্ত করা

মাওলানা আরসালান আমাকে বলেন, এক গভীর রাতের অন্ধকারে শহীদ আবুল বাশিরের শরীর থেকে ঘ্রাণ অনুভব করেই তার মৃত শরীর চিহ্নিত করেছিলাম।

দুই মাইলের অধিক দূরত্ব থেকে শহীদের ঘ্রাণ অনুভূত হওয়া

জালালুদ্দীন অথবা ইবরাহিম আমাকে বলেছেন, আমি আমার গাড়ি চালাচ্ছিলাম। হঠাৎ দূর থেকে এক ব্যতিক্রমী ঘ্রাণ পাচ্ছিলাম। আমার কাছে উপস্থিত সঙ্গীকে বললাম, নিশ্চয় এটি একটি শহীদের শরীর থেকে নির্গত হচ্ছে। যদিও শহীদের শরীরের রক্তের স্বাতন্ত্র্য একটি বৈশিষ্ট্য আছে, যা দেখে বোঝা যায়। আমরা এতে নিশ্চিত ছিলাম না যে সে কি যুদ্ধের ময়দানে শহীদ হয়েছিল, না এই পথে কোনো দুর্ঘটনার শিকার হয়েছিল।

এক শহীদের মায়ের হাতে আতরের ঘ্রাণ তিন মাস পর্যন্ত ছিল

নাসরুল্লাহ মানসুর আমাকে বলেন, আমার ভাই এক যুদ্ধে শহীদ হন। তার শাহাদাতের তিন মাস পর আমার মা তাকে স্বপ্নে দেখেন। স্বপ্নে সে মাকে বলল, আমার সব ক্ষত শুকিয়ে গেছে। শুধু মাথার একটি ক্ষত এখনো রয়ে গেছে। আমার মা বুঝতে পারলেন, নিশ্চয় তার কবর উন্মুক্ত হয়ে গেছে। আমরা তার কবরের কাছে গিয়ে দেখলাম, কবরের উপরিভাগ কিছুটা খুলে গেছে। যখন আমরা কবরটি ধীরে ধীরে মাটি সরিয়ে খুঁড়ছিলাম, তখন কবর থেকে উদ্‌গত তীব্র ঘ্রাণ আমাদের বিমোহিত ও মাতাল করে তুলছিল। আমরা দেখতে পেলাম তার মাথার ক্ষত দিয়ে রক্ত গড়িয়ে পড়ছে। আমার মা সেই রক্তে হাত রাখলেন, রক্ত থেকেও ঘ্রাণ বের হচ্ছিল। পুনরায় তার কবরটি সুন্দর করে মাটি দ্বারা ভরাট করলাম। এভাবে তিন মাস পার হওয়ার পরও আমার মায়ের হাতের আঙুলে ঘ্রাণ বিদ্যমান ছিল। এখনো সেই সুঘ্রাণের হালকা আবেশ রয়ে গেছে।

মুহাম্মদ শিরিন আমাকে বলেন, বুতওয়ারদাক নামক এক স্থানে আমাদের মধ্যকার চারজন মুজাহিদ শহীদ হন। সেখানেই তাদের দাফন করা হয়। চার

মাস অতিবাহিত হওয়ার পরও তাদের কবর থেকে ঘ্রাণ অনুভূত হয়।

মুহাম্মদ শিরিন আমাকে বলেন, আমি আবদুল গিয়াসকে তার মৃত্যুর তিন দিন পরে দেখেছি। সে পায়ের ওপর ভর দিয়ে বসা ছিল। দূর থেকে আমি ধারণা করলাম, হয়তো সে জীবিত আছে। যখন আমি তার নিকটবর্তী হলাম এবং স্পর্শ করলাম, সে একপাশে কাত হয়ে পড়ে গেল।

শহীদের অস্ত্র দিতে বাধা দেওয়া

জুবায়ের মীর আমাকে বলেন, লোগার শহরে আমাদের সাথে থাকা অবস্থায় মীর আগা শহীদ হন। তার সঙ্গে একটি রিভালবার ছিল। শহীদ হওয়ার পরও হাত দিয়ে রিভালবার আঁকড়ে ধরেছিলেন। মুজাহিদরা বিভিন্নভাবে রিভালবারটি হাত থেকে ছাড়িয়ে নিতে চেষ্টা করেছেন; কিন্তু সম্ভব হয়নি। অবশেষে যখন তাকে তার পরিবারের কাছে সমর্পণ করা হয়, তার বাবা কাজি মীর সুলতান তাকে উদ্দেশ্য করে বলেন, 'হে আমার পুত্র, এই রিভালবার এখন আর তোমার অধিকারভুক্ত নয়, মুজাহিদদের উপকারের জন্য দিয়ে দাও।' তৎক্ষণাৎ তার হাত থেকে রিভালবারটি নিচে পড়ে যায়।

জুবায়ের মীর আমাকে আরো বলেন, ১৯৮৩ সালের ফেব্রুয়ারি মাস। লোগার শহরে সুলতান মুহাম্মদ শহীদ হন। তার হাতে ছিল একটি একে-৪৭ রাইফেল। শত্রুরা (রাশিয়ান বাহিনী) তার হাত থেকে অস্ত্রটি নিতে অনেক চেষ্টা করল; কিন্তু সক্ষম হল না। পরিশেষে শহীদের হাত কেটে অস্ত্রটি নিয়ে গেল।

শহীদের মুখে হাসি

আরসালান আমাকে বলেন, আব্দুল জলিল নামে খুবই ধার্মিক একজন ছাত্র ছিল। যুদ্ধের ময়দানে থাকাকালে অতর্কিতে একটি গুলি তাকে আঘাত করে এবং সে শহীদ হয়ে যায়। জানাজার নামাজ আদায়ের পর (কেননা হানাফি মাজহাব অনুযায়ী শহীদদের জানাজ পড়া হয়) তাকে পরিবারের কাছে অর্পণ করা হয়। তখন ছিল পড়ন্ত বিকেল। অন্ধকার ঘনিয়ে আসায় কবর দেওয়ার জন্য সকালের অপেক্ষা করা হয়। তার লাশের পাশে উপবিষ্ট অনেক মুজাহিদ লক্ষ করে দেখেছে, সে চোখ খুলেছে ও হেসেছে। মুজাহিদরা এ অবস্থা দেখে মাওলানা আরসালানের কাছে ব্যক্ত করেন, সে মারা যায়নি। তিনি বললেন, অবশ্যই সে শহীদ হয়েছে। মুজাহিদরা ওই ঘটনা ব্যক্ত করে পীড়াপীড়ি করতে লাগল যে, মৃত্যু নিশ্চিত না হয়ে কবর দেয়া জায়েজ হবে না এবং জনাজা নামাজ পুনরায়

পড়তে হবে। আরসালান দৃঢ়তার সঙ্গে বললেন, অবশ্যই সে গতকাল শহীদ হয়েছে এবং এটি হলো তার কারামত।

শহীদ হামিদুল্লাহর হাসি

বাগমান প্রদেশের সিপাহসালার মুহাম্মদ ওমর আমাকে বলেন, আমাদের সঙ্গে থাকা অবস্থায় হামিদুল্লাহ নামক এক মুজাহিদ শহীদ হন। তাকে দাফন করার সময় আমি দেখলাম, তিনি হাসছেন। আমি চিন্তা করলাম, হয়তো ভুল দেখছি বা কল্পনা আমাকে ঘিরে রেখেছে। কবরের কাছ থেকে ওপরে উঠে এসে আমি ভালোভাবে চোখ ধৌত করলাম। পুনরায় কবরের কাছে গিয়ে তাকে আগের মতোই দেখলাম।

জালালুদ্দিন হক্কানির অধীনস্ত প্রবীণ সিপাহসালার ফাতহুল্লাহ আমাকে বলেন, আমি সোহবত খান নামক এক শহীদকে দাফনের চার দিন পরে দেখেছি, যখন তার কবর উন্মুক্ত করা হয়, সে হাসছিল। তিনি বলেন, আমি ভালোভাবে লক্ষ করে দেখলাম, সে আমার দিকে চেয়ে আছে।

শহীদের শরীর বিকৃত হয় না

মাওলানা আবদুল করিম আমাকে বলেন, আমি ১২০০-এর অধিক শহীদের মৃতদেহ দেখেছি, যার মধ্যে কারো শরীর সামান্যতমও বিকৃত হয়নি। একজন শহীদও এমন পাইনি, যার মৃত শরীর কোনো হিংস্র কুকুর স্পর্শ করেছে। অথচ একই ময়দানে হিংস্র কুকুরের প্রধান উপজীব্য ছিল শত্রুবাহিনীর মৃত শরীর।

ফাতহুল্লাহ আমাকে বলেন, হাকিম নামক আমার এক সহযোদ্ধা আমাকে বলেছেন, আমরা শহীদ তামির খানকে দাফনের সাত মাস পর কবর হতে উত্তোলন করি। কিন্তু এত দিনের ব্যবধানেও তার শরীর সামান্যতম বিকৃত হয়নি। এমনকি তস্থানগুলো হতেও রক্ত প্রবাহিত হচ্ছিল, যার থেকে মেশকের ঘ্রাণ অনুভূত হচ্ছিল।

জিদরান এলাকার জালালুদ্দিন আমাকে বলেন, আমি এমন কোনো শহীদকে দেখিনি যার শরীর কোনো কুকুর ভক্ষণ করেছে। আমি জালাব নামে এক শহীদের ব্যাপারে শপথ করে বলতে পারি, শত্রুবাহিনীর মৃতদেহের মাঝে তারও মৃতদেহ পড়ে ছিল প্রায় ২৫ দিন ধরে। হিংস্র কুকুর বিভিন্ন মৃতদেহ থেকে ভক্ষণ করেছে; কিন্তু ওই শহীদের শরীর ছিল পরিপূর্ণ অবিকৃত অবস্থায়।

শহীদি মাতার স্তন্যপায়ী শহীদ সন্তান

মুজাহিদ ইয়ুরদাল ও তার সহকারী মুহাম্মদ করিম আমাকে বলেন, একজন মহিলা ও তাঁর দুগ্ধপোষ্য মেয়ে উভয়ই শহীদ হন। মহিলার স্বামীর নাম ছিল মিনজাল। লোকজন অনেকে চেষ্টা করেছে মায়ের শরীর থেকে সন্তানকে পৃথক করার; কিন্তু তা সম্ভব হয়নি। হানাফি মাজহাব মতে, একান্ত প্রয়োজন ছাড়া একই কবরে দুজনকে দাফন করা জায়েজ নেই। এই শহীদ জননীর পরিবারবর্গ অপারগতাবশত দুজনকে একই কবরে দাফন করেন।

মুজাহিদদের দোয়া ও আল্লাহ তায়ালার সাহায্য

জাগতু শহরের অধিবাসী মুজাহিদ ইয়ুরদাল আমাকে বলেন, একদা আমাদের ও শত্রুবাহিনীর মধ্যে সাত দিন ধরে তুমুল যুদ্ধ হয়। সপ্তম দিনে আমাদের গোলা-বারুদ শেষ হয়ে যায়। সেই রাতে শত্রুবাহিনী আমাদের চারদিক দিয়ে ঘিরে ফেলে। আগুন জ্বালানোর মতো কোনো উপাদানও আমাদের কাছে ছিল না।

হঠাৎ চারদিক থেকে কাফেরদের ওপর বৃষ্টির ফোঁটার মতো বোমা ও গুলি আপতিত হতে থাকে, যা ছিল তাদের কল্পনারও বাইরে। এতে শত্রুবাহিনীর ৫০০-এর অধিক সৈন্য নিহত হয়, যার মধ্যে ২৩ জন ছিল উচ্চপদস্থ কর্মকর্তা। স্বল্পসংখ্যক সৈন্য বেঁচে ছিল। তারা একপর্যায়ে মুসলিম নেতাদের জিজ্ঞেস করল, মুজাহিদরা এই প্রকারের অস্ত্র কোথায় পেল, যা আমরা (রুশ বাহিনী) কোনো দিন দেখিইনি?

পাথর থেকে পানির ঝর্ণা

বাগমান প্রদেশের সাইদুর রহমান আমাকে বলেন, ওয়াইজান পর্বতে অবস্থানকালে আমরা অত্যন্ত তৃষ্ণার্ত ছিলাম। তীব্র পিপাসা আমাদের নিস্তেজ করে ফেললো। ফলে আমরা সামনে অগ্রসর হতে পারলাম না। আমরা কিছু মেষপালককে জিজ্ঞেস করলাম, এখানে কোনো পানির ব্যবস্থা আছে কি? তারা বলল, এ পর্বতে পানির কোনো ব্যবস্থা নেই। আমরা মহান আল্লাহর কাছে দোয়া শুরু করলাম। হঠাৎ পানিভর্তি একটি শিলাখণ্ড আমাদের কাছে পতিত হলো। আমরা সবাই সেখান থেকে তৃপ্তিসহকারে পানি পান করলাম। সংখ্যায় আমরা ছিলাম ৪৫ জন মুজাহিদ।

বাইয়াল মুহাম্মদ (যিনি জালালুদ্দীন হক্কানির আত্মীয়) আমাকে বলেন, আমরা

ছিলাম সংখ্যায় ৬০ জন। এক স্থানে ২০ জন, অন্য এক স্থানে ৪০ জন। শত্রুরা ছিল প্রায় ১৩০০-এর অধিক। তারা ভারী অস্ত্র ও গোলা-বারুদে সজ্জিত ছিল। ইতিমধ্যে আমি কুরআনের সেই আয়াত দ্বারা আল্লাহ তায়ালার কাছে দোয়া শুরু করলাম। আল্লাহ তায়ালা ইরশাদ করেন–

وَمَا رَمَيْتَ إِذْ رَمَيْتَ وَلَٰكِنَّ اللَّهَ رَمَىٰ

আপনি যখন বালু-মুষ্ঠি নিক্ষেপ করেছিলেন, তখন তা আপনি নিক্ষেপ করেননি, বরং তা নিক্ষেপ করেছিলেন মহান আল্লাহ। *[আনফাল ৮:১৭]*

[বদর যুদ্ধের সময় নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাফেরদের উদ্দেশে এক মুষ্ঠি বালি নিক্ষেপ করেছিলেন। মহান আল্লাহ তায়ালা প্রত্যেক কাফেরের চোখে তা পৌঁছে দেন।]

> فَاقْتُلُوا الْمُشْرِكِينَ حَيْثُ وَجَدْتُمُوهُمْ وَخُذُوهُمْ وَاحْصُرُوهُمْ وَاقْعُدُوا لَهُمْ كُلَّ مَرْصَدٍ فَإِنْ تَابُوا وَأَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ فَخَلُّوا سَبِيلَهُمْ إِنَّ اللهَ غَفُورٌ رَحِيمٌ.
>
> মুশরিকদের যেখানে পাও হত্যা করো, তাদের বন্দি করো ও অবরোধ করো এবং সর্বত্র তাদের জন্য ওত পেতে থাকো। এরপর যদি তারা তওবা করে এবং নামাজ আদায় করে, জাকাত আদায় করে, তবে তাদের পথ ছেড়ে দাও। নিশ্চয়ই আল্লাহ পাক অত্যন্ত ক্ষমাশীল, অতীব দয়াবান। *[তাওবা ৯:৫]*

আফগানিস্তান থেকে ফিলিস্তিন

হিন্দুকুশে আহত হওয়া মুজাহিদদের রক্ত বাইতুল মুকাদ্দাস মুক্তকারী ফিলিস্তিনের যুবকদের জন্যই প্রবাহিত হচ্ছে। আমি দেখছি হেলমন্দের আশপাশে আহত ও নিহত হওয়া শিশুরা গাজা, হাইফা, ইয়াফা, নাবলুস ও আল খলিলের শিশু ও বিধবাদের আর্তচিৎকার পুনরাবৃত্তি করছে। তোমরা কি আমাকে পাথর মনে কর, যার কোনো রক্ত নেই এবং দেশ পরিবার বাইতুল মুকাদ্দাস ও পবিত্র ভূমির প্রতি, যার কোনো টান নেই।

আমরা ও আফগানিস্তানে আসা প্রতিটি ফিলিস্তিনি ও জর্দানি যুবকের চিন্তা জিহাদের এ উজ্জ্বল চিত্র মসজিদুল আকসা, আল খলিল ও বেথেলহেমে ফুটিয়ে তোলা। আমরা আফগানিস্তানে এসেছি এখান থেকে আল্লাহ চাহে তো জিহাদের অভিজ্ঞতা ও দক্ষতা অর্জন করে তা ফিলিস্তিনের পবিত্র ভূমিতে প্রয়োগ করার জন্য।

কামনা আমার শাহাদাত

গৌরব ও বীরভূমি আফগানিস্তানে শাহাদাতবরণকারী যুবকদের কথা মনে পড়লে আমার নিজেকে ছোটই মনে হয়। কারণ কয়েক বছর ধরে আমি শাহাদাতের সন্ধান করছি। এই যুবকদের কামনা তিনি পূরণ করেছেন। কিন্তু আমার কামনা আল্লাহর কাছে এখনো প্রত্যাখ্যাত হয়ে আছে। তাই আমার মনে হয়, আমি এখনো আল্লাহর কাছে সম্মানের পাত্র হইনি। যদি আমি তাঁর কাছে সম্মানের পাত্র হতাম, তাহলে এ যুবকদের মতো আমাকেও তিনি শাহাদাতের জন্য নির্বাচিত করতেন।

হে যুবক ভাইয়েরা, মুজাহিদের অনেক কারামত প্রকাশ পেয়েছে। কিন্তু তারা কারামতের কারণে বিজয় অর্জন করেনি। তারা বিজয় অর্জন করেছে আল্লাহর ওপর তাওয়াক্কুলের কারণে। তাদের আকিদা মানুষের অন্তরে নতুনভাবে জাগ্রত করেছে। তারা পৃথিবীর সবচেয়ে দুর্বল, পশ্চাৎপদ, দরিদ্র ও নিরক্ষর জনগোষ্ঠী। তাদের আল্লাহ পৃথিবীর সর্বাধিক সেনাবাহিনীর রাষ্ট্র সোভিয়েত ইউনিয়নের মোকাবিলা করার জন্য নির্বাচিত করেছেন। আর আল্লাহ সুবহানাহু ওয়াতায়ালা সোভিয়েত ইউনিয়নকে পরাজিত করে আমাদেরকে তাঁর এ কথার সত্যতা দেখিয়ে দিয়েছেন–

كَمْ مِنْ فِئَةٍ قَلِيلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيرَةً بِإِذْنِ اللَّهِ وَاللَّهُ مَعَ الصَّابِرِينَ

আল্লাহর হুকুমে অনেক ক্ষুদ্র দল অনেক বড় দলের ওপর বিজয় লাভ করেছে। আল্লাহ রয়েছেন ধৈর্যশীলদের সঙ্গে। *[বাকারা ২:২৪৯]*

এক মুজাহিদ ভাইয়ের কারামত

কথা অনেক দীর্ঘ। আমি এখন একজন যুবক মুজাহিদের কারামতের ঘটনা বলে আমার বক্তব্য শেষ করব। যুবকটির নাম আহমাদ ফাইজ। সে পাঞ্জশিরের রণক্ষেত্রে আহত হওয়ার খবর পেয়ে তার পরিবারের লোকজন এসে তাকে একটি গাছের খাটে তুলে নেয়। রাস্তা দুর্গম ও উচুঁ-নিচু হওয়ায় তারা তাকে রশি দিয়ে খাটের সঙ্গে বেঁধে নেয়, যাতে পড়ে না যায়। রুশ বাহিনী তাদের দেখার পর গুলি করে সবাইকে হত্যা করে। ভাই আহমাদ ফাইজ এবারসহ দুবার গুলিবিদ্ধ হলো। গুলিতে তার পেটে ছিদ্র হয়ে যায়। কিন্তু সে তখনো জীবিত। সে বলল, আমি চোখ খুললাম। চোখ খুলে দেখি আমি রশিতে বাঁধা। আমার পা ভেঙে যাওয়ায় নড়াচড়া করা সম্ভব হচ্ছিল না। আর আমার শরীরে বাঁধা রশিগুলোও খোলা সম্ভব হয়নি। তখন আমি বললাম, আল্লাহ, আপনি যেভাবেই হোক আমাকে বাঁচান। বলে আমি আশা ছেড়ে দিয়ে ঘুমিয়ে পড়লাম। অতঃপর জাগ্রত হয়ে দেখলাম রশিগুলো খুলে গেছে। তখন আমি চাইলাম নদীর ওপারে যেতে।

নদী ছিল বড় ও প্রবহমান। সুস্থ হলেও আমার পক্ষে এ নদী পার হওয়া সম্ভব ছিল না। আর এখন যেহেতু পেটে ভর দেওয়া ছাড়া আমার পক্ষে নড়াচড়া করাও সম্ভব নয়, সেহেতু এ নদী পার হওয়া তো কল্পনাতীত ব্যাপার। তাই আমি আশাহত হয়ে ঘুমিয়ে পড়লাম। ঘুম থেকে জাগ্রত হওয়ার পর দেখি আমি নদীর ওপারে। এরপর আমি তেরো দিন পেটে ভর দিয়ে চললাম। আমার কাছে কোনো খাবার ছিল না। এ সময় ঘুম থেকে জাগ্রত হওয়ার পর দেখতাম যেন আমি এখনই খাবার খাওয়া শেষ করলাম। এরপর আমি আরেকটি নদীর সম্মুখীন হলাম। তখন আমি ঘুমিয়ে পড়লাম। ঘুম থেকে উঠে দেখি আমি নদীর ওপারে। অতঃপর আরো তেরো দিন বুকে ভর দিয়ে চললাম। এরপর একটি পরিত্যক্ত ঘর দেখে তাতে প্রবেশ করলাম। সেখানে একটি দুধের থলে ছাড়া আর কিছুই ছিল না। দুধের থলেটা যেন আমার জন্য অপেক্ষা করছিল। দুধগুলো পান করে নিলাম। রাতে মুজাহিদরা এ ঘরে ঢুকে একটি রক্তাক্ত ও কর্দমাক্ত আজব প্রকৃতির মানুষ দেখতে পেয়ে দৌড়ে পালিয়ে যায়। তখন আমি ডাক দিয়ে বললাম– আস, আমি আহমাদ ফাইজ।

মুজাহিদরা আমাকে দেখে আশ্চর্য হয়ে জিজ্ঞেস করল, তুমি কিভাবে বেঁচে গেলে? আমরা তো মনে করেছি তুমি মারা গেছ। এরপর সে তাদের তার ঘটনা খুলে বলল। আহমদ ফাইজ এখনও মুজাহিদদের সঙ্গে জিহাদরত। যেদিন সে তার মুজাহিদ ভাইদের এ ঘটনা বলেছে, সেদিন রাতে অদৃশ্য থেকে একটি আওয়াজ আসে যে, তুমি এটা মানুষকে বলে বেড়িও না। এটা আমার ও তোমার মধ্যকার গোপন ব্যাপার। আমি এ কথা বলে আমার বক্তব্য শেষ করছি এবং আমার ও তোমাদের জন্য আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করছি। ওয়াস সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু। এরপর শহীদ আয্যাম রহ. এভাবে দোয়া করলেন–

اللهُمَّ مَكِّنْ لِلْمُؤْمِنِيْنَ فِيْ الْأَرْضِ. اللهُمَّ إِنَّا نَسْأَلُكَ الْفِرْدَوْسَ الْأَعْلَى. اللهُمَّ أَعِنَّا عَلَى ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ. اللهُمَّ أَحْيِنَا سُعَدَاءَ وَأَمِتْنَا شُهَدَاءَ. وَاحْشُرْ فِيْ زُمْرَةِ الْمُصْطَفَى. صَلَّ اللهُمَّ عَلَيْهِ وَسَلَّمْ. اللهُمَّ انْصُرِ الْمُجَاهِدِيْنَ فِيْ أَفْغَانِسْتَانَ وَفِيْ فَلِيسطِيْنَ وَفِيْ لُبْنَانَ وَفِيْ كُل مَكَانٍ. اللهُمَّ ارْفَعْ رَايَةَ الإِسْلَامِ وَحَكِّمْ دَوْلَةَ الْقُرْآنِ وَاجْعَلْنَا مِنْ جُنُوْدِ الْقُرْآنِ. وَصَلَّي اللهُ عَلي سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَصَحْبِه وَسَلَّمَ.

হে আল্লাহ, মুমিনদের পৃথিবীতে কর্তৃত্ব দান করুন। হে আল্লাহ, আমরা আপনার কাছে সর্বশ্রেষ্ঠ জান্নাত ফিরদাউস কামনা করছি। হে আল্লাহ, আমাদের আপনার স্মরণ, কৃতজ্ঞতা ও সুন্দরভাবে ইবাদত করার তাওফিক দিন। হে আল্লাহ, আমাদের পুণ্যবান জীবন ও শহীদি মৃত্যু দান করুন এবং মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দলভুক্ত করে পুনরুত্থিত করুন। হে আল্লাহ, মুজাহিদদের আফগানিস্তান, ফিলিস্তিন ও লেবাননসহ সব স্থানে বিজয় দান করুন। হে আল্লাহ, ইসলামের ঝাণ্ডাকে উন্নত রাখুন, কুরআনের রাষ্ট্র প্রতিষ্ঠা করে দিন এবং আমাদের কুরআনের সৈনিকদের অন্তর্ভুক্ত করুন। হে আল্লাহ, আমাদের নেতা মুহাম্মদ, তাঁর পরিবার ও তাঁর সাহাবিদের ওপর রহমত ও শান্তি বর্ষণ করুন।

ধর্মনিরপেক্ষতাবাদীরা কী চায়

কিছু লোক ধর্মনিরপেক্ষ রাষ্ট্রের স্বপ্ন দেখে। তাদের বলতে চাই, আমরা কি আমাদের সবচেয়ে মূল্যবান বস্তু প্রাণকে সামান্য ভূখণ্ডের জন্য উৎসর্গ করব? ফিলিস্তিনের মাটি আর ফুজাইরার মাটির মূল্য তো একই। ঘর তো আমার, যেখানে ইচ্ছা সেখানে নির্মাণ করা সম্ভব। ব্যাপার তো জমি আর মাটির নয়। ব্যাপার হচ্ছে দীনের, আকিদার, পবিত্র ভূমির, মসজিদুল আকসার ও সেসব লোকের, যারা হুর ও জান্নাত লাভের প্রতিযোগিতায় নেমেছে। যদি জান্নাত ও হুর না পাই, তাহলে কেন আমি নিজের প্রাণ উৎসর্গ করব? যেসব বামপন্থী ফিলিস্তিনের প্রচারমাধ্যম দখল করে রেখেছে, তারা ফিলিস্তিনের পবিত্র সন্তানদের ১৯৬৯ থেকে ১৯৭০ পর্যন্ত ফিলিস্তিনের জিহাদে অংশগ্রহণ করিয়েছিল। তখন তাদের রেডিওতে বলা হতো, যুবকরা ইমবিরিয়ালিয়ার সাম্রাজ্যবাদের বিরুদ্ধে তীব্রভাবে লড়েছে। অথচ যুবকরা ইমবিরিয়ালিয়া কি চেনে না। তাদের যদি জিজ্ঞেস করা হয় ইমবিরিয়ালিয়া কী? তাহলে হয়তো সে ভাববে ইমবিরিয়ালিয়া রাশিয়ার একটি শহর। আমি কি আমার প্রাণ একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য উৎসর্গ করব? যেমন তুরস্ক, যেখানে বিশ্ববিদ্যালয়ে প্রবেশ ও সরকারি চাকরি করতে গেলে হিজাব খুলে যেতে হয়। জর্জ হাবশ, রায়াহ গাদি ও নায়েফ হাওয়াতিমা এখন আরব আমিরাতে। আমি জানিনা এরা ফিলিস্তিনে কী করতে চায়? এরা ফিলিস্তনের সন্তানদের তাদের দীন থেকে দূরে সরিয়ে রেখেছে। এরা ফিলিস্তিনের নামে পৃথিবী ঘুরে বেড়াচ্ছে। আমরা ১৯৬৯ সালে জিহাদ করার সময় যখন আল্লাহু আকবার বলতাম, তখন নায়েফ হাওয়াতিমার গণতান্ত্রিক ফ্রন্ট বলত–

اِنْ تَسْأَلْ عَنِّي فَهٰذِهِ قِيَمِي   اَنَا مَارْكَسِيْ لِيْنِيْنِي اُمَمِيْ

> আমাকে যদি জিজ্ঞেস করো, আমার মূল্যবোধ কী? তাহলে শোন,
> আমি মার্কসবাদী, লেনিনবাদী ও জাতীয়তাবাদী।

এরা ফিলিস্তিনের যুবকদের নষ্ট করেছে। এখনো তারা ধর্মনিরপেক্ষবাদ, বামপন্থা ও সমাজবাদের নামে যুবকদের ধ্বংস করছে। রেডিওর প্রোগ্রাম শুরু হয় এই বলে–

اَنَا يَا أَخِي اٰمَنْتُ بِالشَّعْبِ الْمُضِيْعِ وَالْمُكْبِلِ

وَحَمَلْتُ رَشَاشِي لِتَحْمِلَ الاَجْيَالُ مِنْ بَعْدِنَا مِنْجَلْ

> হে ভাই, আমি ঈমান এনেছি ধ্বংস ও বিতাড়নের শিকার

জনগোষ্ঠীতে এবং নিয়েছি অস্ত্র হাতে, যাতে নিতে পারে পরবর্তী প্রজন্ম কাস্তে হাতে।

ফিলিস্তিনের লড়াই কি কমিউনিজমের আন্তর্জাতিক প্রতীক কাস্তের জন্য? ওহে বস্তুবাদীরা, তোমরা তোমাদের প্রাসাদে থেকে মনে করছ যে ফিলিস্তিনের যুবকরা তোমাদের পক্ষ নিয়েছে। তোমরা বোকার স্বর্গে বাস করছ। এ ফিলিস্তিনি যুবকদের আন্দোলিত করছে ইসলাম, মসজিদুল আকসা ও শাহাদতস্পৃহা। নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন–

لِلشَّهِيدِ عِنْدَ اللهِ سَبْعُ خِصَالٍ: يُغْفَرُ لَهُ فِي أَوَّلِ دَفْعَةٍ مِنْ دَمِهِ، وَيَرَى مَقْعَدَهُ مِنَ الْجَنَّةِ، وَيُحَلَّى حُلَّةَ الإِيمَانِ، وَيُزَوَّجُ اثْنَيْنِ وَسَبْعِينَ زَوْجَةً مِنَ الْحُورِ الْعِينِ، وَيُجَارُ مِنْ عَذَابِ الْقَبْرِ، وَيَأْمَنُ مِنَ الْفَزَعِ الأَكْبَرِ، وَيُوضَعُ عَلَى رَأْسِهِ تَاجُ الْوَقَارِ الْيَاقُوتَةُ مِنْهُ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فِيهَا، وَيَشْفَعُ فِي سَبْعِينَ إِنْسَاناً مِنْ أَهْلِ بَيْتِهِ.

শহীদের জন্য তার প্রভুর কাছে সাতটি পুরস্কার রয়েছে। তার রক্ত প্রবাহিত হওয়ার সঙ্গে সঙ্গে তাকে ক্ষমা করা হবে, তার জান্নাতের আসন দেখানো হবে, কবরের আজাব থেকে তাকে রক্ষা করা হবে। কিয়ামতের বিভীষিকা থেকে নিরাপদ রাখা হবে, একটি সম্মানের তাজ পরানো হবে, যার একটি ইয়াকুত দুনিয়া ও তাতে যা কিছু আছে তার চেয়ে উত্তম, বাহাত্তরটি ডাগর চক্ষুবিশিষ্ট হুরের সঙ্গে বিবাহ দেওয়া হবে ও তার পরিবারের জাহান্নামে প্রবেশযোগ্য সত্তরজনকে ক্ষমাকরণে তার সুপারিশ গৃহীত হবে। *[হাদিসটি সহিহ ও ইমাম আহমদ তিরমিজি ও ইবনে হাব্বান কর্তৃক বর্ণিত]*

ইসরায়েল ধ্বংসের জন্য দুই হাজার মুজাহিদ যথেষ্ট

এ ব্যাপারে শত ভাগ নিশ্চিত যে, যদি আমার হাতে আল্লাহর ওপর ঈমান আনয়নকারী ও শাহাদাত কামনাকারী দুই হাজার মুজাহিদ থাকে, তাহলে আল্লাহর ইচ্ছায় আমরা ইসরায়েলকে ধ্বংস করতে সক্ষম হব। প্রশ্ন আসতে পারে, আমরা কিভাবে ইসরায়েল পর্যন্ত পৌছতে সক্ষম হব? এর উত্তর একটাই– যদি আল্লাহ সুবহানাহু ওয়াতায়ালা আমাদের সততা ও নিষ্ঠা দেখেন, তাহলে তিনি অবশ্যই আমাদের জন্য পথ খুলে দেবেন, যেমন খুলে দিয়েছেন

আফগানিস্তানে। চিরঞ্জীব আল্লাহ ব্যতীত আমাদের কোনো কিছু করার ক্ষমতা নেই।

আফগান জিহাদে আল্লাহর সাহায্যের নমুনা

আমি বলছি, আফগানিস্তান তার ত্যাগের বিনিময়ে গন্তব্যে পৌঁছে গেছে। মানুষ এখন আফগানিস্তান নিয়ে আশঙ্কায় ভুগছে। আবার এও ভাবছে, আল্লাহর সাহায্য আমাদের সঙ্গে আছে। বিশ্বাস করুন, রাশিয়া, আমেরিকা ও চীন থেকে শুরু করে গোটা পৃথিবী মুজাহিদদের হাতে ক্ষমতা না যাওয়ার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। মার্কিন প্রতিরক্ষামন্ত্রী কার্লচলিকে ন্যাটোর প্রতিরক্ষামন্ত্রীরা এক বৈঠকে বলল, মনে হচ্ছে গর্বাচেভ পাশ্চাত্যের ব্যাপারে তাঁর রাজনীতিতে পরিবর্তন আনছেন। কারণ, তিনি ঘোষণা দিয়েছেন যে, পূর্ব ইউরোপ থেকে তিনি শিগগিরই ১০ লাখ সৈন্য ফিরিয়ে নেবেন। কার্লচলি বললেন, আপনারা কি এটা বিশ্বাস করেন, আফগানরা বিশ্ব নিয়ে গর্বাচেভের যে চিন্তাধারা ছিল তাতে পরিবর্তন এনে দিয়েছে?

রিগ্যান হেকমতিয়ারের সঙ্গে সাক্ষাৎ করার জন্য কত চেষ্টা করেছে! কিন্তু হেকমতিয়ার তা বারবার প্রত্যাখ্যান করেছেন। পাকিস্তানি রাষ্ট্রদূত বললেন, আপনি কি পাগল? ৬০ জন রাষ্ট্রপ্রধান রিগ্যানের সঙ্গে সাক্ষাতের আবেদনের তালিকায় রয়েছেন। কিন্তু রিগ্যান তাঁদের সময় পিছিয়ে দিচ্ছেন এবং না করে দিচ্ছেন। আর আপনার সঙ্গে সাক্ষাৎ করতে চাওয়ার পরও আপনি তা প্রত্যাখ্যান করছেন! হেকমতিয়ার বললেন, হ্যাঁ! যদি তোমরা বেশি চাপাচাপি কর, তাহলে আমি এখনই আমেরিকা ছেড়ে চলে যাব। জাতিসংঘ প্রতিনিধি কর্ডফেজ ইউনুস খালিসের সঙ্গে কতবার সাক্ষাৎ করতে চেয়েছেন। কিন্তু তিনি অস্বীকৃতি জানিয়েছেন। রাশিয়ার পররাষ্ট্র প্রতিনিধি ফ্রান্টসফ গত অক্টোবরে জাতিসংঘের শেষ অধিবেশনে বলেছেন, আমি রব্বানির সঙ্গে গোপনে সাক্ষাৎ করতে চাই। রব্বানি বললেন, না। সাক্ষাৎ করলে প্রকাশ্যে ও পৃথিবীর লোকেরা জানে এভাবে করতে হবে। বললেন, তাহলে রাশিয়ায় হোক। রব্বানি বললেন, না, কোনো ইসলামী রাষ্ট্র– যেমন পাকিস্তান বা সৌদি আরবে হতে হবে। এ কথা বলে রব্বানি জাতিসংঘ থেকে সৌদি আরবে চলে এলেন। সৌদি আরবে আসার পর টেলিফোন এল যে, রাশিয়ানরা রব্বানির সঙ্গে সাক্ষাৎ করার জন্য সৌদি আরবে যেতে প্রস্তুত। কিন্তু কিভাবে আসবে? সৌদি আরবে তো তাদের দূতাবাস নেই! বাদশা ফাহাদের কাছে অনুমতি চাও। রাশিয়া বাদশা ফয়সালের আমলে দূতাবাস খোলার অনুমতি চেয়ে ব্যর্থ হয়েছিল। তিনি বলেছিলেন, যারা

আল্লাহকে চেনে না, তাদের আমরাও চিনি না।

অনুমতি চাওয়ার পর বাদশা তাদের প্রবেশের অনুমতি দেন। ফ্রান্টসফ তার দল নিয়ে এলেন। রব্বানি বললেন, আমাদের তিনটি শর্ত। প্রথমত, সম্মেলনকক্ষে তোমাদের আগে প্রবেশ করতে হবে, যাতে আমরা প্রবেশ করলে তোমরা দাঁড়িয়ে আমাদের সম্মান করতে পার। তাঁরা বললেন, ঠিক আছে। দ্বিতীয়ত, আমরা তোমাদের সঙ্গে করমর্দন করব না। তৃতীয়ত, আফগানিস্তানের ভবিষ্যৎ সরকার গঠনে তোমরা কোনো প্রভাব খাটাতে পারবে না। নজিবের সরকারই তোমাদের শেষ সরকার। আলোচনা শুরু হলো। ফ্রান্টসফ শুধু একটি আবেদনই করলেন। আর তা হচ্ছে, নজিবের সরকারে মুজাহিদদের পক্ষ থেকে তিনজন ক্ষমতাসীন হওয়া, যাতে আমরা বিশ্বকে বলতে পারি, আমরা মুজাহিদদের সঙ্গে চুক্তি করে আফগানিস্তান থেকে বের হয়ে এসেছি। তাঁর এ কথায় তাঁকে বলা হলো, ইসলাম যেখানে মুরতাদকে বেঁচে থাকার অধিকার দেয় না, সেখানে আমরা কিভাবে কমিউনিস্ট নজিবকে আমাদের সঙ্গে দেশ শাসনের অধিকার প্রদান করতে পারি? আমরা একজন কমিউনিস্টকেও আমাদের সরকারে গ্রহণ করব না। দেখুন, ইসলামের সর্বোচ্চ চূড়াকে আঁকড়ে ধরে মুজাহিদরা মর্যাদার কত শীর্ষে আরোহণ করেছেন।

এ যুদ্ধ কেবল আকিদা ও দীনকেন্দ্রিক যুদ্ধ

জিহাদের প্রতি বিদ্বেষ ও ভয়ের কারণে বিশ্ব সম্প্রদায় এখন বলা শুরু করেছে যে, আফগানিস্তানে গৃহযুদ্ধ চলছে। আমরা বলতে চাই, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও আবু জাহলের মধ্যে যে যুদ্ধ সংঘটিত হয়েছিল, সেটাও তাহলে গৃহযুদ্ধ। কারণ আবু জাহল ও রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উভয়ে মক্কার অধিবাসী ছিলেন। অতএব, বদর, উহুদ, খন্দকসহ প্রায় যুদ্ধই গৃহযুদ্ধ ছিল। এখন তাহলে মুসলমানরা এসব যুদ্ধকে কোন ধরনের যুদ্ধ হিসেবে গ্রহণ করবে? মূলত আমাদের দীন গৃহযুদ্ধের মাধ্যমে যাত্রা শুরু করেছে। তবে এ যুদ্ধ কেবল আকিদা ও দীনকেন্দ্রিক যুদ্ধ।

আল্লাহর সাহায্যে আফগানিস্তানের কমিউনিস্টদের পরিণাম

আফসোস, যদি আরববিশ্বের বামপন্থীরা এসে আফগানিস্তানের কমিউনিস্ট পার্টির পরিণাম দেখে যেত! রাশিয়া যখন তার সৈন্যদের ফিরিয়ে নেওয়ার ঘোষণা দিল, তখন রুশ সৈন্যরা এসে মুজাহিদদের কাছে আফগান

কমিউনিস্টদের বিক্রি করার প্রস্তাব দেয়। একজন কমিউনিস্টের মূল্য আড়াই ডলার পর্যন্ত পৌঁছেছে।

এরা তাদের ছাগলের মতো বিক্রি করে দেওয়া শুরু করে। এরা যাওয়ার আগে মুজাহিদদের কাছে একজনকে পাঠিয়ে প্রস্তাব দিত যে, অমুক কেন্দ্রে ১০০ জন কমিউনিস্ট আছে। আড়াই শ ডলার দিয়ে ওদের যা ইচ্ছা তাই করুন। প্রথমে আমি এটা বিশ্বাস করতাম না। কাবুলের যেসব মুজাহিদ নেতাদের সঙ্গে এ ঘটনা ঘটেছে, তারা যদি আমাকে সরাসরি না বলতেন, তাহলে এটাকে আমি কখনোই বিশ্বাস করতাম না। মুজাহিদরা কমিউনিস্টদের অর্থ দিয়ে কিনে হত্যা করেছে। রুশ সৈন্যরা তিনটি মুরগির বিনিময়ে কমিউনিস্ট পার্টির অফিস বিক্রি করে দিয়েছে। রাশিয়া আফগানিস্তানের কমিউনিস্ট পার্টিকে মুজাহিদদের সামনে যেন বাঘের সামনে ছাগল রেখে যাওয়ার মতো রেখে চলে গেছে। তা যদি আরববিশ্বকে ধ্বংসকারী কমিউনিস্ট জর্জ হাবশ, মাহমুদ দরবেশ ও হেনা আলজাবেরিরা এসে প্রত্যক্ষ করে যেত!

মানুষ আফগানিস্তান নিয়ে শঙ্কা বোধ করছে যে, ভবিষ্যতে মুজাহিদদের মধ্যে ক্ষমতা নিয়ে দ্বন্দ্বের সৃষ্টি হবে। মুজাহিদরা ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার দ্বারপ্রান্তে পৌঁছে গেছে। অবশ্যই এ নিয়ে পুরো বিশ্বে হইচই শুরু হয়ে গেছে। রাশিয়া ধ্বংস হওয়ার জন্য যে আমেরিকানরা এ জিহাদ নিয়ে ছয়-সাত বছর ধরে আনন্দিত, তারা পর্যন্ত মুজাহিদদের ব্যাপারে আশঙ্কায় ভুগছে।

মসজিদুল আকসা পুনরুদ্ধারই মূল উদ্দেশ্য

আমেরিকা মুজাহিদদের প্রতি সন্তুষ্ট নয়। কারণ তারা মৌলবাদী ও ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠায় অনড়। তারা তাদের রাষ্ট্রের সংবিধানের প্রথম ধারায় উল্লেখ করছে, আমাদের রাষ্ট্র জিহাদের রাষ্ট্র, যার প্রথম করণীয় হচ্ছে মসজিদুল আকসাকে উদ্ধার করা। আমেরিকা সৌদি আরবকে বলেছে, মুজাহিদদের সরকারকে তোমরা কিভাবে স্বীকৃতি দান করলে, অথচ আমরা এখনো তাদের স্বীকৃতি দিইনি। তোমরা এ মারাত্মক কাজ কিভাবে করলে?

জিহাদের প্রভাব

প্রায় এক বছর ধরে আমেরিকা মুজাহিদ নেতাদের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলেছে। সাইয়াফ আমেরিকান প্রতিনিধি লামকোস্টকে বলেছেন, তোমরা পৃথিবীর সবচেয়ে বড় দুষ্ট লোক। তোমরা ইসলামকে ঘৃণা কর। তোমরা রক্ত

পিপাসু। তোমরা আমাদের জিহাদের ফল থেকে বঞ্চিত রাখার ষড়যন্ত্র করছ।

মার্কিন পররাষ্ট্র প্রতিনিধি সাইয়াফকে বলেছে– তিনি জংলি লোক, আমি যে মার্কিন পররাষ্ট্র প্রতিনিধি তা সবাই জানে কিন্তু এ লোক জানেন না। তার কথায় সাইয়াফের চেহারা লাল হয়ে যায়। সাইয়াফ বললেন, আমরা ইসলামী রাষ্ট্র কায়েম করতে চাই। আমাদের কাছে তোমাদের প্রয়োজন নেই। তোমরা চলে যাও। অর্থনৈতিক অবরোধ আরোপ করবে, কর। আফগানরা অর্থনৈতিক অবরোধকে ভয় করে না। তারা রুটি ও চিনি ছাড়া চা খেয়ে থাকতে পারে। তাদের দেশে চা উৎপন্ন হয়। হ্যাঁ, পশ্চিমা দেশগুলো গম, চাল ও চিনি উৎপন্ন করে, যা আফগানদের প্রয়োজন মেটায়। এর পরও দুনিয়াকে তারা সালাম জানিয়ে দেশ পরিচালনা করতে পারবে। তাদের রাষ্ট্রীয় বাজেট কোনো দেশের প্রতি মুখাপেক্ষী নয়। লোগারে তাদের কাছে তামার খনি আছে। রাশিয়া এ তামার মূল্য থেকে প্রতিবছর এক বিলিয়ন ডলার নিয়ে নিত। শিবরগানে তাদের গ্যাসের খনি আছে। তা থেকে বছরে সত্তর বিলিয়ন ঘনফুট গ্যাস উৎপন্ন হয়। রাশিয়া তা থেকে নিজের প্রয়োজন সেরে প্রতিবছর পশ্চিমা দেশগুলোকে পাঁচ শ মিলিয়ন ডলারের মতো বিক্রি করত। কান্দাহারে তাদের ইউরেনিয়ামের খনি আছে। পাঞ্জশিরে মরকত (মণি) উৎপন্ন হয়, যার অর্ধাঙ্গুল পরিমাণ একটি টুকরা বিক্রি হয় অর্ধ মিলিয়ন ডলারে। জাইয়ুন নদীর তীরে স্বর্ণ উৎপন্ন হয়। বামিয়ানে রয়েছে লোহার খনি। এ লোহা পৃথিবীর সবচেয়ে পরিষ্কার লোহা। তাদের আর কিসের প্রয়োজন?

জিহাদভীতি

গোটা পৃথিবী রণাঙ্গনে পরিপক্বতা লাভকারী ইসলামী আন্দোলনের এ যুবকদের ভয় করছে। আল্লাহ তাদের আফগানিস্তানের ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার জন্য জীবিত রাখুন, যাতে তারা মানুষের দীন, সম্পদ ও ইজ্জতের নিরাপত্তাস্থল হতে পারে। আফগানিস্তান বিশ্ব-মুসলিমদের জিহাদের ঘাঁটিতে পরিণত হওয়ার ভয় করছে পশ্চিমারা। তারা ভয় করছে আফগানিস্তান বিভিন্ন দেশ থেকে বিতাড়িত ইসলামী আন্দোলনের কর্মীদের আশ্রয়কেন্দ্রে পরিণত হওয়ার। আমেরিকায় লেখালেখি হচ্ছে যে, শিগগিরই মুজাহিদরা পূর্ব সোভিয়েত ইউনিয়নের ইসলামী অঞ্চলগুলোতে তাদের জিহাদ ছড়িয়ে দেবে। অতঃপর সোভিয়েত ইউনিয়নকে টুকরা টুকরা করে ইউরোপ পর্যন্ত চলে আসবে এবং ইউরোপের অঞ্চলগুলো আবার জিজিয়া দিতে বাধ্য হবে, যেমন দিয়েছিল তুর্কিদের। ইহুদিরা পশ্চিমাদের এসব বলে সতর্ক করছে। আমি কয়েক বছর ধরে উপলব্ধি করছি যে, ইহুদিরা

ফিলিস্তিনের জিহাদকে প্রচণ্ড ভয় করছে। তাদের ভাষায় ইন্তাফাদা নামের এ জিহাদ ফিলিস্তিনিদের নতুনভাবে জাগিয়ে তুলেছে। আলহামদুলিল্লাহ ফিলিস্তিনিরা এখন আল্লাহু আকবারের ধ্বনিতেই আন্দোলিত হচ্ছে। হামাস ইসলাম থেকে বিচ্যুত যুবকদের সিরাতুল মুস্তাকিমে ফিরিয়ে আনার কাজ শুরু করেছে। আমাদের ওপর যে বিভিন্নভাবে চাপ আসতে শুরু করেছে তা আমি অবশ্যই টের পাচ্ছি। ইহুদিরা জেনেভা সম্মেলনে পাকিস্তানের মুজাহিদ প্রশিক্ষণ ক্যাম্পগুলো বন্ধ করার দাবি জানিয়েছে, যাতে কোনো আরব সেখানে প্রশিক্ষণ গ্রহণ করতে না পারে। অধিকৃত ভূমিতে আফগানিস্তানে প্রশিক্ষণপ্রাপ্ত এক যুবকের অপারেশনে ইহুদিরা হতবাক হয়ে গেছে।

বর্তমানে পাকিস্তানি ভিসার ব্যাপারে যেসব কড়াকড়ি পরিলক্ষিত হচ্ছে, তা আমেরিকান ও পশ্চিমা চাপের ফলে হচ্ছে। চার বছর আগেও পৃথিবীর যেকোনো দেশ ও যেকোনো ধর্মের লোক পাকিস্তানে ভিসা ছাড়া প্রবেশ করতে পারত। বর্তমান পেট্রো ডলারের দেশগুলোতে প্রবেশ করা পাকিস্তানে প্রবেশ করার চেয়ে অনেক সহজ। পাকিস্তানে প্রবেশের ব্যাপারে এসব কড়াকড়ি আন্তর্জাতিক চাপের ফলে করা হচ্ছে। এয়ার লাইন্স কোম্পানিগুলোর প্রতি নির্দেশ এসেছে, ভিসা ছাড়া কাউকে পাকিস্তানে নিয়ে যাবে না। যদি পাসপোর্ট চেক করার পর কারো ভিসা পাওয়া না যায়, তাহলে তাকে ফেরত পাঠাবে। অনেক যুবককে ভিসা না থাকার কারণে বিমানবন্দর থেকে ফেরত পাঠানো হয়েছে। ফেরত পাঠানোর খবর শুনে কোনো কোনো যুবক জিহাদের প্রতি অত্যধিক অনুরাগের ফলে বিমানবন্দরে বেহুঁশ পর্যন্ত হয়ে গেছে।

হে বিশ্বের মুসলিমরা, তোমরা শুনে রাখ, আফগানিস্তান হচ্ছে একটি পূর্ণাঙ্গ শিক্ষালয়, এর প্রতি মনোযোগ দেওয়া এবং এখান থেকে শিক্ষা গ্রহণ করা মুসলমানদের কর্তব্য। কথা অনেক দীর্ঘ। জিহাদের আলোচনা মনের কাছে খুব প্রিয়। কিন্তু সব এখানে বলে শেষ করা যাবে না। আমি জিহাদের ব্যাপারে মনকে এ কথা বলে প্রবোধ দিই–

وَقَفَ الْهَوَىٰ بِيْ حَيْثُ أَنْتَ :: فَلَيْسَ لِيْ مُتَأَخَّرٌ عَنْكَ وَلَا مُتَقَدَّمُ

أَجِدُ الْمَلَامَةَ فِيْ هَوَاكَ حُبًّا :: لِذِكْرِكَ فَلْيَلُمْنِيْ اللُّوَّمُ

তোমার ভালোবাসা স্থান করে নিয়েছে আমার মনে,
সে তোমাকে ছেড়ে দিচ্ছে না আমাকে কোথাও যেতে।
তোমার ভালোবাসার কারণে পাওয়া তিরস্কার আমাকে
উৎসাহিত করছে বারবার স্মরণ করতে তোমাকে।

অতএব, যার ইচ্ছা করুক তিরস্কার আমাকে
এ করে সে পারবে না আমাকে তোমায় ভোলাতে।

আমি এখন তোমাদের মধ্যে উপস্থিত। কিন্তু আমার মন এখন আফগানিস্তানে, জালালাবাদে। আমি যখন ক্যাম্প থেকে পেশোয়ারে আমার পরিবারের সঙ্গে দেখা করতে আসি, তখন আমার কষ্ট লাগে। অথচ আমি যাচ্ছি পরিবারের সঙ্গে দেখা করতে। যদি আমাকে ইসলামাবাদে যেতে হয়, তাহলে পথের দূরত্বের কারণে আমার কষ্ট আরো বেড়ে যায়। এমনকি হজের সময় যখন বাইতুল্লাহর তাওয়াফ করি, তখনো আমার অন্তর ঘুরে বেড়ায় আফগানিস্তানের মুজাহিদ ক্যাম্পে।

হেরেমে অবস্থানের চেয়ে জিহাদের পথে থাকা উত্তম

আফগানিস্তান রণাঙ্গনে অবস্থান করা হেরেমে অবস্থান করার চেয়ে অনেক উত্তম। যেমন আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন–

لَأَنْ أُرَابِطَ فِيْ سَبِيْلِ اللهِ سَاعَةً أَحَبُّ إِلَيَّ أَنْ أَقُوْمَ لَيْلَةَ الْقَدْرِ عِنْدَ الْحَجَرِ الْأَسْوَدِ

আল্লাহর রাস্তায় কিছুক্ষণ পাহারাদারি করা আমার কাছে লাইলাতুল কদরে হাজরে আসওয়াদকে সামনে নিয়ে ইবাদত করার চেয়ে অধিক প্রিয়। *[ইবনে হাব্বান]*

আল্লাহর রাস্তায় এক দিন ব্যয় করা কেবল ইমারাত, জর্দান ও কায়রো নয়, সারা দুনিয়া থেকেও উত্তম। আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন–

رِبَاطُ يَوْمٍ فِيْ سَبِيْلِ اللهِ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا عَلَيْهَا

আল্লাহর রাস্তায় একদিন অবস্থান করা দুনিয়া ও তাতে যা কিছু আছে তা থেকে উত্তম। *[বুখারি]*

জিহাদের প্রতি বিদ্বেষ ছড়ানো

আফগান জিহাদের ব্যাপারে বিশ্বব্যাপী একটি আতংকও সৃষ্টি হয়েছে। তাই তারা ইসলামের সন্তানদের অন্তরে প্রোথিত জিহাদের এ পবিত্র শপথকে বিনাশ করার জন্য বিভিন্ন পন্থা অবলম্বন করেছে। স্টিংগার ক্ষেপণাস্ত্রের বিষয়টি গোটা বিশ্বের সাংবাদিকদের গল্পগুজবের বস্তু হয়ে দাঁড়িয়েছে। অবস্থা এমন পর্যায়ে এসে

দাঁড়িয়েছে যে, এ পবিত্র জিহাদ সিআইএ কর্তৃক পরিচালিত একটি মার্কিন খেলায় পরিণত হয়েছে। মুজাহিদদের কলঙ্কিত করতে তারা বিভিন্ন নেতিবাচক ছবি তুলে মুজাহিদদের নামে প্রচার করছে। এ উদ্দেশ্যে তারা একটি ছবি তৈরি করেছে যে জনৈক আবদুল কাদির নামে কান্দাহারের একজন ডাকাত মাদক সেবন করছে। এরপর সে একটি ক্যাম্পে হামলা করছে। ওরা আফগানিস্তানের জিহাদকে পতিপয় মাদকসেবী আবদুল কাদির প্রমুখের ব্যাপারে পরিণত করেছে, যারা মাদক খেত ধ্বংস ও নিষিদ্ধ করতে আসা কমিউনিজমের বিরুদ্ধে লড়াই করছে। এদের শিরা-উপশিরায় চলাচল করা সুপ্ত জিহাদ বিদ্বেষের ঘৃণ্য প্রকাশ ঘটেছে আইআরসির হাসপাতালে। এ হাসপাতালে চিকিৎসা গ্রহণ করতে যাওয়া মহিলাদের শতকরা ৩৭ জনের জরায়ু কেটে ফেলা হয়েছে, যাতে তারা আর কখনো সন্তান জন্ম দিতে না পারে। উম্মাহর বীর সন্তানদের অন্তরে সৃষ্ট কিতালের ভালোবাসার প্রতি খ্রিস্টবাদীদের সুপ্ত বিদ্বেষ তখন দেখা গেছে, যখন তারা কান্দাহারে আহত মুজাহিদদের সেবা করতে গিয়ে বলল, তোমার পা কেটে গেছে, তার জন্য তো তোমাকে আজীবন বেকার ও পরের বোঝা হয়ে থাকতে হবে।

আন্তর্জাতিক ষড়যন্ত্রের রূপ এখন আমরা দেখতে পাচ্ছি। এ ষড়যন্ত্রকারীরা জার্মান ও জাপানের মতো আফগানিস্তানকেও অস্ত্রমুক্ত করতে চায়। জার্মানরা যখন ১৯১৪ সালে প্রথম বিশ্বযুদ্ধে অংশগ্রহণ করল এবং এরপর ২৫ বছরের ব্যবধানে দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশগ্রহণ করল, তখন তারা বলল, জার্মানদের অন্তরে সৃষ্ট যুদ্ধের দাবানল নিভিয়ে ফেলার জন্য তাদের খণ্ডবিখণ্ড করার বিকল্প নেই। তারা জার্মানদের দুই ভাগে ভাগ করে ফেলল। এক ভাগ রাশিয়ার ও আরেক ভাগ আমেরিকার। অতঃপর তারা জার্মানদের অর্থ ও কারিগরি কাজে ডুবিয়ে রাখে এবং অস্ত্রমুক্ত দেশে পরিণত করে। এভাবে তারা সফল হলে আফগাস্তিানকেও অর্থ ও শিল্পকাজে ডুবিয়ে রাখবে। আমি মনে করি তারা সফলকাম হবে না। আল্লাহ তাদের ষড়যন্ত্র তাদের দিকেই ছুড়ে মারবেন। আল্লাহ বলেন–

وَاللّٰهُ غَالِبٌ عَلٰٓى اَمْرِهٖ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ

> আল্লাহ তার কাজে সফল। কিন্তু মানুষের অধিকাংশই তা জানে না। *[সুরা ইউসুফ ১২:২১]*

আন্তর্জাতিক অর্থ তহবিলের কাছে তারা প্রস্তাব রাখেছে, আফগানিস্তানকে অর্থ, কারিগরি ও চাষাবাদ প্রকল্পে ডুবিয়ে রাখতে এবং অস্ত্রমুক্ত করতে। ফলে

আফগানিস্তান প্রতিরক্ষা মন্ত্রণালয়বিহীন দেশে পরিণত হবে। কারণ তারা বিগত শত বছরে কয়েকবার আফগানদের হাতে মার খেয়েছে। এ যুদ্ধ ইউরোপিয়ানদের বিরুদ্ধে আফগানদের চতুর্থ যুদ্ধ। সব যুদ্ধে তারা আফগানদের হাতে পরাজিত হয়েছে।

আফগানদের প্রতিরোধযুদ্ধসমূহ

১৮৪২ খ্রিস্টাব্দে আফগান মুসলিম জনতা ১৭ হাজারের ব্রিটিশ বাহিনীকে সম্পূর্ণরূপে খতম করেছে। কেবল ডা. ব্রাইডান নামের একজনকে না মেরে জীবিত রেখেছিল, যাতে সে মানুষের কাছে তাদের নির্মম পরাজয়ের কথা প্রচার করতে পারে। ১৮৮০ খ্রিস্টাব্দে চার হাজারের ব্রিটিশ বাহিনী কাবুলে খতম হওয়ার পর তারা বুখারায় আশ্রয় গ্রহণকারী একজন বন্দি নেতা আবদুর রহমান খানকে আফগানিস্তানের ক্ষমতায় বসায়, যাতে সে ব্রিটিশদের ক্রীড়নক হিসেবে কাজ করতে পারে। ১৯১৯ সালে যখন আফগান ইসলামী বাহিনী ভারতের সীমানা পার হয়ে 'তিল' পর্যন্ত পৌঁছে যায় এবং ইংরেজ সরকার তাদের দ্বিতীয়বার দিল্লি পৌঁছে যাওয়ার আশঙ্কা করল, তখন টিসার্সেল লন্ডন থেকে আফগানিস্তানের স্বাধীনতা ঘোষণা করে। অতঃপর ধর্মহীন একজন আমানুল্লাহ খানকে আফগানিস্তানের ক্ষমতায় বসায়, যে আফগানিস্তানকে কামাল আতাতুর্কের তুরস্কের পথে নিয়ে যেতে চেয়েছিল।

আফগান মহিলাদের জরায়ু কর্তন

জার্মান ও ফ্রান্সের অনেক চিকিৎসক চিকিৎসার নামে আফগান মহিলাদের জরায়ু কেটে ফেলে, যাতে তারা গর্ভবতী হতে না পারে। মহিলারা বাচ্চা প্রসবের জন্য তাদের চিকিৎসালয়ে গেলে বাচ্চা প্রসব শেষে তাদের জরায়ু কেটে ফেলা হয়। কারণ তারা আফগানদের বংশ বৃদ্ধিতে শঙ্কাগ্রস্থ। জন্ম নিয়ন্ত্রণের ট্যাবলেট আফগানিস্তানে খুব জোরেশোরে বিতরণ করা হচ্ছে। আফগান মহিলারা তাদের কাছে এসে মাথাব্যথার কথা বললে তারা জন্মনিয়ন্ত্রণ বড়ি খাইয়ে দেয়।

আমাদের ভাই ডাক্তার সালেহ মাজার শরিফ ও বলখে গিয়েছিলেন। তিনি বলেছেন, আমি সেখানে যে জিনিসটি বেশি বিতরণ করতে দেখেছি, সেটা হচ্ছে জন্মনিয়ন্ত্রণ ও বন্ধ্যাকরণ ট্যাবলেট এবং মাদক। পাশ্চাত্যের চিকিৎসকরা মুজাহিদদের মাঝে মাদক বিতরণ করছে। কেউ এসে পেটের ব্যথার কথা জানালে তারা তাকে মাদকের ট্যাবলেট খাইয়ে দেয়। কারণ তারা আফগানদের ইউরোপ দখল করার ভয় করছে।

আন্তর্জাতিক মিডিয়ার খবরদারি

আমি তোমাদের কসম করে বলতে চাই এবং এ কথা কসম করে বললে আমার কাফফারা দিতে হবে না যে, আল্লাহর শত্রুরা পৃথিবীর অন্য কোনো অঞ্চলকে আফগানিস্তানের মতো ভয় পায় না এবং তারা পৃথিবীর অন্য কোনো দেশের লোককেও আফগান ও তাদের দেশে জিহাদ করতে আসা লোকদের মতো আশঙ্কার দৃষ্টিতে দেখে না। তোমরা মনে করছ, তোমরা এখানে বসে আছ এবং পৃথিবীর লোকরা তোমাদের ব্যাপারে বেখবর। কতিপয় বাদে পৃথিবীর সব মিডিয়া পরিকল্পনা এঁটেছে, কিভাবে জিহাদ নির্মূল করা যায়, কিভাবে রণাঙ্গনে এসব যুবকের মাঝে ফাটল সৃষ্টি করা যায়! এসব মিডিয়া রাত-দিন চিন্তায় মশগুল থাকে, কিভাবে এ জিহাদ ও তার ধারক-বাহকদের কলুষিত করা যায়! কিভাবে জিহাদ করতে এগিয়ে আসা যুবকদের এ ফরজ কাজের প্রতি বীতশ্রদ্ধ করে তোলা যায়! তাই মার্কিনরা শুরুতে এ ভেবে আনন্দিত ছিল যে রাশিয়া আফগানিস্তানে পরাভূত হয়ে গেছে। আর পরাভূত হওয়ার এ আঘাত রাশিয়াকে রক্তশূন্য করে ছাড়বে। যেমন গর্বাচেভ সম্প্রতি স্বীকার করেছেন, আফগানিস্তান আমাদের স্থায়ী ক্ষত। মিটরানও কিছুদিন আগে বলেছে, আফগানিস্তান রাশিয়ার দেহে প্রবেশ করা সেই ক্যান্সার, যা তাকে খেয়ে নিঃশেষ করবে।

ফ্রান্স, ব্রিটেন ও আমেরিকা এ ভেবে আনন্দিত যে তারা এ যুদ্ধের মাধ্যমে আফগানদের নিঃশেষ করে দিতে পারবে। আফগানরা পৃথিবীর সবচেয়ে মজবুত মুসলিম জনগোষ্ঠী, তারা কষ্ট ও কঠিনতা সবচেয়ে বেশি সহ্য করতে পারে এবং তারা যুদ্ধে তাদের কঠোরতা ও দৃঢ়তার জন্য খ্যাত। আর ওরা মনে করছে আফগানদের নিঃশেষ করে দেওয়ার সঙ্গে সঙ্গে রাশিয়াকেও নিঃশেষ করে দেওয়া যাবে। কিন্তু তারা দেখতে পেল, এ জিহাদ পুরো মুসলিম উম্মাহকে প্রভাবিত করেছে।

জিহাদ থেকে দুটি বস্তু বিচ্ছুরিত হয়। এক. আগুন। দুই. আলো। আগুন জালিমদের ধ্বংস করে, আর আলো মুমিনদের অন্তরকে আলোকিত করে। তাই আলো ছড়িয়ে পড়া শুরু করেছে, আর আগুন তাদের ঘরের কাছে পৌঁছে যাচ্ছে। ফলে তারা চিৎকার করে বলছে, প্রতিদিন রাশিয়ার দুটি করে বিমান ভূপাতিত হচ্ছে, দশটি করে ট্যাংক ধ্বংস হচ্ছে, পঞ্চাশজন করে সৈন্য নিহত হচ্ছে ইত্যাদি। রুশ ও আফগান কমিউনিস্টরা নিহত হচ্ছে, পুড়ে মরছে, আহত হচ্ছে ও বন্দি হচ্ছে; আমেরিকার জন্য এটা ভালো। কারণ এতে রাশিয়ার দৈনিক প্রায় ৩৬ মিলিয়ন ডলার ব্যয় হওয়ার কারণে রাশিয়া গরিব হয়ে যাচ্ছে। আমেরিকার

জন্য এটা বিরাট সাফল্য।

আমেরিকা থেকে আমদানি করা গমের টাকা রাশিয়া এখন লিবিয়াতে প্রদান করার জন্য বলছে। হ্যাঁ, লিবিয়া আমেরিকাকে গমের মূল্য পরিশোধ করবে। বিনিময়ে রাশিয়ার কাছ থেকে অস্ত্র পাবে। দেখুন, আমেরিকাকে পর্যন্ত রাশিয়ার কাছে গম বিক্রি করতে হচ্ছে। রাশিয়ার কাছে এখন গম কেনার অর্থও নেই। রাশিয়া নিঃশেষ হয়ে যাচ্ছে। তাই তারা এ প্রকট সংকট থেকে বেরিয়ে আসার চেষ্টা করছে। কিন্তু আমেরিকা দেখতে পেল, এ জিহাদ মুমিনদের অন্তরে আল্লাহর প্রতি ভরসাকে দৃঢ় করেছে, মুসলিম উম্মাহর অন্তরে নব জীবনের সঞ্চার করেছে, আল্লাহর প্রতি বিশ্বাসকে ফিরিয়ে এনেছে। এ জিহাদের ময়দানে তোমাদের আগমন তাদের ভীতি আরো বৃদ্ধি করেছে। আর তারা যে আরব জনগোষ্ঠীসমূহকে ভোগ বিলাস ও অর্থ সম্পদে ডুবিয়ে রেখেছে বলে মনে করছে, তাদের একটি বড় অংশ জিহাদ ও ত্যাগের এ ভূমিতে চলে এসেছে। এর ফলে তাদের ভীতি আরো অনেক বেড়ে গেছে।

ইবাদত হয়ে গেল রাজনৈতিক অপরাধ

তুরস্কে শিশুদের কুরআন মুখস্ত করানো রাজনৈতিক অপরাধ ছিল, যার জন্য গ্রেফতার হতে হত। সত্তরের দশকে সালামত পার্টির নেতা (যার বর্তমান নাম রিফাহ পার্টি) নজমুদ্দীন আরবাকানকে আদালতের কাঠগড়ায় দাঁড়াতে হয়েছিল। তাকে সামরিক আদালতে বিচারের সম্মুখীন হতে হয়েছিল, শুধু মানুষের সামনে নামায পড়ার অপরাধে। কারণ, রাজনৈতিক নেতাদের জন্য জনসমক্ষে নামায পড়া আইনসিদ্ধ ছিল না।

অবাক করা সাহায্য : রাখে আল্লাহ্ মারে কে

১৯৬৯ সালে আমি ফিলিস্তিনী যুবকদের একটি প্রশিক্ষণ ক্যাম্পে ছিলাম। প্রসিদ্ধ মুসলিম সাংবাদিক মুহাম্মদ শওকাত আমাদের সাথে দেখা করতে এসেছিলেন। ঐ সময় প্রেসিডেন্ট সুলাইমান ডেমেরিল সৌদি আরবে গিয়েছিলেন একটি অর্থনৈতিক চুক্তি সম্পাদন করার জন্য। এ সময় সুলাইমান ডেমেরিল গোপনে উমরা করতে চাইলেন। সৌদি সরকারের নিকট আবেদন জানালেন, যাতে তার এ উমরার কথা কেউ জানতে না পারে এবং কেউ যেন ইহরামের কাপড়ে তার কোন ছবি না তোলে। কারণ, তা রাজনৈতিক অপরাধ। প্রধানমন্ত্রীর কাছে তার জন্য জবাবদিহি করতে হবে। সাংবাদিক বললেন, কেউ যদি আমাকে সুলাইমান

ডেমরিলের ইহরাম পরিহিত অবস্থার ছবি দিতে পারে, তাহলে আমি তাকে যে পরিমাণ অর্থ চাইবে দান করব।

এরকম অবস্থা বিরাজ করছিল তুরস্কে। ইসলামের বিরুদ্ধে যুদ্ধের এ লেলিহান শিখা রাজনৈতিক, অর্থনৈতিক ও সামরিক সর্বক্ষেত্রে বিরামহীনভাবে জ্বলছিল। টুপি ও পাগড়ি ছিল শাস্তিযোগ্য অপরাধ। কারণ, তা যে তুর্কীদেরকে এ দীন নিয়ে আসা আরবদের সাথে সদৃশ্য করে দেয়।

মিন্দরিসে আল্লাহর আশ্চর্যময় সাহায্য

একবার তুরস্কের প্রধানমন্ত্রী জাস্টিস পার্টি অব তুরস্ক-এর প্রধান আদনান মিন্দরিস বিমানযোগে কোথাও যাচ্ছিলেন। হঠাৎ করে বিমানের ইঞ্জিন অচল হয়ে গেল। ক্যাপ্টেন ঘোষণা দিলেন, বিমানের বিপর্যয় নিশ্চিত। সবাইকে জীবন রক্ষাকারী বা প্যারাসুট জ্যাকেট দেয়া হল। আদনানও জামা পরিধান করল এবং আল্লাহর কাছে এ বলে মানত করল যে, হে আল্লাহ যদি তুমি আমাকে রক্ষা কর এবং তুরস্কের শাসন ক্ষমতা আমার হাতে থাকে, তাহলে আমি তুরস্কের বুকে পুনরায় ইসলাম প্রতিষ্ঠা করব। আল্লাহ এ ধরণের লোকদের ব্যাপারে বলেছেন–

حَتَّىٰ إِذَا كُنْتُمْ فِي الْفُلْكِ وَجَرَيْنَ بِهِمْ بِرِيحٍ طَيِّبَةٍ وَفَرِحُوا بِهَا جَاءَتْهَا رِيحٌ عَاصِفٌ وَجَاءَهُمُ الْمَوْجُ مِنْ كُلِّ مَكَانٍ وَظَنُّوا أَنَّهُمْ أُحِيطَ بِهِمْ دَعَوُا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ لَئِنْ أَنْجَيْتَنَا مِنْ هَٰذِهِ لَنَكُونَنَّ مِنَ الشَّاكِرِينَ.

> তারা যখন নৌযানে আরোহণ করে এবং অনুকূল বাতাস তাদেরকে চালিয়ে নিয়ে যায় আর তারা এ নিয়ে আনন্দবোধ করে, এমন সময় হঠাৎ ঘূর্ণিঝড় আসে এবং চতুর্দিক থেকে ঢেউ আক্রমণ করে আর তারা মনে করে যে, তারা ধ্বংসের কবলে পতিত হয়েছে, তখন তারা আল্লাহকে শিরকমুক্ত ইবাদত সহকারে ডাকে। *[ইউনুস ১০ : ২২]*

সে আল্লাহকে এভাবে ডাকল। বিমান বিধ্বস্ত হল। সকল যাত্রী পুড়ে মারা গেল কিন্তু আশ্চর্যভাবে মিন্দরিস বেঁচে গেল। এটাই হলো আল্লাহর কুদরতি সাহায্য। পরে মিন্দরিস নির্বাচনে অংশ গ্রহণ করল। তার নির্বাচনী অঙ্গীকারগুলো এত নগণ্য ছিল যে, আমাদের আরব দেশে যদি কেউ কারো মুখ থেকে তা শুনে, তাহলে হাসাহাসি ও ঠাট্টা করবে। মিন্দরিসের নির্বাচনী ইশতিহার ছিল, সে আরবী ভাষায় আযান দেয়ার অনুমতি দিবে, বিভিন্ন মক্তব পুনরায় চালু করবে

এবং আয়া ছুফিয়া যাদুঘরকে পুনরায় মসজিদে রূপান্তরিত করবে। নির্বাচন হল। নির্বাচনে কামাল আতাতুর্কের দলের ভরাডুবি হল। সংখ্যাগরিষ্ঠ আসন পেয়ে মিন্দরিস মন্ত্রীসভা গঠন করল এবং নিজে প্রধানমন্ত্রী হল।

তুর্কী জনগণের সাথে কৃত অঙ্গীকার পূরণের সময় হল। রমযানের প্রথম দিন মিন্দরিস তুরস্কবাসীকে আরবি ভাষায় আযান উপহার দেয়। মানুষ কান্নারত অবস্থায় বাজারের দিকে বের হয়। কনস্টানটিনপল বিজয়ের পর আজকের মত আনন্দের দিনের সাথে তারা আর কখনো পরিচিত হয়নি। আল্লাহু আকবার, আল্লাহু আকবার ধ্বনি ইস্তাম্বুলের হাজারো মিনার থেকে এক যোগে বের হয়ে আকাশ-বাতাস মুখরিত করছে। আজ থেকে ২৬ বছরের অধিক কাল যাবত এ মিনারসমূহ থেকে আল্লাহু আকবার ধ্বনি বের হওয়া নিষিদ্ধ ছিল। মিন্দরিস জনগণের সাথে কৃত অঙ্গীকার পূর্ণ করায় পশ্চিমাদের অন্তরে অস্থিরতা শুরু হয়। ওয়াশিংটনে এ ব্যাপারে চাপ প্রয়োগের কথা ওঠে এবং ফ্রিম্যানসনবাদীরা এর বিরুদ্ধে সক্রিয় হয়ে ওঠে। অতঃপর মিন্দরিসের বিরুদ্ধে সামরিক অভ্যুত্থান ঘটানো হয় এবং তার এ কাজকে মহা বিশ্বাসঘাতকতা ও সংবিধান বিরোধী বলে অপবাদ দিয়ে তাকে মৃত্যুদণ্ড দেয়া হয়।

তুরস্কের অভিজ্ঞতা একটি অদ্বিতীয় ও সফল অভিজ্ঞতা ছিল। তাই ইউরোপ ও মার্কিনীরা এ অভিজ্ঞতা থেকে ইসলামের উৎখাতের জন্য এমন এক পদ্ধতিতে কাজ করতে শিক্ষা অর্জন করে, যা আগের চেয়ে অধিক সহজ। তারা বলে যে, আজ থেকে ইসলামের বিরুদ্ধে সরাসরি যুদ্ধ ঘোষণা করা যাবে না। এমন লোকদের দিয়ে এ দীন ধ্বংস করতে হবে, যারা তার অনুসারী, যারা আরবীতে কথা বলে ও যারা বাহ্যিকভাবে নামায পড়ে কিন্তু এ দীনের মুলোৎপাটনে তারা আমাদের সাথে একমত।

আফগান নেতৃবৃন্দের প্রতি আল্লাহর সাহায্য

হে আফগান নেতৃবৃন্দ! হে বিশ্বের মুসলিম নেতৃবৃন্দ! রক্তের ব্যাপারে আল্লাহকে ভয় করুন। আল্লাহকে ভয় করুন অশ্রু ও খণ্ড-বিখণ্ড লাশের ব্যাপারে। আল্লাহকে ভয় করুন নির্যাতিত নিপিড়ীত মুসলিম মা-বোনদের ব্যাপারে যারা আজ চিৎকার করে বলছে– 'আমাদেরকে বাঁচাও, আমাদেরকে এ জুলুমের হাত থেকে মুক্ত কর।' জিহাদ অব্যাহত রাখুন। ইনশাআল্লাহ, আমরা আপনাদের সাথে আছি এবং থাকব। আমরা আপনাদেরকে কখনো অসহযোগিতা করব না। আমরা সব সময় আপনাদের পাশেই থাকব। আপনারা সততা ও দৃঢ়তার সহিত এগিয়ে যান বিশ্বের সকল তাগুতি শক্তির বিরুদ্ধে জিহাদ চালিয়ে যান, দেখবেন

বিশ্বের সকল মুসলিম জামাত আপনাদের পাশে এসে দাঁড়াবে এবং আল্লাহর সাহায্যও আপনাদের পাশে থাকবে ইনশাআল্লাহ। আর মনে রাখবেন, বিশ্বের সকল মুসলিম এক সুতোতে গাঁথা। সকল মুসলিম ভাই ভাই।

اَلْمُسْلِمُ اَخُوْ الْمُسْلِمِ لاَ يَظْلِمُهُ وَلاَ يُسْلِمُهُ

> মুসলমান পরস্পর ভাই ভাই। কেউ তার ভাইকে শত্রুর হাতে ছেড়ে দেবে না এবং তার উপর যুলুম করবে না। *[বুখারী ও মুসলিম]*

আমরা আপনাদেরকে মধ্যপথে ছেড়ে চলে যাব না। আল্লাহর কাছে দৃঢ়তা কামনা করি। ইনশাআল্লাহ, সবাই অস্ত্র ত্যাগ করলেও আমরা অস্ত্র হাত থেকে ফেলবো না। মহান রাব্বুল আলামীন বলেছেন–

وَلَيَنْصُرَنَّ اللهُ مَنْ يَنْصُرُهُ إِنَّ اللهَ لَقَوِيٌّ عَزِيزٌ

> আল্লাহ তাকে অবশ্যই সাহায্য করবেন যে তাঁকে সাহায্য করে। নিঃসন্দেহে আল্লাহ সর্বশক্তিমান ও ক্ষমতাধর। *[হজ ২২:৪০]*

তিনি অন্যত্র আরও বলেন–

وَاللهُ مَعَكُمْ وَلَنْ يَتِرَكُمْ أَعْمَالَكُمْ

> আল্লাহ তোমাদের সাথে রয়েছেন। তিনি কখনো তোমাদের কর্মের প্রতিদান হ্রাস করবেন না। *[মুহাম্মদ ৪৭:৩৫]*

তিনি আরো বলেন–

أَلَيْسَ اللهُ بِكَافٍ عَبْدَهُ وَيُخَوِّفُونَكَ بِالَّذِينَ مِنْ دُونِهِ وَمَنْ يُضْلِلِ اللهُ فَمَا لَهُ مِنْ هَادٍ ○ وَمَنْ يَهْدِ اللهُ فَمَا لَهُ مِنْ مُضِلٍّ أَلَيْسَ اللهُ بِعَزِيزٍ ذِي انْتِقَامٍ ○ وَلَئِنْ سَأَلْتَهُمْ مَنْ خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ لَيَقُولُنَّ اللهُ قُلْ أَفَرَأَيْتُمْ مَا تَدْعُونَ مِنْ دُونِ اللهِ إِنْ أَرَادَنِيَ اللهُ بِضُرٍّ هَلْ هُنَّ كَاشِفَاتُ ضُرِّهِ أَوْ أَرَادَنِي بِرَحْمَةٍ هَلْ هُنَّ مُمْسِكَاتُ رَحْمَتِهِ قُلْ حَسْبِيَ اللهُ عَلَيْهِ يَتَوَكَّلُ الْمُتَوَكِّلُونَ ○

> আল্লাহ কি তাঁর বান্দার জন্য যথেষ্ট নন? অথচ তারা আপনাকে আল্লাহর পরিবর্তে অন্যান্য উপাস্যদের ভয় দেখায়। আল্লাহ

যাকে পথ ভ্রষ্ট করেন, তাকে পথ দেখানোর কেউ নেই। আর আল্লাহ যাকে পথপ্রদর্শন করেন, তাকে পথভ্রষ্টকারী কেউ নেই। আল্লাহ কি পরাক্রমশালী, প্রতিশোধ গ্রহণকারী নন? যদি আপনি তাদেরকে জিজ্ঞেস করেন, আসমান ও জমিন কে সৃষ্টি করেছে? তারা অবশ্যই বলবে– আল্লাহ। বলুন, তোমরা ভেবে দেখেছ কি, যদি আল্লাহ আমার অনিষ্ট করার ইচ্ছা করেন, তবে তোমরা আল্লাহ ব্যতীত যাদেরকে ডাক, তারা কি অনিষ্ট দূর করতে পারবে? অথবা তিনি আমার প্রতি রহমত করার ইচ্ছা করলে তারা কি সে রহমত রোধ করতে পারবে? বলুন, আমার পক্ষে আল্লাহই যথেষ্ট। নির্ভরকারীরা তাঁরই উপর নির্ভর করে। *[যুমার ৩৯:৩৬-৩৮]*

তারা আল্লাহর অনুগ্রহকে রোধ করতে পারবে না এবং আল্লাহর ক্ষতি থেকে বাঁচাতে পারবে না। অতএব বলুন- 'আমাদের জন্য আল্লাহই যথেষ্ট'।

হে আরব যুবকেরা, তোমরা দুনিয়াকে তালাক দিয়ে দাও। পথ চল এবং সীমান্ত অতিক্রম কর। তাহলে দুটি কল্যাণের কোন একটি প্রাপ্ত হবে– হয়তো বিজয়, নতুবা আল্লাহর ইচ্ছায় শাহাদত বরণ। তোমাদের ভাইয়েরা তোমাদের অপেক্ষায় হিন্দুকুশের চূড়ায় প্রহর গুণছে।

হে বিশ্বের মুসলিম ভাই ও বোনেরা! হে বিশ্বের যুবক ভাইয়েরা! তোমরা কি ভুলে গেছ রাসূলের সা. এর কথা? যেখানে তিনি নিজেই বলেছেন–

أَنَا نَبِيُّ الْمَلْحَمَةِ، أَنَا نَبِيُّ السَّيْفِ

আমি যোদ্ধা নবী, আমি তরবারীওয়ালা নবী।

তোমরা কি ভুলে গেলে আবদুল্লাহ ইবনে মুবারকের কথা? কত রাগান্বিত হয়ে বলেছিলেন–

أَيُّهَا الْقَارِىءُ الَّذِي لَبِسَ الصُّوفَ :: وَأَمْسَى يَعُدُّ فِي الزُّهَّادِ

إِلْزَمِ الثَّغْرَ وَالتَّعَبُّدَ فِيهِ :: لَيْسَ بَغْدَادُ مَنْزِلُ الْعُبَّادِ

হে পশমী পোশাক পরিধানকারীরা, যারা নিজেদেরকে আবেদ ও জাহেদ মনে করছ, চল জিহাদের মোর্চার ভেতর। সেখানে গিয়ে সেজদা কর, ইবাদত কর, যেখানে দুশমনের পক্ষ থেকে তীর আসতে থাকে, তরবারী চলতে থাকে। বাগদাদ আবেদ ও জাহেদদের অবস্থান করার স্থান নয়।

বসে তো থাকবে ঐ সমস্ত লোক যারা দীনের নামে মানুষদের লুটেপুটে খায় এবং স্বীয় দীন বিক্রি করে মানুষ থেকে কিছু উপার্জন করে। আল্লাহর নবী তো আট বৎসরে সাতাইশ বার যুদ্ধের ময়দানে গিয়েছেন। আর তোমরা দাবি করছ যে, তোমরা সুন্নতের অনুসারী। অথচ একটি বারের জন্য তোমরা জিহাদে বের হওয়ার জন্য প্রস্তু নও। এই বুঝি তোমাদের বুজুর্গি? জীবনের এক মিনিট সময়ের হিসাব কি দিতে পারবে?

তোমরা কি ভুলে গেলে মহান রাব্বুল আলামীনের সেই নির্দেশকে, যেখানে তিনি নিজেই বলেদিয়েছেন−

وَقَاتِلُوهُمْ حَتَّىٰ لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلَّهِ فَإِنِ انتَهَوْا فَلَا عُدْوَانَ إِلَّا عَلَى الظَّالِمِينَ.

> এবং তোমরা তাদের সাথে যুদ্ধ করো যতক্ষণ না অশান্তি দূরীভূত হয় এবং আল্লাহ তায়ালার হুকুমত সুপ্রতিষ্ঠিত হয়। অতঃপর যদি তারা ক্ষান্ত হয়, তবে অত্যাচারীগণ ব্যতীত কারো সাথে শত্রুতা নেই। *[বাকারা ২:১৯৩]*

আল্লাহ তায়ালা আরো বলেন−

كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ وَعَسَىٰ أَن تَكْرَهُوا شَيْئًا وَهُوَ خَيْرٌ لَّكُمْ وَعَسَىٰ أَن تُحِبُّوا شَيْئًا وَهُوَ شَرٌّ لَّكُمْ وَاللَّهُ يَعْلَمُ وَأَنتُمْ لَا تَعْلَمُونَ.

> তোমাদের উপর জিহাদ ফরজ করা হয়েছে, অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয়। হতে পারে তোমাদের কাছে হয়তো কোনো একটা বিষয় পছন্দসই নয়, অথচ তা তোমাদের জন্য কল্যাণকর। পক্ষান্তরে হয়তোবা কোনো একটি বিষয় তোমাদের কাছে পছন্দনীয় অথচ তা তোমাদের জন্য অকল্যাণকর। বস্তুত আল্লাহ তায়ালাই জানেন, তোমরা জাননা। *[বাকারা ২:২১৫]*

হে আফগান নেতৃবৃন্দ! এসব রক্ত, খণ্ডিত লাশ, এসব বিধবা, এতীম এবং ড. মুহাম্মদ উমর, মৌলভী হাবীবুর রহমান, রব্বানী আতিস, ইঞ্জিনিয়ার হাবিবুর রহমান ও গোলাম মুহাম্মদ নিয়াজির মত মনীষীদের রক্ত জহির শাহকে ফিরিয়ে আনার জন্য প্রবাহিত হয়নি, জহির শাহর বিরুদ্ধেই হয়েছে। আফগানরা আফগানী দাউদ, তারাকি, হাবিবুল্লাহ ও বাবরাকের বিরুদ্ধে লড়েছে। এ লড়াই কেবল রাশিয়ার বিরুদ্ধে হয়নি। এ দ্বন্দ্ব রাশিয়া ও নজিবকে নিয়ে নয়, এ দ্বন্দ্ব

ইসলাম ও অনৈসলামের দ্বন্দ্ব। এ দ্বন্দ্ব আল্লাহর শাসন ও শয়াতানের শাসন প্রতিষ্ঠা নিয়ে। এ দ্বন্দ্ব রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মতবাদ প্রতিষ্ঠা এবং পুঁজিবাদ ও মার্কস-লেলিন-স্টালিনবাদ প্রতিষ্ঠার। ভাইয়েরা, আল্লাহকে ভয় করুন, পথ চলুন, আল্লাহর উপর তাওয়াক্কুল করুন, ইনশাআল্লাহ আমরা আপনাদের সাথে আছি। আল্লাহ আমাদের সবাইকে দৃঢ়পদ রাখুন।

আফগানবাসীর অগ্নিপরীক্ষা

আফগানদের পরীক্ষা শুরু হয়। আফগানিস্তানে ইসলামী আন্দোলনের এ পরীক্ষা এখনো পর্যন্ত ইসলামী আন্দোলনের জগতে অনন্য। এখানে রাজনৈতিক নেতৃত্বই প্রথমে গুলি ছুড়েছেন, তাঁরাই সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এঁরা রব্বানি, সাইয়াফ, হেকমতিয়ার। হেকমতিয়ারই কাবুলে ইসলামী আন্দোলনের সামরিক শাখার জিম্মাদার ছিলেন। আন্দোলনের প্রধান জিম্মাদার ছিলেন রব্বানি। সংগঠনের নাম ছিল আল জমইয়াতুল ইসলামিয়া। সাইয়াফ ছিলেন রব্বানির সহকারী। অতঃপর সামরিক শাখার প্রধান হন ইঞ্জিনিয়ার হাবিবুর রহমান। তিনি সংগঠনের সাধারণ সম্পাদকও। তার সামরিক অভ্যুত্থান ব্যর্থ হয়েছে। মিসরে আবদুন নাসের নিয়ে ইখওয়ানের অভিজ্ঞতার পুনরাবৃত্তি ঘটেনি। ইঞ্জিনিয়ার হাবিবুর রহমান সেনা কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করলেন। কিন্তু আল্লাহর সিদ্ধান্ত ও হেকমতের কারণে এ ঘটনা ফাঁস হয়ে যায়। ফলে ইঞ্জিনিয়ার হাবিবুর রহমানকে গ্রেপ্তার করে কারাগারে নিক্ষেপ করা হয়। অতঃপর তাকে মৃত্যুদণ্ড দেওয়া হয়। আহমাদ শাহ মাসউদই ইঞ্জিনিয়ার হাবিবুর রহমানের কাছে সেনা কর্মকর্তাদের উপস্থিত করতেন। কারণ পাঞ্জশিরের অনেক লোকই সেনা কর্মকর্তা ছিল। কারাগার থেকে ইঞ্জিনিয়ার হাবিবুর রহমান তাঁর কাছে পত্র দিয়ে জানিয়েছিলেন হেকমতিয়ারের সঙ্গে সেনাকর্মকর্তাদের সাক্ষাৎ করিয়ে দিতে। হেকমতিয়ার সেনাকর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ করলেন। পরে তা ফাঁস হয়ে যায়। ফলে অভ্যুত্থান হতে পারেনি। পরে সরকার হেকমতিয়ারের পেছনে একজন সেনাকর্মকর্তা নিয়োগ করে। ফলে তারা যখনই অভ্যুত্থান ঘটাতে চেয়েছেন, তখনই ব্যর্থ হয়েছেন। কারণ সরকার অভ্যুত্থানের জন্য নির্ধারিত ব্রিগেডকে অভ্যুত্থান সময়ের এক দিন আগে কাবুল থেকে অন্যত্র স্থানান্তর করত। এভাবে হেকমতিয়ারের তিনটি অভ্যুত্থান পরিকল্পনা ভেস্তে যায়।

পরে হেকমতিয়ার ও রব্বানি পেশোয়ারে চলে আসেন। পেশোয়ারে এসে হেকমতিয়ার সামরিক অপারেশন অব্যাহত রাখার ওপর জোর দেন এবং আফগানিস্তানে কয়েকটি গ্রুপ পাঠান। ওই গ্রুপে মৌলবি হাবিবুর রহমান, ড.

মুহাম্মদ উমর ও আহমদ শাহ মাসউদকে পাঠানো হয় পাঞ্জশিরে। আহমদ শাহ মাসউদই দাউদ সরকারের ট্যাংক পুড়িয়েছিলেন। ফলে ইসলামী আন্দোলনের সন্তানদের ধরে কারাগারে নিক্ষেপ করা হয়। কিন্তু তাদের এ প্রচেষ্টাগুলো আন্তরিক ও নিষ্ঠাপূর্ণ ছিল। তবে সে সময় এ প্রচেষ্টা পূর্ণ অভিজ্ঞতা ও পরিপক্বতার আলোকে ছিল না। এতে যারা বেঁচে যায়, তারা বেঁচে যায়; আর যারা ধরা পড়ে তারা কারাগারে নিক্ষিপ্ত হয়। আন্দোলনের নেতাদের হত্যা অব্যাহত থাকে। তবে তা প্রকাশ্যে নয়, কৌশলে, লুকিয়ে। অতঃপর দাউদের অভ্যুত্থান ঘটল। দাউদের অভ্যুত্থানের পর গোলাম মুহাম্মদ নিয়াজি ও সাইয়াফকে কারারুদ্ধ করা হয়। গোলাম মুহাম্মদ আন্দোলনের আধ্যাত্মিক পিতা ও প্রতিষ্ঠাতা হিসেবে বিবেচিত হতেন। সাইয়াফ রব্বানির সহকারী ছিলেন। হেকমতিয়ার ও রব্বানি রক্ষা পেয়ে পেশোয়ারে চলে আসেন। আন্দোলনের অর্ধেক বা অধিকাংশ নেতা কারাগারে নিক্ষিপ্ত হলেন। রব্বানি ও হেকমতিয়ার পেশোয়ারে বসে কতিপয় যুবককে নিয়ে চিন্তাভাবনা করতে লাগলেন। অতঃপর যখন তারাকির অভ্যুত্থান ঘটল, তখন আলেমরা ফতোয়া দিলেন যে, সে কাফের, তার বিরুদ্ধে জিহাদ ফরজ। তখন লোকজন বিদ্রোহ শুরু করে। গ্রামের আলেমরা জিহাদ শুরু করেন এবং সাধারণ লোকরা তাদের পক্ষে অস্ত্রধারণ করে। অতঃপর তারা হয়তো হেকমতিয়ারের আল হিজবুল ইসলামীয়ে যোগ দিত, নতুবা রব্বানির আল জমইয়াতুল ইসলামিয়ায় যোগ দিত। এ দুই দলই জিহাদের ময়দানে মূল স্তম্ভ বলে বিবেচিত হতে থাকে। এর পর যে দলগুলো জন্ম লাভ করেছে, তার কোনো একটাই এ দুই দলের সঙ্গে পাল্লা দিয়ে চলতে পারেনি। বছরের পর বছর জিহাদ উন্নতি অর্জন করতে থাকে। তিন বছর আগে ১৯৮৪-১৯৮৫ সালে, এক বছরের জন্য কিছুটা শূন্যতার সৃষ্টি হয়। অতঃপর জিহাদ তার পুণ্যময় যাত্রা অব্যাহত রাখে। এরপর যখন জিহাদ মুসলিম উম্মাহকে নাড়া দেওয়া শুরু করে, পৃথিবীর প্রত্যেক মুসলমানের জন্য তা একটি জীবন্ত দৃষ্টান্তে পরিণত হয় এবং মুসলমানরা তার দ্বারা প্রভাবিত হওয়া ও তার দিকে দলে দলে আগমন করা শুরু করে; সৌদি আরব, কুয়েত ও আরব আমিরাত থেকে ব্যবসায়ীরা মুজাহিদ নেতাদের হাতে স্বহস্তে অর্থ প্রদান করতে আগমন করেন, তখন পশ্চিমারা তাদের পর্যালোচনা শুরু করে।

রুশ সেনাদের নির্মমতায় আল্লাহর সাহায্যের বাস্তব নমুনা

আমেরিকা যখন আফগানিস্তানে বিমান হামলা করে, তখন আমি ছিলাম কাবুলে। আমিরুল মুমিনীন আমাকে কান্দাহারে তলব করলেন। প্রতিরোধ-কৌশলের

বিষয়ে পরামর্শ হলো। আমাকে নিয়োগ দেওয়া হলো কান্দাহারের পাঞ্জেওয়াই ও মায়বন্দ জেলায়, যেন ওখানকার প্রতিরোধ-শৃঙ্খলা মজবুত করি এবং স্থানীয় নেতাদের সঙ্গে যোগাযোগ করে তাদের বিষয়টি অবহিত করি। আমার পৌঁছার পর মায়বন্দ ও পাঞ্জেওয়াইতে মার্কিনরা বোম্বিং শুরু করে দিল। বিমানগুলো অনেক উঁচুতে থেকে বোমা নিক্ষেপ করত। আমাদের অস্ত্রের আওতার বাইরে ছিল বিমানগুলো। ফলে আমরা বিমান হামলা প্রতিহত করতে পারছিলাম না। মায়বন্দের সালেহান ও গর্মাবাক এলাকায় আরবদের অবস্থানসমূহকে লক্ষ্যস্থল বানিয়ে নেওয়া হলো। তিনটি গাড়ি বিধ্বস্ত হলো। নারী ও শিশুসহ ১২ জন আরব শহীদ হলেন। নওরোজি, বাগপুল, তালেকান ইত্যাদি এলাকায় বোমাবর্ষণে পাঁচজন শহীদ হলেন।

১০ দিন পর আমার নিয়োগ দেওয়া হলো বাগলানে। কেননা উজবেকিস্তানের পথে মাজার শরিফের মার্কিন হামলার পরিকল্পনার খবর আসছিল। যখন তালেবান ফৌজ উজবেক সীমান্তের কাছে হিরতান নৌবন্দর ও আমু নদীরর তীরে সমবেত হলো, তখন আমেরিকা মাজার শরিফের দক্ষিণে দুররায়ে সুফ এলাকায় হেলিকপ্টারের মাধ্যমে দোস্তামকে সহায়তা করতে শুরু করল। তাদের নতুন অস্ত্রশস্ত্র দেওয়া হলো। এমনকি ঘোড়ার জন্য নতুন লাগামও দেওয়া হলো, যাতে মাজার শরিফ অতর্কিতে আক্রমণ করে কবজা করে নেওয়া যায়। তালেবান ফৌজের এক বড় অংশকে উজবেক সীমান্ত থেকে সরিয়ে এনে মাজার শরিফের প্রতিরক্ষার জন্য দুররায়ে সুফে সংগঠিত হতে থাকা দোস্তাম মিলিশিয়াদের মোকাবিলায় দাঁড় করিয়ে দেওয়া হলো। আমিও বাগলান থেকে ২০০ মুজাহিদের একটি বাহিনীসহ দুররায়ে সুফ পৌঁছলাম।

দুররায়ে সুফে আমেরিকা দোস্তামের সঙ্গে মিলে বিপুল শক্তি সঞ্চয় করে রেখেছিল। বড় বড় হেলিকপ্টারের সাহায্যে তাদের স্বতন্ত্রভাবে সহায়তা করা হচ্ছিল। আমাদের মোর্চাগুলোতে দোস্তাম মিলিশিয়াদের পক্ষ থেকে বিশেষ কোনো আক্রমণ হতো না। কিন্তু মার্কিন বিমানগুলো দিন-রাত বোমাবর্ষণ অব্যাহত রাখছিল। শেষ দিনগুলোতে পরিস্থিতি এমন হলো, সৈন্যরা সন্ধ্যায় মোর্চার হেফাজতের জন্য যেত, বোমাবৃষ্টির ফলে সকালে তারা শহীদ হয়ে যেত। আর যে তালেবান সকালে মোর্চার হেফাজতের জন্য যেত, সন্ধ্যায় খবর আসত যে তাদের অধিকাংশ সঙ্গী বোমাবর্ষণে শহীদ হয়ে গেছে। এহেন পরিস্থিতিতে মোর্চায় অবস্থান করা দুঃসাধ্য হয়ে পড়েছিল। সুতরাং নতুন রণকৌশল হিসেবে আমরা পুরনো মোর্চা ছেড়ে দিয়ে নতুন জায়গায় প্রতিরোধ-মোর্চা বানিয়ে নিয়েছিলাম। ওখানে আমার গ্রুপের শুধু ১৭ জন সঙ্গী শহীদ হন।

বাগলানের নাহরাইন জেলা থেকে খবর এল, উত্তরাঞ্চলীয় জোটের সৈন্যরা আক্রমণ করতে যাচ্ছে। ওয়্যারলেসের মাধ্যমে সিপাহসালার মোল্লা ফজল আখন্দের তরফ থেকে আমার নাহরাইন পৌঁছার নির্দেশ এল। আমার সঙ্গীরা নাহরাইনে আগেই উপস্থিত ছিলেন। আমি দুররায়ে সুফ রণাঙ্গনের কামান আমার সহকমান্ডার আবদুল গাফফারকে সোপর্দ করলাম এবং নাহরাইন রওনা হয়ে গেলাম। নাহরাইন পৌঁছেই দুশমনের বিরুদ্ধে লড়াই করার পূর্ণ প্রস্তুতি গ্রহণ করা হলো। সব কমান্ডারকে সুবিন্যস্ত করা হলো, রাতের শেষ প্রহরে বিরোধীরা তীব্র আক্রমণ করল। প্রতি-উত্তরের জন্য আমরা প্রস্তুত হয়েই ছিলাম। প্রচণ্ড যুদ্ধ হলো এবং দুই ঘণ্টার মধ্যে আমরা তাদের আক্রমণ ব্যর্থ করে দিলাম। আটটা লাশ, ডজন ডজন আহত লোক, প্রচুর অস্ত্রশস্ত্র ও মৃত ঘোড়ার এক বিশালসংখ্যা ফেলে উত্তরাঞ্চলীয় জোট পালিয়ে গেল। তালেবানকে ঘেরাও করার জন্য দ্রুততার সঙ্গে ঘোড়সওয়াররা হামলা করেছিল, যা সফল হয়নি।

ওই দিনই মাজার শরিফের আশপাশে প্রচণ্ড বোম্বিংয়ের খবর আসছিল। আমেরিকা অ্যাটম বোমার পর সবচেয়ে বড় বোমা ব্যবহার করা শুরু করে দিয়েছিল। দুররায়ে সুফ ও 'শোলগেরাহ' অজস্র প্রাণ-ক্ষয়ের পর তালেবানকে ছাড়তে হয়েছিল।

পরের দিন সন্ধ্যায় মাজার শরিফ বিপর্যয়ের খবর আসে। মোল্লা ফজল আমাকে বাগলান পৌঁছার নির্দেশ দিলেন। যখন আমি বাগলান পৌঁছি, তখন সামানগানেরও বিপর্যয় হয়েছিল। মাজার শরিফ থেকে সরে আসা তালেবান পুল খমরিতে একত্র হয়, যখন তালেবানের একটি বড় অংশ বোমাবর্ষণে শহীদ হয়ে গেল। শুধু তাশকারগান থেকে পুল খমরি পর্যন্ত মার্কিন বিমানগুলো তালেবানের ৮৫টি গাড়িকে 'গাইডেড মিসাইল'-এর নিশানা বানিয়ে তাতে আরোহী তালেবানকে শহীদ করে দিল। এরপর তালেবান গাড়ি রাস্তায় ছেড়ে পায়দল সফর শুরু করে দেয়। সামানগানের গভর্নর মোল্লা আবদুল মান্নান হানাফি, পুলিশপ্রধান মোল্লা আবদুল আলী তাঁদের গাড়ি সামানগানে ছেড়ে দিয়ে পায়দল সফর করে পুল খমরি পৌঁছেন। কারণ মার্কিন বিমানসমূহ গাড়িগুলোকে সহজেই নিশানা বানিয়ে নিচ্ছিল।

পরবর্তী রাতে কমান্ডারদের পরামর্শ সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, পুরো উত্তরাঞ্চল খালি করে বামিয়ানের পথে কাবুল যেতে হবে। এই ধারাবাহিকতায় কুন্দুজ থেকে কাবুলগামী পথকে আট ভাগে বিভক্ত করা হলো এবং প্রত্যেক ভাগের নিরাপত্তার দায়িত্ব বিভিন্ন কমান্ডারকে অর্পণ করা হলো। কেননা আশঙ্কা ছিল,

বিরোধীরা পথ রুদ্ধ করে না দেয়। মোল্লা ফজল বাগলানের পুরনো শহর থেকে পুল খমরি পর্যন্ত পথের দায়িত্ব আমার জিম্মায় দিলেন। পুল খমরি থেতে দোশি পর্যন্ত পথের দায়িত্ব মোল্লা আবদুল মান্নান হানাফি ও মোল্লা আবদুল আলীর জিম্মায় দেওয়া হলো। দোশি থেকে জানজান পর্যন্ত মোল্লা শাহজাদা। দোশি থেকে দুররায়ে কিয়ান পর্যন্ত তিনি মোল্লা আবদুল বাকির সঙ্গী হিসেবে নিযুক্ত হলেন।

দুররায়ে কিয়ান থেকে 'তালাহ বরফক' পর্যন্ত কমান্ডার বাজ মুহাম্মদ ও মৌলবি আবদুস সালাম নিযুক্ত হলেন। বামিয়ানের দ্বিমুখী রাস্তা থেকে জলরিজ পর্যন্ত মোল্লা গোলাম নবী জিহাদ-ইয়ার নির্ধারিত হলেন। জলরিজ থেকে দুর্দাক শহরের রণাঙ্গন পর্যন্ত পথের নিরাপত্তার দায়িত্ব কমান্ডার গোলাম মুহাম্মদ দুর্দাকের জিম্মায় ছিল।

এ পরিকল্পনার পর, দ্বিতীয় দিন মনজিলাগিমি তালেবান সৈন্যদের কাবুলের দিকে রওনা হওয়ার কথা ছিল। কিন্তু দ্বিতীয় দিন বেলা ২টায় খবর এল, করিম খলিলি ভারী শক্তি নিয়ে বামিয়ানে আক্রমণ করেছে এবং মৌলবি আবদুস সালামকে সঙ্গে নিয়ে বামিয়ান কবজা করে নিয়েছে। বামিয়ানের বিপর্যয়ে আমাদের সব পরিকল্পনা শেষ হয়ে গেল। উত্তরাঞ্চলে পুনরায় একবার তালেবানের এক বিশাল বাহিনী অবরুদ্ধ হয়ে পড়ল। এদিকে পুল খমরিতে মার্কিন বিমানবাহিনী প্রচণ্ড বোম্বিং শুরু করে দিয়েছিল। বিমানগুলো 'লেওয়ায়ে টেংক', 'যেরাহদার' ও পার্শ্ববর্তী এলাকায়, যেখানে তালেবান অবস্থান করছিল, 'অগ্নিবর্ষণ' শুরু করে দিয়েছিল।

মার্কিন বিমানবাহিনী তালেবানের বিভিন্ন ঘাঁটিতে বোমাবর্ষণ তীব্র করে দিল। বামিয়ানের পর সন্ধ্যায় জানজানেরও বিপর্যয় হলো। শুরায়ে নেজামের জেনারেল কবির 'নাহরাইন' থেকে আক্রমণ করে 'জানজান' দখল করার পর, দোশি ও পুল খমরির দিকে অগ্রসর হতে শুরু করে দেয়। মোল্লা শাহজাদা, যিনি দোশি ও জানজানের প্রতিরক্ষায় ছিলেন, বামিয়ানের পথ রুদ্ধ হওয়ায় এবং নাহরাইন থেকে জেনারেল কবিরের অগ্রসর হওয়ার কারণে দোশিতে সময়ক্ষেপণ করা যথার্থ মনে করলেন না। তিনি মাগরিবের পর সঙ্গীদের জানজান থেকে বের করে পুল খমরির দিকে রওনা করলেন, যাতে তাঁরা অবরোধে না পড়েন। এদিকে রাত ১১টায় পুল খমরিও তালেবানের হাতছাড়া হয়ে গেল। বিরোধীদের একটি গ্রুপ গোপনে প্রবেশ করে শহরের কেন্দ্রীয় চৌকির আশপাশের ভবনগুলোতে মোর্চা তৈরি করে নিল। তালেবানের কয়েকটি গাড়ি তারা নিশানা করল। ইতিমধ্যে শহরে আত্মগোপনকারীরাও অস্ত্রসজ্জিত হয়ে লুটপাট ও গাড়ি

হাইজ্যাকের উদ্দেশ্যে বেরিয়ে পড়ল। পুল খমরি থেকে বাগলানের জনসাধারণ বিদ্রোহ না করে তালেবানের সহযোগিতা করেছে। মোল্লা শাহজাদা নিজ কাফেলাসহ দোশি থেকে পুল খমরি পৌঁছলেন। বিরোধীরা তা কবজা করে নিয়েছিল। মূল শহরের দিকে অগ্রসর হতেই মোল্লা শাহজাদার বাহিনীর ওপর ফায়ারিং শুরু হয়। কতক সঙ্গী আহত হলেন এবং সবাই শহরের বাইরেই বাধাপ্রাপ্ত হলেন। পরিস্থিতি ভীষণ সংকটাপন্ন হয়ে গেল। হাইকমান্ডের তরফ থেকে মুহূর্তকালও বিলম্ব না করার নির্দেশ এসেছিল। শাহজাদা এহেন সঙ্গিন পরিস্থিতির প্রেক্ষাপটে ওখানে বেশিক্ষণ অবস্থান করা সমীচীন মনে করেননি। কেননা, দোশির দিক থেকে জেনারেল কবির বিরাম না দিয়ে এগিয়ে আসছিল। সম্মুখেও পথ রুদ্ধ; ওপর থেকে বিমানবাহিনী বোমাবর্ষণ করেই চলছিল। সব মুজাহিদ অবরোধে আটকে পড়ার ভয় ছিল। মোল্লা শাহজাদা ছিলেন নির্ভীক, অভিজ্ঞ ও উপস্থিত বুদ্ধিসম্পন্ন কমান্ডার। যুদ্ধে তিনি কয়েকবার আহতও হয়েছিলেন। তখনো তাঁর পাঁজরে ক্ষত ছিল। তিনি হিম্মত হারালেন না। গাড়ি ওখানেই রেখে পুল খমরির উত্তর দিকের পাহাড়-পর্বত ডিঙ্গিয়ে ৩৩০ জন মুজাহিদসহ বাগলানের দিকে চলে গেলেন। মোল্লা শাহজাদা পাহাড়ি পথ চেনার জন্য স্থানীয় এক লোককে জাগিয়ে তুলে সঙ্গে করে নিয়ে গিয়েছিলেন।

পুল খমরির পরিস্থিতি খারাপ হওয়ার পর তালেবান বাগলানও ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়ে নেন। কেননা বিরোধীরা নাহরাইন কবজা করার পর বাগলানে অবস্থান করা মুশকিল ছিল। সুতরাং সবাই কুন্দুজ রওনা হন। আমি রাত ১টায় বাগলান থেকে কুন্দুজের উদ্দেশ্যে রওনা হই। মোল্লা ফজল বাগলান ও কুন্দুজের মধ্যবর্তী আলী আবাদ নামক স্থানে প্রতিরোধ-ক্যাম্প তৈরির সিদ্ধান্ত নিলেন এবং মোল্লা মুজাহিদকে সেই ক্যাম্পের দায়িত্ব দিয়ে দিলেন। মাজার শরিফ, তাখার, পুল খমরি ইত্যাদি এলাকা থেকে সরে আসা তালেবান কুন্দুজে সমবেত হয়ে গেল। বিরোধীরা বিভিন্ন দিক থেকে শহরে আক্রমণ শুরু করে দেয়। মার্কিন বিমানবাহিনী দিন-রাত কুন্দুজ ও তার চারপাশে বোমাবর্ষণ করতে থাকে। তালেবান স্থল হামলা তো প্রতিহত করে যাচ্ছিল, কিন্তু বিমান হামলা প্রতিরোধ করতে পারছিল না। বিমানবাহিনীর মোকাবিলা করা সাধারণ ব্যাপার ছিল না।

এমন সময় উত্তর আফগানিস্তানের কতিপয় শীর্ষস্থানীয় পশতুন ও উজবেক কমান্ডার, যারা তালেবানের ব্যাপারে বেশ সহমর্মী ছিল এবং তাদের মাঝে পারস্পরিক সুসম্পর্কও ছিল, তারা দোস্তামের প্রস্তাব নিজ দায়িত্বে তালেবানের সামনে পেশ করল যে, যদি তালেবান তাদের বড় অস্ত্রশস্ত্র ও গাড়িবহর দোস্তামের হাওলা করে, তাহলে সে তাদের মাজার শরিফ থেকে হেরাতের পথে

কান্দাহার যাওয়ার সুযোগ করে দেবে। দোস্তামের পক্ষ থেকে জামিনদাতা কমান্ডারদের মধ্যে আরবাব হাশেম, আমের লতিফ, পিরাম কল, গওছুদ্দীন, শামসুল হক ও কমান্ডার আবেদী অন্তর্ভুক্ত ছিলেন। তারা এ ব্যাপারে বেশ আশ্বস্ত করলে মোল্লা ফজল আখন্দ নিজ কমান্ডারদের পরামর্শ সভা ডাকলেন ও দোস্তামের প্রস্তাব সামনে রাখলেন।

দোস্তামের এ প্রস্তাবের বিষয়ে চিন্তা করা এ জন্যও উপযুক্ত মনে করা হলো যে, কুন্দুজে অবরুদ্ধ থেকে দীর্ঘ যুদ্ধের ফায়দা ছিল না। অস্ত্রশস্ত্র নিঃশেষ হয়ে যাচ্ছিল, রসদপত্রও ফুরিয়ে আসছিল। পরামর্শ সভায় কমান্ডাররা ভিন্ন ভিন্ন মত দিলেন। কেউ বলছেন, আমরা শেষ নিঃশ্বাস পর্যন্ত লড়াই করে শহীদ হব। কেউ কেউ সন্ধির পক্ষে ছিল বিধায় পরস্পর মতপার্থক্য হতে থাকল। শেষে উলামায়ে কিরামের কাছে ফতোয়া প্রার্থনা করা হলো। মাওলানা আবদুল আলী দেওন্দী, মৌলবি সদওয়াজিয়ে আগা এবং মৌলবি নূর মুহাম্মদ টেলিফোনের মাধ্যমে জবাব দিলেন, যুদ্ধ করার ক্ষেত্রে যদি বিজয়ের কোনো সম্ভাবনা না থাকে, তবে সন্ধি করা জায়েজ। উলামায়ে কিরামের ফায়সালা সব কমান্ডারকে ধারণ করে শোনানো হলো, যা সবাই স্বীকার করলেন।

যখন সন্ধির ফায়সালা হলো, তখন তালেবানের মাশহুর বাহাদুর কমান্ডার মোল্লা দাদ উল্লাহ মজলিশ থেকে উঠে দাঁড়ালেন এবং সবাইকে সম্বোধন করে নিজ কালাশনিকভ ও রুশ নির্মিত পিস্তল দেখিয়ে বললেন, 'আমি কিছুতেই আমার এ হাতিয়ার দোস্তামের হস্তগত করব না। জীবন থাকতে আমি দোস্তামের মুখ দেখতে চাই না।' মোল্লা দাদ উল্লাহ মোল্লা ফজলকে বললেন, 'আপনি আমাকে আল্লাহর সোপর্দ করে বিদায়ের অনুমতি দিন।' মোল্লা দাদ উল্লাহ সন্ধিচুক্তি বাস্তবায়িত হওয়ার আগেই বলখের একজন কমান্ডারের গাড়িতে তিনজন সঙ্গীসহ রওনা হয়ে গেলেন। তিনি মাজার-ই শরিফ অতিক্রম করে বলখের এক গ্রামে গিয়ে অবস্থান নিলেন। মোল্লা দাদ উল্লাহ কুন্দুজে উত্তরাঞ্চলীয় জোটের বিরুদ্ধে তীব্র লড়াই করেছিলেন। উত্তরাঞ্চলীয় জোটের লোকরা ছিল তাঁর জানী-দুশমন। দোস্তাম সন্ধির মাঝে শর্ত রেখেছিল যে, বিদেশি অর্থাৎ আরব, পাকিস্তান, উজবেকিস্তান ইত্যাদি এলাকার মুজাহিদীনকে সে যেতে দেবে না। সন্ধিচুক্তির প্রয়োগ শুধু 'আফগানিস্তানের' তালেবানের ক্ষেত্রে হবে, অন্যান্য বিদেশি মুজাহিদীনকে সে গ্রেপ্তার করবে। মোল্লা ফজল অনেক চেষ্টা করলেন, যেন দোস্তাম বিদেশি তালেবানকে যেতে দেয়। কিন্তু সে সম্মত হয়নি। আমরা বিদেশি মেহমান মুজাহিদদের ব্যাপারে কঠিন পেরেশানিতে পড়ে গেলাম। তাদের নিরাপত্তা সহকারে সরিয়ে নেওয়ার চেষ্টা-তদবির চলতে থাকল।

শেষ পর্যায়ে মোল্লা ফজল বলখের কমান্ডারদের সঙ্গে যোগাযোগ করলেন এবং বিদেশি মুজাহিদীনকে গোপন পথে হেফাজতের সঙ্গে বের করে নেওয়ার ব্যবস্থা করে ফেললেন। দোস্তামের সঙ্গে সন্ধিচুক্তি বাস্তবায়িত হওয়ার মাত্র এক দিন আগে মোল্লা ফজল আমাকে ডেকে পরিকল্পনার বিষয়ে অবগত করলেন এবং ৬০০ বিদেশি তালেবানকে আমার জিম্মায় দিলেন, যেন আমি তাদের গন্তব্য পর্যন্ত পৌঁছিয়ে দিই। আমি হালকা অস্ত্রসহ বড় ট্রাক ও গাড়িগুলোতে বিদেশি মুজাহিদদের নিয়ে কুন্দুজ থেকে চার দুররাহ পৌঁছলাম। আমাদের বেশ সতর্কতার সঙ্গে সফর করতে হচ্ছিল। আঁধার ছড়িয়ে পড়তেই রাতেরবেলা সিপাহসালার মোল্লা ফজল আখন্দ আমাদের দোয়া করে ইয়ারগাং পুল পর্যন্ত বিদায় দিতে এলেন। আমরা মোল্লা ফজলের সঙ্গে বিদায়ী মুলাকাত করি এবং বিজন প্রান্তরে সফর শুরু করি। পথিমধ্যে বলখের শমকের কমান্ডারের সঙ্গে সাক্ষাৎ হলো, যিনি মোল্লা দাদ উল্লাহকে নিরাপদ স্থানে পৌঁছিয়ে কুন্দুজে ফিরে আসছিলেন। তিনি আমাদের পথপ্রদর্শনের জন্য নিজের সহযোগী কমান্ডার করিম আগাকে সঙ্গে দিয়ে দিলেন। রাতের শেষ প্রহরে আমরা তাশকারগান পৌঁছলাম। দোস্তামের প্রহরীরা আমাদের ফটকে আটকে দিল। কমান্ডার করিম আগা নেমে গিয়ে তাদের কাছে নিজের পরিচয় দিলেন। ফটক খুলে দেওয়া হলো। আমরা রওনা হলাম। আমাদের গন্তব্য ছিল বলখ। মাজার শরিফ দিয়ে যাওয়ার পরিবর্তে 'হিরতান'-এর দ্বিমুখী পথ ঘুরে মাজার শরিফ থেকে বের হয়ে আমাদের কাঁচা রাস্তায় অতিক্রম করার কথা ছিল। কিন্তু শমকের কমান্ডার আমাদের হিরতানের দ্বিমুখী পথ দিয়ে সোজা মাজার শরিফ নিয়ে গেলেন। আমার সন্দেহ হলো... ।

মাজার শরিফ বিমানবন্দরের কাছে ফটকের সামান্য আগে আমাদের কাফেলা থেমে গেল। কমান্ডার করিম আগা এই বলে ফটকের দিকে চলে গেলেন যে, আমি সামনে দেখে আসি কী পরিস্থিতি! ফজরের সময় হয়ে গেল। আমরা সবাই তায়াম্মুম করে নামাজে নিমগ্ন হলাম। আমরা পানাহার ব্যতিরেকেই রোজাও রেখে দিয়েছিলাম। কামান্ডার করিম আগা ফিরে এসে সংবাদ দিলেন, দোস্তামের কাছে আমাদের আগমনের সংবাদ পৌঁছে গেছে। কিন্তু আমি মনে করছি, কমান্ডার করিম আগা গাদ্দারি করেছে। আমি নিশ্চিত, সে যেকোনো প্রকারে আমাদের আগমনের খবর দোস্তামের কাছে আগেই জানিয়ে দিয়েছিল। হালকা আলো ছড়িয়ে পড়লে রাস্তার দুই পাশের সাহারায় কিছু নড়াচড়া আমাদের অনুভূত হলো। আলো যখন কিছুটা বাড়ল, তখন টের পেলাম, আমরা পরিপূর্ণ ঘেরাওয়ে এসে গেছি। আমাদের চারদিকে দূরবর্তী ময়দানে সশস্ত্র সৈন্যরা নিজ

নিজ অবস্থান নিয়ে নিয়েছিল। মাজার শরিফের দিক থেকে ট্যাংক আসাও শুরু হয়ে গেল। আকাশে বিমান ও হেলিকপ্টার সাড়ম্বরে নিচু হয়ে উড়তে লাগল। বিশাল আকারের মার্কিন বিমানগুলো আকাশে চক্কর দিয়ে আমাদের ভীতসন্ত্রস্ত করতে লাগল। এসব এত দ্রুত ঘটল, যেন পূর্বপরিকল্পিত এবং নিশ্চিতভাবেই আগে থেকে তারা পরিকল্পনা করে রেখেছিল। এখন আমরা ওখান থেকে বের হয়ে কোথাও যেতে পারছিলাম না। আমরা বিদেশি মেহমান মুজাহিদদের নিরাপদে সরিয়ে নেওয়ার যে পরিকল্পনা করেছিলাম, তা মনে হয় ব্যর্থ হতে চলল।

আমি মোল্লা ফজল আখন্দ, মোল্লা আবদুল কাইয়ুম ও আমিরুল মুমিনীন মোল্লা মুহাম্মদ ওমর মুজাহিদের সঙ্গে ওয়্যারলেসে যোগাযোগ করে পরিস্থিতি সম্পর্কে অবগত করলাম। মোল্লা আবদুল কাইয়ুম পরামর্শ দিলেন, অস্ত্র সমর্পণ না করে লড়ে যাও। মোল্লা ফজল ও আমিরুল মুমিনীন বললেন, এ মুহূর্তে যুদ্ধ করা অর্থহীন। কেননা কুন্দুজে অবস্থানরত তালেবানের ক্ষতি হবে। তোমরা যুদ্ধ না করে অস্ত্র সমর্পণ করো। মোল্লা ফজল বললেন, আমি বলে দিয়েছি, তোমরা অস্ত্র দিয়ে দাও, কমান্ডার আমের জান তোমাদের বলখ নিয়ে যাবেন।

দোস্তামের পক্ষ থেকে পাঁচজন ঊর্ধ্বতন প্রতিনিধি আমার কাছে আলোচনার জন্য এসেছিল। যাদের মধ্যে কমান্ডার নাদের আলী হাজারাহ, কমান্ডার আসাদ হাজারাহ, কমান্ডার হুমায়ুন ফৌজি, কমান্ডার আমের জান এবং আরেকজন ছিল কমান্ডার উস্তাদ আতার প্রতিনিধি। তিনটি আলোচনা বৈঠক হলো, যা চার ঘণ্টা স্থায়ী ছিল। তাদের সবচেয়ে বড় প্রশ্ন এই ছিল যে, তোমরা এদিকে কেন এসেছ, এখনো তো চুক্তি সম্পাদনার সময় বাকি আছে। তোমরা না জানিয়েই চলে এলে যে! আমি নিজের আগমনের বৈধতা বর্ণনা করে তাদের উত্তর দিলাম যে, মার্কিন বিমানগুলোর প্রচণ্ড বোম্বিং হচ্ছিল। ওখানে অবস্থান করা ছিল মুশকিল। এ কারণে আমরা এদিকে চলে এসেছি। তারা আমাদের অস্ত্র একত্র করতে লাগল। আরবরা অস্ত্র সমর্পণ করতে অস্বীকৃতি জানাল। তাদের জেদ ছিল যে, হয় অস্ত্র সঙ্গে নিয়ে যাব অথবা শেষ নিঃশ্বাস পর্যন্ত লড়াই করে শাহাদাতের অমীয় সুধা পান করব। আমি মোল্লা ফজল আখন্দের সঙ্গে যোগাযোগ করি। তিনি ওয়্যারলেসে কমান্ডার আমের জান, যিনি বলখের পাখতুন বংশোদ্ভূত ছিলেন, তাঁর সঙ্গে আলোচনা করলেন। কমান্ডার আমের জান অস্ত্র সমর্পণের ক্ষেত্রে মুজাহিদীনকে দোস্তামের হাওয়ালা করার পরিবর্তে নিজের সঙ্গে নিয়ে যাওয়ার অঙ্গীকার ব্যক্ত করলেন। মোল্লা ফজল আমাকে নির্দেশ দিলেন, তুমি নিজের অস্ত্র কমান্ডার আমের জানের হাওয়ালা করে দাও। সে

তোমাদের বলখ পৌঁছে দেবে।

শীত ছিল তীব্র। আমরা পানাহার ব্যতিরেকেই রোজা রেখেছিলাম। দোস্তামের লোকেরা সিগারেট পান করছিল। গোটা দিন অজুর জন্য পানি মিলল না। আমরা জোহরের নামাজ পড়লাম তায়াম্মুম করে। আমাদের কাছ থেকে ছোট গাড়িগুলো নিয়ে নেওয়া হলো। তারপর কমান্ডারদের তাগাদায় মুজাহিদরা সমুদয় অস্ত্র এক জায়গায় জমা করতে শুরু করল। অস্ত্র রাখার পর দোস্তাম এল। সে দূর থেকে অস্ত্রের স্তূপ দেখল এবং মুজাহিদদের ট্রাকে তুলে রওনা হওয়ার নির্দেশ দিল। মুজাহিদদের তল্লাশি না নিয়ে এবং হাত না বেঁধে ট্রাকে তুলে দেওয়া হলো। শহরের প্রথম চেকপোস্টের কাছে দোস্তাম দাঁড়ানো ছিল। তার সঙ্গে কিছু মার্কিন সাংবাদিকও ছিল।

ফটক থেকে শহর এবং শহর থেকে কেল্লা-ই জঙ্গি পর্যন্ত সড়কের উভয় পাশে সশস্ত্র সদস্যদের দাঁড় করিয়ে দেওয়া হয়েছিল। অনেক বিদ্রূপকারীও উপস্থিত ছিল, যারা কয়েদিদের গাড়িতে পাথর মারত, তাদের থুথু দিত ও গালাগাল করত। কতিপয় লম্পট যুবক তাদের সদ্য মুণ্ডানো দাড়ির ওপর হাত বুলিয়ে ঠাট্টা করত যে 'রে তালেব! দেখ আমরা দাড়ি কামিয়ে ফেলেছি!' চেকপোস্ট অতিক্রম করতেই সড়কের উভয় দিকের সশস্ত্র বাহিনী ও গাড়িগুলোর গতি বলখের পরিবর্তে অন্য কোনো দিকে দেখে আমি নিশ্চিত হয়ে গেলাম যে, আমাদের সঙ্গে প্রতারণা করা হচ্ছে। চুক্তি অনুযায়ী আমাদের যেতে দেওয়া হচ্ছে না।

লোকদের হাবভাব ও দোস্তামের বিশ্বাসঘাতকতা দেখে আমি ট্রাকে যেতে যেতে মনে মনে দোয়া করলাম– 'ইয়া আল্লাহ, তুমিই জান, আমি কেবল তোমার সন্তুষ্টির জন্য তোমার রাস্তায় তোমার দীনের শির উচ্চ করার জন্য বের হয়েছি। আমি নিজ গৃহ থেকে কোনো জায়গা, দোকান কিংবা পার্থির ব্যবসায়ের উদ্দেশ্যে বের হইনি। তুমি আমাকে শাহাদাত নসিব করো অথবা রেহাই দান করো। আমি তোমার ফায়সালায় রাজি আছি।'

প্রত্যেক সঙ্গীর চোখে ছিল অশ্রু। ভাবাবেগ প্রকাশ পাচ্ছিল। সন্ধ্যার সময় আমাদের কাফেলা কেল্লা-ই জঙ্গিতে ঘোড়া যেখানে ছিল, ওখানে গিয়ে থামল। কোনো কয়েদির বিনা অনুমতিতে অবতরণ করার অনুমোদন ছিল না। সর্বাগ্রে নাম ডাকা হলো আমার। আমি নিচে নামলাম। কমান্ডাররা আমাকে তাদের সঙ্গে দাঁড় করিয়ে রাখল। মুজাহিদদের এক-এক করে গাড়ি থেকে নামানো হলো এবং পোশাক তল্লাশি করে যেতে লাগল।

কয়েদিদের তল্লাশি করে জমিনের একদিকে বসিয়ে দেওয়া হতো। তাদের পকেট থেকে বের হওয়া টাকা ও অন্যান্য উপকরণ চাদর বিছিয়ে তাতে রাখা হলো। কয়েদিদের বুট, কোট, টুপি, পাগড়ি, রুমাল ইত্যাদি ফেলা হচ্ছিল। ঘটনাস্থলে একজন মার্কিন পুরুষ সাংবাদিক ও মহিলা সাংবাদিক উপস্থিত ছিল, যারা ছবি তুলছিল। মাগরিবের নামাজের সময় সংকীর্ণ হয়ে আসছে দেখে আমি কমান্ডার আমের জান ও নাদের আলী প্রমুখের কাছে নামাজ পড়ার অনুমতি চাইলাম। তারা নামাজ পড়ার অনুমতি দিতে অস্বীকার করল। এরই মধ্যে আরব কয়েদিদের গাড়ির বহর এল। দুজন আরবের তল্লাশি নেওয়া হলো। তৃতীয়জন নেমে কিছুটা দূরত্বে গিয়ে সামান্য সময় থামল এবং তারপর হাতে হ্যান্ড গ্রেনেড ধরে সামনে বাড়াল, যা সে পকেটে লুকিয়ে রেখেছিল। আমার পাশে প্রায় চার মিটার সীমানার মধ্যে তল্লাশি গ্রহণকারীদের সঙ্গে মাজার শরিফের পুলিশপ্রধান কমান্ডার নাদের আলী, এবং হিজবে ওয়াহদাতের কমান্ডার আসাদ হাজারাত দাঁড়িয়ে তদারকি করছিল। আরব মুজাহিদ পিন বের করে হ্যান্ড গ্রেনেড হাতের তালুতে রাখল এবং বাহু বাড়িয়ে দিল। সামনে প্রচণ্ড বিস্ফোরণ হলো। আমি মাটিতে শুয়ে পড়লাম। আমার কোনো ধরনের চোট লাগেনি। পাশে দাঁড়নো পুলিশপ্রধান নাদের আলী ও কমান্ডার আসাদ হাজারাহ বিস্ফোরণের চোটে পাঁচ মিটার দূরে গিয়ে পড়ল। তাদের দেহ উড়ে গেল এবং বোমা নিক্ষেপকারী আরব মুজাহিদও শহীদ হয়ে গেলেন। ওরা মুহূর্তেই পলায়নপর হয়ে ছড়িয়ে পড়তে লাগল। হিজবে ওয়াহদাতের উভয় কমান্ডার নিহত হয়েছিল। হাজারাহ গোত্রের বন্দুকধারীরা আমাকে ধরে ফেলল এই বলে যে, আমাদের কমান্ডারদের তুমিই হত্যা করেছ। কারণ তুমি তাদের পাশে দাঁড়ানো ছিলে! তারা তো মারা গেল আর তুমি নিরাপদ থেকে গেলে। আমি ওদের বললাম, হামলাকারী জমিনে পড়ে থাকা এই আরব ছিল। ওরা আমাকে বন্দুকের বাঁট দিয়ে আঘাত করে নিজেদের রাগ ঝাড়ছিল।

এ অবস্থায় আমি আমার কমান্ডার পরিচয় প্রকাশ না করে নিজেকে সাধারণ তালেবান কয়েদিদের মধ্যে শামিল করে নিতে এবং তাদের সাথে মিশে যেতে

চেষ্টা করতে থাকি। কেননা, আমাকে তালেবান কমান্ডার হিসেবে শনাক্তকারী উভয় কমান্ডার নাদের আলী ও আসাদ হাজারাহ নিহত হয়েছিল। তাদের পর আমাকে আর কেউ চিনতে পারছিল না। হাজারাহ গোত্রের যুদ্ধংদেহিরা চরম ক্ষুব্ধতা নিয়ে নিজ কমান্ডারদের লাশের দিকে মনোযোগী হলো। আমি ধীরে ধীরে হেঁটে কয়েদিদের জমায়েতের দিকে এগিয়ে যেতে লাগলাম। ওরা আমাকে দেখে বন্দুক তাক করত, আমি মাটিতে শুয়ে পড়তাম। আবার উঠে বসতাম, ওরা সঙ্গে সঙ্গে বন্দুক তাক করত। এভাবে আমি কয়েদিদের মজমায় পৌঁছে যেতে সফল হলাম। একসময় আমি কয়েদিদের মাঝে হারিয়ে গেলাম। আমি আমার সঙ্গীদের বুঝিয়ে দিলাম, এখন আমি কমান্ডার নই; বরং সাধারণ কয়েদি। আমি নাম পাল্টিয়ে দিলাম। এখন থেকে আমাকে আবদুল গাফফার নামে ডাকা হবে।

আমরা এই হিটলারবাজির সময় মাগরিবের নামাজ পৃথক পৃথকভাবে তায়াম্মুম করে পড়লাম। অন্ধকার ছেয়ে যাচ্ছিল। হাজারাহ গোত্রের সশস্ত্র লোকরা যুদ্ধংদেহি মনোভাব নিয়ে এল। তারা আমাদের ওপর বন্দুক তাক করে ফায়ার করতে যাচ্ছিল, এ অবস্থায় দোস্তামের উজবেক সিপাহিরা প্রতিবন্ধক হয়ে দাঁড়াল। তারা আমাদের কঠোরতার সঙ্গে দূরে ঠেলে দিল। উজবেক সৈন্যরা যুদ্ধবাজ হাজারাহদের ওপর অস্ত্র তাক করল। তাদের পরস্পর সংঘর্ষ হওয়ার আশঙ্কা সৃষ্টি হয়ে গেল। আঁধার ছেয়ে যেতে থাকে। কেল্লায় উত্তেজনা বৃদ্ধি পেতে থাকে। হিজবে ওয়াহদাতের কমান্ডারদের নিহত হওয়ার খবর শুনে দলে দলে সশস্ত্র বাহিনীর কেল্লায় প্রবেশ শুরু হয়ে যায়। সশস্ত্র যোদ্ধারা প্রতিশোধ নিতে অগ্নিশর্মা হয়ে কয়েদিদের দিকে ধাবিত হচ্ছিল। কয়েদিরা দেয়াল ঘেঁষে ঘাসের ওপর ভয়ে ভয়ে বসে অনিশ্চিত পরিস্থিতির মুখোমুখি হচ্ছিল। বড় কমান্ডারদের অনুপ্রবেশে সাময়িকভাবে রক্তারক্তি থেমে গেল। আরো একবার কয়েদিদের ওপর তল্লাশির ধারা শুরু করা হলো।

নিরাপত্তাব্যবস্থা জোরদার করে দেওয়া হলো। তল্লাশিতে নির্দয়তা ও কঠোরতা অবলম্বন করা হতে লাগল। তল্লাশির পর ছয়শ কয়েদিকে একটি সংকীর্ণ ও অন্ধকার বাংকারে বন্দি করে রাখা হলো। এই ছোট বাংকারে জায়গা ছিল কম। সবাই বসে বসে রাত কাটালাম। পা লম্বা করে শুতে পারছিলাম না। স্থানের সংকীর্ণতা ও অন্ধকারের কারণে কষ্টের তীব্রতা আরো বেড়ে গেল। রুটি ছিল না, পানি ছিল না। সবার মুখ শুকিয়ে গেল, দুর্বলতা বেড়ে গেল।

আজ ছিল দ্বিতীয় রাত। আমরা ছিলাম ক্ষুধার্ত। দিনে রোজা রেখেছিলাম সাহরি না খেয়ে। প্রত্যেকে এশার নামাজ নিজ নিজ স্থানে বসে তায়াম্মুম করে ইশারায়

আদায় করলাম। সিজদার জায়গা পর্যন্ত ছিল না। আরব মুজাহিদীন আমাকে অভিযোগ করতে লাগল, আমরা আপনার কথায় তাদের কাছে অস্ত্র সমপূর্ণ করলাম, আর তারা বিশ্বাসঘাতকতা করে আমাদের গ্রেপ্তার করে কেল্লায় বন্দি করল। আমি আরব মুজাহিদদের উত্তরে সান্ত্বনা দিতে গিয়ে বলতাম, এখন তো আমি অসহায়। কিছুই তো করতে পারছি না। আমিও আপনাদের সঙ্গে বন্দি।

তখন রাত প্রায় ১০টা। বাংকার প্রচণ্ড বিস্ফোরণে গর্জে উঠল এবং বারুদের ধোঁয়া ও গন্ধে ভরে গেল। উত্তরাঞ্চলীয় জোটের রক্তপিপাসু যোদ্ধারা বাংকারের ভেতরে হ্যান্ড গ্রেনেড ছুড়ে মেরেছিল, যার ফলে সাতজন তালেবান ঘটনাস্থলেই শহীদ হয়ে গেলেন। আহতদের এক বড় অংশ সারা রাত আঘাতের কারণে কাতরাচ্ছিল। অন্ধকারে বোঝা যাচ্ছিল না যে কে কতটুকু আহত হয়েছে! রাতটা বসে বসে অস্থিরতার সঙ্গে যাপিত হলো। জিকির ও তিলাওয়াত করতে করতে ফজর হয়ে গেল। ফজরের নামাজ তায়াম্মুম করে বসে বসে আদায় করলাম।

২৫ নভেম্বর সকাল থেকেই একেক কয়েদিকে পর্যায়ক্রমে বাংকারের বাইরে এনে তল্লাশি করে ও হাত বেঁধে এলোপাতাড়ি মারতে মারতে অজ্ঞাত স্থানের দিকে নিয়ে যাওয়া শুরু হলো। কয়েদিদের আশঙ্কা ছিল, হত্যা করার জন্য নিয়ে যাওয়া হচ্ছে। বেলা ১১টা বেজে গেল। বাংকারে আমরা স্রেফ ৫০ জন কয়েদি অবশিষ্ট ছিলাম। হঠাৎ বাইরে থেকে তাকবির ধ্বনির সঙ্গে প্রচণ্ড বিস্ফোরণ হলো এবং সঙ্গে সঙ্গে গুলি শুরু হলো। যুদ্ধ তখন শুরু হলো, যখন হিজবে ওয়াহদাতের সঙ্গে সম্পৃক্ত হাজারাহ বংশের এক যুদ্ধবাজ এক আরব মুজাহিদের তল্লাশিকালে তার পকেট থেকে পবিত্র কুরআন বের করে জিজ্ঞাস করল যে এটি কী? আরব মুজাহিদ জবাবে বলল, এটি কুরআন মাজিদ। বদবখত হাজারাহ যুদ্ধবাজ অবজ্ঞার সুরে অপবিত্র উচ্চারণ করতে করতে পবিত্র কুরআন দূরে ছুড়ে মারল। আরব মুজাহিদ কুরআন পাকের লাঞ্ছনা বরদাশত করতে পারল না। সে পেছনে দাঁড়ানো অন্য এক আরব মুজাহিদকে ইঙ্গিত করল, যে আগে থেকেই হ্যান্ড গ্রেনেড লুকিয়ে রেখেছিল। সে হ্যান্ড গ্রেনেডের পিন বের করে হাজারাহ যোদ্ধাদের দিকে ছুড়ে দিল। বিস্ফোরণে কয়েকজন উড়ে গেল। অবশিষ্ট যোদ্ধারা ব্যস্তসমস্ত হয়ে নিজেদের গান ওখানে ফেলে ভীতবিহ্বল হয়ে উল্টো দিকে পালাতে লাগল। আগে থেকে ছাদে মোতায়েনকৃত বন্দুকধারীরা চারদিক থেকে তালেবানের ওপর ফায়ার শুরু করল। আরব মুজাহিদরা তাদের বন্দুক ছিনিয়ে নিল এবং নিচু হয়ে অস্ত্র তুলে বীর পুরুষোচিত মোকাবিলা শুরু করল।

ফায়ারিং তীব্র থেকে তীব্রতর হচ্ছিল। এত প্রচণ্ড ফায়ারিং শুরু হয়ে গেল যে, আমরা মাথা তুলে বাইরে তাকাতে পারছিলাম না।

কেল্লার চারদেয়ালে ও চূড়ার ওপর দাঁড়ানো উত্তরাঞ্চলীয় যোদ্ধারা পিছমোড়া করে বাঁধা নিরস্ত্র কয়েদিদের ওপর বৃষ্টির মতো গুলিবর্ষণ করতে লাগল। এভাবে জোহরের নামাজের সময় হয়ে গেল। আমরা নামাজ পড়লাম। সুরা ইয়াসিন পাঠ করলাম। আল্লাহর কাছে মদদ চেয়ে সব সঙ্গী পরস্পর গলাগলি করে মাফ বিনিময় করলাম এবং আখেরি মুলাকাত হিসেবে মিলতে লাগলাম। আমরা নিশ্চিত হয়ে গিয়েছিলাম যে, বের করা সব কয়েদিকে শহীদ করে দেওয়া হয়েছে। আর এখন আমাদেরও হত্যা করা হবে। আচমকা বাংকারের বন্ধ দরজা খুলে গেল এবং এক আরব মুজাহিদ ভেতরে প্রবেশ করল। সে তার উভয় হাতে পাথর উঠিয়ে নিয়েছিল। আমি তাকে জিজ্ঞেস করলাম, কী হলো? সে বলল, আলহামদুলিল্লাহ, কামিয়াবি, শুকরান। আমি আরব মুজাহিদের কথা শুনে দাঁড়ালাম এবং তার সঙ্গে বাইরে বের হলাম। বাকি সঙ্গীদের অপেক্ষা করার জন্য বলে দিলাম। যখন বাংকার থেকে বের হলাম, তখন বাইরে ছিল 'কিয়ামতে সুগরা'র (ছোট কেয়ামতের) দৃশ্য। কেল্লার মাঝখানে শহীদদের লাশ বিক্ষিপ্তভাবে পড়ে ছিল। শহীদদের হাত পিছমোড়া বাঁধা ছিল (আরব মুজাহিদ হয়তো শাহাদাতকে কামিয়াবি বলছিল)। শহীদদের মাঝখানে পড়ে থাকা অনেকে আঘাতে ক্ষতবিক্ষত হয়ে কাতরাচ্ছিল। ২০ জন নিরাপদে থাকা তালেবান সম্মুখস্থ দেয়ালের সঙ্গে বসা ছিল। তাদের হাত পেছনে বাঁধা ছিল। আর কিছু তালেবান গর্তের ভেতর লুকিয়ে ছিল। তাদের কাছে গান ছিল। তারা মোকাবিলা করছিল। চারদিক থেকে ফায়ারিং অব্যাহত ছিল। উত্তরাঞ্চলীয় জোট নিরস্ত্র কয়েদিদের প্রতিরোধ বরদাশত করতে পারছিল না। তখন তারা তাদের কাবু করার জন্য মার্কিন বিমানের সাহায্য তলব করল। জোহরের নামাজের পর বিমান সাড়ম্বরে কেল্লার দক্ষিণ দিকের অংশে বোমাবর্ষণ করতে লাগল। দোস্তামের ট্যাংক কেল্লার উত্তর দিকের অংশ থেকে সামনে এগিয়ে গোলাবর্ষণ করতে লাগল। বাইরে থেকে কেল্লার ভেতরে মর্টার তোপ থেকেও গোলা নিক্ষেপ করা হচ্ছিল। ট্যাংক, তোপ ও বিমান একযোগে অগ্নিবৃষ্টিতে লিপ্ত ছিল। চারদিক ধোঁয়া আর ধোঁয়ায় ছেয়ে গেল। ধুলা উড়তে লাগল সবেগে। ওই ধুলাবালির কারণে আমাদের চলাফেরা সহজ হয়ে

গেল। এ থেকে সুযোগ গ্রহণ করে মোকাবিলাকারী মুজাহিদীন এদিক-ওদিক আসা-যাওয়া করছিল এবং দুশমনের গুলি থেকে নিরাপদে ছিল।

এরই মধ্যে একজন আহত আরব মুজাহিদ আমার কাছে এল, যার কর্তিত হাত শুধু চামড়ার সঙ্গে ঝুলছিল। তার কথা ছিল, আমার হাতটা কেটে ফেলো। হয়তো তার মনে হযরত মায়াজ রা.-এর সুন্নাতের ওপর আমল করার খেয়াল এসেছিল। আমি তার ঝুলন্ত হাত বাহুর সঙ্গে বেঁধে দিলাম। তাকে জিজ্ঞেস করলাম, খুব কষ্ট হচ্ছে না তো? সে বলল– 'আলহামদুলিল্লাহ শুকরান, জুড়েম জুড়েম' (আল্লাহর শোকর, আমি সুস্থ আছি, একদম সুস্থ আছি) বলতে বলতে ফের লড়াইয়ের উদ্দেশ্যে খন্দকের (পরিখা) দিকে চলে গেল।

যুদ্ধ শুরু হওয়ার আগে বাংকার থেকে বের করে বাইরে আনা তালেবান ও আরব মুজাহিদদের কাতারে বসিয়ে মার্কিন সিআইএর দুজন অফিসার তদন্ত করছিল। সিআইএ এজেন্ট ছবি তুলছিল আর ভিডিও ফিল্ম তৈরি করছিল। ওই দুই অফিসারের হাঁটুতে পিস্তল বাঁধা ছিল। একজন আফগানদের বেশ ধারণ করেছিল আর দাড়িও রেখেছিল। অন্যজনের ছিল লম্বা গোঁফ। সে সকাল থেকে বিশেষভাবে আরব মুজাহিদদের কাছ থেকে তথ্য নিচ্ছিল। সে ক্যামেরা হাতে সাংবাদিকের রূপ ধারণ করেছিল। যখন বাংকারের পাশ থেকে বিস্ফোরণ ও ফায়ারিংয়ের আওয়াজ এল, তখন গোঁফওয়ালা সিআইএর এজেন্ট তার পিস্তল বের করে সোজা তালেবানের ওপর ফায়ার করতে উদ্ধত হল। কিন্তু ঠিক আগমুহূর্তেই তার পায়ের কাছে তদন্তের জন্য নিজের পালার অপেক্ষায় বসে থাকা আরব মুজাহিদ দ্রুত লাফ দিয়ে তার পিস্তল ধরা হাত কাবু করে ফেলল। এ সময় অন্য মুজাহিদরা সামনে গিয়ে তাকে চেপে ধরল এবং দেখতে দেখতেই তার 'কাম' শেষ করে দিল। মুহূর্তের মধ্যে সঙ্গীর জাহান্নামে চলে যাওয়ার দৃশ্য দেখে দ্বিতীয় এজেন্ট তার পিস্তল থেকে ফায়ার করতে করতে প্রাণ বাঁচাতে উল্টো দিকে ভাগতে শুরু করল।

মার্কিন বিমানগুলো কেল্লায় অবরুদ্ধ বন্দিদের ওপর ২০০০ পাউন্ড ওজনের বোমা নিক্ষেপ করতে শুরু করল। আগুন লাগার পর ভবনসমূহ ধসে পড়তে লাগল। ময়দানে গর্তের সৃষ্টি হলো। বিস্ফোরণের প্রচণ্ডতায় একেক মুজাহিদ ২০ মিটার দূরে গিয়ে পড়ত। তাদের শরীর থেকে রক্তের ফোয়ারা বইতে থাকে। প্রচণ্ড বিস্ফোরণে আমার কানের পর্দা ফেটে যায় এবং তা থেকে রক্ত প্রবাহিত হতে থাকে। আমেরিকা বিশেষ ধরনের রাসায়নিক বোমাও ব্যবহার করে। আমার শরীরে এখনো রাসায়নিক বোমার চিহ্ন আছে। আমার সারা শরীর ব্যথা

করছে। বিমানের বোমাবর্ষণ ও দোস্তাম বাহিনীর ট্যাংকের গোলা নিক্ষেপে কেল্লার অভ্যন্তরে বাঁধা তাদের শত শত ঘোড়া মারা যায় এবং আঘাতপ্রাপ্ত হয়।

এ সময় যেসব আরব মুজাহিদ অস্ত্রের জন্য উদগ্রীব ছিল, তারা আমার কাছে এসে জানতে চাইল কেল্লার অস্ত্রভাণ্ডার কোথায়? আমি যখন গাড়িতে করে কেল্লায় প্রবেশ করি তখন বাঁ দিকের একটি ওয়ার্কশপের দরজায় লাগানো সাইনবোর্ডে লেখা দেখেছিলম 'ওয়ার্কশপ হাওয়ান ডিপো'। অর্থাৎ মর্টার গানের গুদাম ও ওয়ার্কশপ। তাই গুলিবৃষ্টিতে দিগ্বিদিক ছোটাছুটি করা আরব মুজাহিদদের নিয়ে সোজা অস্ত্রগুদামে পৌঁছলাম। দরজা ভেঙে ভেতরে প্রবেশ করলাম। এখানে একটি ভালো মর্টারগান, দুটি বড় মেশিনগান, একটি আরপিজির রকেট, একটি কালাশনিকভ এবং একটি এন্টি এয়ার ক্রাফট গান মিলে গেল। এগুলো দ্বারা আমাদের তাৎক্ষণিক প্রয়োজন পূর্ণ হয়ে গেল। এখন আমরা রুদ্ধ হয়েও মনোবাঞ্ছা পূরণ করতে পারছিলাম। আরবরা যেহেতু অতিপরিশ্রমী এবং অস্ত্র সম্বন্ধে অভিজ্ঞ হয়ে থাকে, সেহেতু আমি একজন আরব মুজাহিদকে ট্যাংকবিধ্বংসী রকেট এবং আরেকজনকে অ্যান্টি এয়ার ক্রাফট দিয়ে কেল্লার দরজার কাছে পাঠিয়ে দিলাম, যে পথে ট্যাংকসমূহ আসার সম্ভাবনা ছিল। বাদবাকি অস্ত্র অন্যান্য মুজাহিদের মধ্যে বণ্টন করে বিভিন্ন অবস্থানে পাঠিয়ে দিলাম। এখন কেল্লা আমাদের দখলে। শত্রুর বড় দলটা কেল্লার বাইরে সমবেত হলো। তারা কেল্লার চারদিক ঘিরে ফেলল। ট্যাংক ও সাঁজোয়া যানও আনা হলো, যাতে মার্কিন ও ব্রিটিশ সাঁজোয়া যানও অন্তর্ভুক্ত ছিল। শত্রুপক্ষ থেকে নিক্ষিপ্ত ট্যাংক এবং গোলার জবাবে আমরা কেল্লার অস্ত্রগুদামে পড়ে থাকা পুরনো গোলা ও রকেটে আগুন লাগিয়ে ছুড়ে মারতাম। তা কেল্লার বাইরে গিয়ে প্রচণ্ড আওয়াজে বিস্ফোরিত হতো। এই কঠিনতম যুদ্ধের সময় এক আরব মুজাহিদ কেল্লাভ্যন্তরে ঘুরে ঘুরে উচ্চ আওয়াজে পূর্ণ জোশের সঙ্গে বলে যাচ্ছিলেন–

وَاللهِ رَائِحَةُ الْمِسْكِ، وَاللهِ رَائِحَةُ الْمِسْكِ!

আল্লাহর কসম, মিশকের সুগন্ধ আসছে, আল্লাহর কসম মিশকের সুগন্ধ আসছে!

মুজাহিদরা বিভিন্ন দলে বিভক্ত হয়ে লড়ে যাচ্ছিলেন। সন্ধ্যা পর্যন্ত যুদ্ধ চলতে থাকল। যখন গোলাবর্ষণ কিছুটা কমল, তখন আমরা পানি দিয়ে ইফতার করলাম এবং মাগরিবের নামাজ পড়লাম। আমাদের দলের সঙ্গীরা জিজ্ঞেস করতে লাগল, এখন কী করা যায়? আমাদের কাছে লড়াই করার জন্য পর্যাপ্ত অস্ত্র ও রসদ নেই। সাফল্যের কোনো পন্থা দৃষ্টিগোচর হচ্ছে না। আমি যেহেতু

মাজার শরিফের সব এলাকা সম্বন্ধে অবগত ছিলাম, আমি পরামর্শ দিলাম যে, কেল্লার দক্ষিণ-পশ্চিম প্রান্তে অবস্থিত চূড়ায় হামলা করে তা কবজা করা যায়। ওই চূড়ার নিকটবর্তী বসতি পশতুনদের। রাতের আঁধারে ওখান থেকে বের হওয়া সহজ হবে। একপর্যায়ে আমরা দক্ষিণ-পশ্চিম চূড়ায় হামলা করে বসলাম, যেখানে দোস্তামের সৈন্যরা মোর্চা তৈরি করেছিল। তারা কিছুক্ষণ প্রতিবন্ধকতা সৃষ্টি করে তারপর চূড়া থেকে পিছু হটে পালিয়ে গেল। আমরা চূড়া দখল করে নিলাম। এবার কেল্লার বাইরে থেকে সেই চূড়ার ওপর গুলিবর্ষণ হতে লাগল। চূড়ায় ট্যাংকের গোলা এসে আঘাত করার আগে আমরা অন্ধকারের সুযোগ গ্রহণ করে কেল্লা থেকে অবতরণ করার সিদ্ধান্ত নিয়ে নিলাম।

চূড়া থেকে পাগড়ি ঝুলিয়ে একেকজন সঙ্গীকে দেয়ালের বাইরে নামানো হচ্ছে। দু-তিনজন করে ধীরে গা বাঁচিয়ে বসতিতে ঢুকে পড়ল। দুশমনের লোকরা ডানে-বাঁয়ের অলিগলিতে উপস্থিত ছিল। কিন্তু তাদের সম্পূর্ণ মনোযোগ ছিল কেল্লার দিকে। তারা এদিকেই গুলি চালিয়ে যাচ্ছিল। প্রায় ৩০ জন আরব, পাক ও আফগান মুজাহিদ কেল্লা থেকে বাইরে লাফিয়ে পড়তে সফল হলো। আমি বাকি আরব মুজাহিদদেরও বের হওয়ার পরামর্শ দিলে তারা– اما الفتح, واما الشهادة (হয় বিজয়, না হয় শাহাদাত) বলে বেরিয়ে যেতে অস্বীকৃতি জানাল। যখন তারা কোনো মতেই যেতে সম্মত হলো না, তখন শেষ পর্যন্ত আমিও কেল্লা থেকে নেমে ধীরে ধীরে গ্রামের দিকে পা বাড়ালাম। কেল্লার বাইরে আরো সৈন্য সমবেত হচ্ছিল। অন্ধকারের সুযোগ নিয়ে মাজার শরিফ থেকে বের হয়ে আমরা তিনটি দলে বিভক্ত হলাম। দুই দল চার বুরজকের দিকে রওনা হলাম এবং একদল বলখের দিকে। আমরা সারা রাত চলে সকালবেলা বলখের এক গ্রামে পৌঁছে গেলাম। যখন আমরা ওই গ্রামবাসীকে বললাম যে, আমরা জঙ্গি কেল্লা থেকে এসেছি; তখন তারা আমাদের অবস্থা দেখে কাঁদতে লাগল। তারা আগুন জ্বালল, গরম পানি আনল, আমাদের হাত-মুখ ধুইয়ে দিল। বারুদ, ধোঁয়া ও মাটির কারণে আমাদের অবস্থা ছিল শোচনীয় এবং কয়েক প্রহর থেকে খানা না-খাওয়ায় দুর্বলতাও ছিল অনেক। গ্রামবাসী আমাদের রুটি দিল। আমরা রোজা রাখলাম। আজানের পর ফজরের নামজ পড়ে ফের রওনা হয়ে গেলাম। স্থানীয় কমান্ডারের গ্রামের ঠিকানা খুঁজতে খুঁজতে তাঁর আস্তানায় পৌঁছে গেলাম। এখানে তালেবানের সাবেক কমান্ডার ইন চিফ মোল্লা দাদ উল্লাহ, সামারগানের গভর্নর মোল্লা আবদুল মান্নান হানাফি ও মোল্লা আবদুল আলী আগে থেকেই উপস্থিত ছিলেন। তাদের সঙ্গে মিলিত হয়ে অনেক আনন্দিত হলাম এবং আমরা তিন দিন পর্যন্ত তার ডেরায় কাটালাম।

তৃতীয় দিন সংবাদ পেলাম, দোস্তাম মার্কিন সেনাদের সাহায্যে কেল্লা-ই জঙ্গি দখল করে ফেলেছে এবং শত শত মুজাহিদকে শহীদ করে দেওয়া হয়েছে। কয়েকজনকে জীবিত গ্রেপ্তার করে নেওয়া হয়েছে। মার্কিনরা বাংকারে ধোঁয়া ও পানি দিয়ে ভরে দেয়। ঠাণ্ডা পানি এবং ধোঁয়ার কারণে আহত মুজাহিদরা শহীদ হয়ে যান। যারা বেঁচে ছিল, তারা সারা রাত হিমশীতল পানিতে দাঁড়িয়ে থাকায় তাদের পা অবশ হয়ে যায়। তারা নড়াচড়া করতে পারছিলেন না। সকালবেলা রেডক্রসকর্মীরা তাদের বাইরে নিয়ে এল। তারপর তাদের গ্রেপ্তার করা হলো।

আহতদের সঙ্গে খুবই খারাপ আচরণ করা হলো। ভারী পাথর দ্বারা তাদের মাথা চূর্ণবিচূর্ণ করে দেওয়া হলো। তাদের পেট চিড়ে দেওয়া হলো। আমার কাছে এ খবরও এসেছিল যে, দোস্তাম মুজাহিদীনের ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্য তৃতীয় দিন কমান্ডার মোল্লা ফজল আখন্দকে কেল্লা-ই জঙ্গিতে নিজের সঙ্গে নিয়ে এসেছিল, যেন তিনি মুজাহিদীনকে অস্ত্র সমর্পণ করতে বলেন এবং যাঁরা জীবিত লুকিয়ে ছিলেন তাঁরা হামলা না করেন। দোস্তাম মোল্লা ফজল আখন্দকে এটা দেখানোর জন্য নিয়ে এল যে, তিনি যেনো দেখেন, তালেবানরা বিদ্রোহ করেছে। অথচ আমরা জানতাম, ওখানে কী ঘটেছিল!

কমান্ডারের অনুপস্থিতিতে তাঁর ডেরায় বসে আমাদের কাছে সব খবরাখবর পৌঁছতে থাকে। তৃতীয় দিন আমরা রাতেরবেলায় গোপনে রওয়ানা হলাম। আমাদের শঙ্কা ছিল, কমান্ডার লোভে পড়ে আমাদের দোস্তামের হাতে তুলে দেবে। মোল্লা দাদ উল্লাহ অন্য কোনো দিকে চলে গেলে আমি দুজন সঙ্গীসহ পার্শ্ববর্তী এক গ্রামে আশ্রয় নিলাম। আমি যাদের ঘরে অবস্থান করলাম তাদেরকে দুটি কালাশনিকভ ও একটি ওয়্যারলেস সেট দিয়ে দিলাম। তারা যারপরনাই আনন্দিত হলেন।

তৃতীয় দিন খবর ছড়িয়ে পড়ল, দোস্তাম বাহিনী ট্যাংকসহকারে গ্রাম ঘেরাও করতে শুরু করেছে। ঘেরাও সম্পূর্ণ হওয়ার আগে ঘরের মালিক নিজের ছেলের সাথে আমাদেরকে অন্য আশ্রয়ের উদ্দেশ্যে রওয়ানা করিয়ে দিলেন। গ্রামের পেছনের দিক থেকে অন্য গ্রামে তাদের এক আত্মীয়ের বাড়িতে আমাদের নিয়ে যাওয়া হল। ওখানে কিছুক্ষণ বিরতি নিলাম। এরপর পরস্পর পরামর্শ করে আমার দুজন সঙ্গী ওখানে অবস্থান করল। আমি আবার আগের বাড়িতে চলে এলাম। আমি ওখানে প্রায় তিন মাস অবস্থান করি। একবার ঘরে বসা ছিলাম। এ অবস্থায় রেডিওতে বলখ থেকে দোস্তামের বক্তব্য প্রচার শুরু হলো, যাতে সে সুবারগানের জেলে বন্দিদের সম্বোধন করে বলল যে, তোমরা মোল্লা ফজল ও মোল্লা দাদ উল্লাহর সঙ্গী এবং আমার সঙ্গীদের শহীদ (!) করেছ। কাজেই

তোমরা নিরপরাধ নও। তোমাদের কখনো মাফ করা যাবে না ইত্যাদি। রেডিও থেকে আজেবাজে গান প্রচারিত হতে থাকে। অথচ তালেবান আমলে এসব ছিল না।

জোহরের পর একদিন আমি গ্রাম থেকে বের হলাম। তখন লোকেরা আমাকে বলল, আপনার আরো একজন মুজাহিদ সঙ্গী আছেন, যিনি ওই নিকটবর্তী জমিতে কাজ করছেন। আমি যখন ওই জমিতে গেলাম, তখন ওখানে এক আরব মুজাহিদ ছিলেন, যাঁর কাঁধে ক্ষত ছিল। তিনি আহত অবস্থায় কেল্লা থেকে বের হতে সফল হয়েছিলেন। তিনি উজবেকি পোশাক পরে একজন কৃষানের রূপ ধারণ করেছিলেন। এক হাতে তিনি কোদাল, আরেক হাতে চরকির লাঠি ধরে ছিলেন। তিনি ছিলেন তায়েফের অধিবাসী। একটা ক্ষেতের পাশে বসে আমাদের আলোচনা হলো। পুনরায় তিনি তার গ্রামে এবং আমি আমার গ্রামে চলে আসি। চলে আসার সময় আমি তাকে ১৫০০ (পনের হাজার) রুপি পকেট খরচ দিলাম। রোজার ঈদের পর দোস্তাম বাহিনী অতর্কিত আক্রমণ চালিয়ে সেই আরব মুজাহিদ ও আমার দুজন তালেবান সঙ্গীকে গ্রেপ্তার করল। আমি আবার বেঁচে গেলাম। এ গ্রামে আমার নাম ছিল আবদুল গাফফার।

এভাবে আমি আর কদিন গা বাঁচিয়ে থাকব! তাই অবশেষে সিদ্ধান্ত নেওয়া হলো কাবুল যাওয়ার। এটা খুবই বিপজ্জনক সফর ছিল, যাতে কদমে কদমে গ্রেপ্তার হওয়ার আশঙ্কা ছিল। আমার আশ্রয়দাতাদের প্রচেষ্টা ও দুঃসাহসের প্রশংসা করতে হয়। তারা বোরকা পরিহিত এক বৃদ্ধ মহিলা ও দুটি শিশুকে আমার সঙ্গী করে দেন এবং নিজেরাও পিছনে পিছনে আসতে থাকেন। আমি পোশাক-আশাক বদল করে পথিকের রূপ ধারণ করি। মাথায় পাঞ্জেশিনি টুপি পরে মুখে সিগারেট নিয়ে মাজার-ই শরিফ বাসস্ট্যান্ডে পৌঁছলাম। ওখান থেকে ট্যাক্সিতে কাবুল রওনা হলাম। চেকপোস্টের কাছে এসে সিগারেটের ধোঁয়া ছাড়তে ছাড়তে নির্দ্বিধায় বাচ্চাদের কোলে নিয়ে বসে থাকলাম। উত্তরাঞ্চলীয় জোটের প্রহরীদের থেকে গা বাঁচিয়ে কাবুল পৌঁছলাম এবং রাতটি হোটেলে কাটালাম। রাতেরবেলায় আশ্রয়দাতাদের কাছে নিজের বিস্তারিত পরিচয় দিলাম এবং নিজের পুরো কাহিনী শুনিয়ে দিলাম। তারা হতবাক হয়ে গেল। আমি তাদের তিন মাস পর্যন্ত সাবধানতাবশত নিজের সম্বন্ধে কোনো কিছু বলিনি। তারা আমার কাহিনী শুনে অতিশয় আশ্চর্যান্বিত হলো। সকালে উঠে নামাজ পড়লাম। আশ্রয়দাতাদের সঙ্গে বিদায়ী মোলাকাত করলাম এবং তাদেরকে পুনরায় মাজার-ই শরিফের দিকে রওনা করিয়ে দিলাম।

এবার এখান থেকে সামনের দিকে আমি একা সফর করছিলাম। আমি কাবুল

থেকে গজনি পৌঁছলাম। বাসস্ট্যান্ডে নামতেই এক ব্যক্তি আমাকে দেখে কোনো কথাবার্তা ছাড়াই আমার হাত ধরে তার গাড়িতে নিয়ে সামনের দিকের আসনে বসিয়ে দিলেন। এ ট্যাক্সিচালক ছিলেন আমার পুরনো বন্ধু, যিনি রণাঙ্গনে আমার সঙ্গী ছিলেন। আজকাল হালাল রুজির তালাশে গাড়ি চালাচ্ছেন। রাস্তায় আমার ওই বন্ধুকে সব কাহিনী শোনালাম। তিনি খুব খুশি হলেন। রাত যাপন করলাম শহরে। সকালে কান্দাহার শহর নিরাপদে অতিক্রম করে নিজ বাড়িতে পৌঁছে গেলাম।

কুন্দুজে আমাদের সঙ্গে কী ধরনের প্রতারণা করা হয়েছে, কেল্লায় কী কেয়ামত চাপিয়ে দেওয়া হয়েছে এবং আল্লাহর রাস্তায় বের হওয়া কয়েদিদের ওপর কী অত্যাচার চালানো হয়েছে– এসব আমি কখনো ভুলতে পারব না। শহীদানের একেক ফোঁটা রক্তের হিসাব কুদরত অবশ্যই নেবেন। মহান আল্লাহর দরবারে আশা করি, কেননা তিনিই অবস্থার পরিবর্তনকারী।

মরা লাশও কান্না করে

একবারের ঘটনা ডাক্তার বাবর শাহাদাত বরণ করল। পেশোয়ারে তার লাশ আনা হল। উদ্দেশ্য তার পরিবারের লোকেরা শেষ বারের মত তাকে দেখবে। তারপর পেশোয়ারেই তাকে দাফন করবে। তিনি একজন অত্যন্ত মুখলিস ব্যক্তি ছিলেন। একাধিক ব্যক্তি শপথ করে আমাকে বলেছে, তার ছেলেরা যখন মাদরাসা থেকে এসে তার লাশের সামনে দাঁড়াল তখন তিনি কেঁদে ফেললেন আর তার অশ্রু গড়িয়ে পড়তে লাগল। এ সময় তার মা এসে সামনে দাঁড়াল। বলল, হে বৎস! তুমি তো দীর্ঘ সফরে রওয়ানা হয়ে গেছ। সুতরাং তুমি তোমার হাত বাড়াও আমি মুসাফাহা করব। তোমাকে শেষ বিদায় জানাব। তখন সে তার হাত প্রসারিত করে মায়ের সাথে মুসাফাহা করল। একই ধরনের ঘটনা ঘটেছে শহীদ জুল মুহাম্মদের ব্যাপারেও। জুল মুহাম্মদ পাকতিয়া প্রদেশে শাহাদাত বরণ করেন। উমর হানীফ ছিলেন কমান্ডার। তিনি আমাকে বলেছেন- আল্লাহর শপথ করে বলছি, আমি জুল মাহাম্মদের লাশের পাশে দাঁড়িয়ে ছিলাম। তার পিতা এসে তার লাশের সামনে দাঁড়াল। আবেগপ্লুত হয়ে রোরুদ্ধ কণ্ঠে বলল, হে ছেলে! তুমি যদি সত্যই শহীদ হয়ে থাক তাহলে আমাকে তার নিদর্শন দেখাও। সাথে সাথে সে হাত প্রসারিত করে তার পিতার সাথে মুসাফাহা করল। সে প্রায় পনের মিনিট তার পিতার হাত ধরে রাখল।

এক সেনাপতি বোকা বনে যাওয়ার ঘটনা

একবার শাইখ তামীম শহরে গেলেন। কিন্তু রাশিয়ার সৈন্যরা পথ বন্ধ করে দিয়েছে। কাউকে শহরে ঢুকতে দিচ্ছে না। কোন গাড়িও প্রবেশ করতে দিচ্ছে না। ড্রাইভার টহলরত সৈন্যকে বলল, ইনি কারী সাহেব। আরে কারী সাহেব চিনেন না, যিনি নামাজ পড়ান। টহলরত সৈন্য বলল, না এখন কাউকে যেতে দেওয়া যাবে না। উপরের নির্দেশ। এখন শাইখ তামীম আসবে বলে সংবাদ পৌছেছে। আমরা তাকে খুঁজছি। অথচ কী অবাক ব্যাপার! শাইখ তামীমই তখন চোখে চশমা দিয়ে গাড়িতে দিব্যি বসে আছেন। সৈন্য বলল, এখন যেতে পারবেন না। বিকাল পাঁচটার পর যেতে হবে।

ড্রাইভার বলল, নিশ্চয়ই সেনাপতি সাহেব ক্যাম্পেই আছেন। আচ্ছা, কারী সাহেব তার সাথেই কথা বলবেন। শাইখ তামীম সেনাপতির সাথেই কথা বললেন। শাইখ তামীম তো আর পশতু ভাষা জানেন না, তাই ইনিয়ে বিনিয়ে কিছু বলতে চেষ্টা করলেন। তখন ড্রাইভার বলল, আমাদের কারী সাহেব ফারসী ভাষায় কথা বলেন। পশতু ভাষা জানেন না। সেনাপতি আর কিছু চিন্তা করল না, বলল, এদের ছেড়ে দাও। পথ ছেড়ে দিলে তাদের গাড়ি ছুটে চলল। কিছুদূর যাওয়ার পর সেনাবাহিনীর আরেকটি ক্যাম্পের নিকট পৌছলেন। এবার তো আরো মহা সমস্যা। একেবারে পাথর ফেলে রাস্তা বন্ধ করে সৈন্যরা টহল দিচ্ছে। সৈন্যরা বলল, এখন তোমরা যেতে পারবে না। কিন্তু টহলরত সৈন্যদের প্রধান এগিয়ে এসে বলল, কেউ যাওয়ার অনুমতি দিলে আমি তাকে কুত্তার বাচ্চা, শুয়োরের বাচ্চা বলে গালি দিতাম। কিন্তু আমি আপনাদের চিনি। আমি আপনাদের যাওয়ার রাস্তা খুলে দিচ্ছি। তারপর রাস্তা থেকে পাথর সরিয়ে ফেলা হল। তাদের নির্বিঘ্নে যাওয়ার ব্যবস্থা করা হল।

মার্কিন অত্যাচারের
রক্তাক্ত দাস্তান

এক আইরিশ সাংবাদিকের হৃদয় কাঁপানো তথ্য

আফগানযুদ্ধের ব্যাপারে আমেরিকার বিরোধিতার পেছনে তার মনের ভেতরের রহস্য সম্পর্কে আপনারা এ রিপোর্ট থেকে জানতে পারবেন, দৈনিক পাকিস্তান যার তরজমা প্রকাশ করেছে।

এ রিপোর্টে আমেরিকার যে হিংস্রতা এবং আরব ও পাকিস্তানি মুজাহিদীন ও তালেবানের ওপর আপতিত রক্তাক্ত অত্যাচারের যে কাহিনী পেশ করা হয়েছে, এ থেকে বোঝা যায়, আমেরিকার নির্মমতায় মানবতা কেঁপে উঠেছে। সে তার অপরাধের ওপর পর্দা ফেলার সর্বতো প্রচেষ্টা চালিয়েছে। কিন্তু এক আইরিশ সাংবাদিক প্রামাণিক দলিল সহকারে সেসবের অনুসন্ধান নিতে সফল হয় এবং সে আমেরিকার হৃদয় কাঁপানো বন্য আচরণ সম্পর্কে দুনিয়াকে অবগত করে। দেখা যাক, কখন কুদরতের হাত নড়ে ওঠে এবং চেঙ্গিসি আচরণের হিসাব-নিকাশ হয়ে যায়।

১২ জুন আয়ারল্যান্ডের এক সাংবাদিক জিমি ডোরান জার্মান পার্লামেন্টে ২০ মিনিট স্থায়ী এক ফিল্ম প্রদর্শন করেন, যাতে মাজার-ই শরিফ ও শাবারগানের কাছে সন্ধান পাওয়া দুটি গণকবর দেখানো হয়, যাতে প্রায় এক থেকে তিন হাজার তালেবান ও আল-কায়েদার জানবাজ মুজাহিদ চিরনিদ্রায় শায়িত। উভয় কবর থেকে মানুষের অস্তিত্ব সুস্পষ্টভাবেই দৃষ্টিগোচর হচ্ছিল। সেসব লাশের ওপর মাংসাশী বিহঙ্গগুলোর এবং কুকুরের নখর আঁচড়ের স্পষ্ট আলামত বিদ্যমান ছিল । এসব কবরে কে দাফন হয়েছে? এরা আফগানিস্তানের কোন জাতি-গোত্রের সঙ্গে সম্পৃক্ত ছিল? এদের হত্যা করেছে কে? কেন করেছে? এই ফিল্মে এসব প্রশ্নের জবাব সম্পূর্ণ বিদ্যমান।

পজিশন ফর হিউম্যান রাইটসের ডেপুটি ডাইরেক্টর বিবিসিকে বলেছেন, কোনো শক্তি এমন আছে যে এই লাশগুলোর বিস্তারিত পর্যবেক্ষণের অনুমতি না দিয়ে বা কোনো বিশেষ গ্রুপ নিজেকে যুদ্ধাপরাধ থেকে বাঁচাতে চায়? পজিশন ফর হিউম্যান রাইটস (পিএইচআর) দাবি করে, যুদ্ধাপরাধের এই গুরুত্বপূর্ণ সাক্ষ্যকে ওই সময় পর্যন্ত সংরক্ষণ করা হোক, যতক্ষণ পর্যন্ত না এ মোকদ্দমা মানবতাবিরোধী অপরাধের আন্তর্জাতিক আদালতে পেশ করা হবে। তম্মধ্যে একটি গণকবর শাবারগান শহর থেকে আধা ঘণ্টার ব্যবধানে অবস্থিত, যেটা এক লাখ ৪০ হাজার ৬২৫ চতুর্ভুজ ফুট। অর্থাৎ ৩২ কানাল বা ১৪ একর

ক্ষেত্রফল এবং এটা চতুর্ভুজ আকৃতিবিশিষ্ট। কবরের দৈর্ঘ্য ও প্রস্থ ৪৭৫ ফুট এবং এতে প্রায় এক থেকে তিন হাজার লাশ দাফন করা হয়েছে। এই এলাকা উজবেক জঙ্গি কমান্ডার আবদুর রশিদ দোস্তামের নিয়ন্ত্রণে রয়েছে। নিষ্ঠুরতায় দোস্তাম হল আন্তর্জাতিকভাবে কুখ্যাতিপ্রাপ্ত। পিএইচআরের মতে, এ লাশগুলো জানুয়ারি বা ডিসেম্বরে এখানে দাফন করা হয়েছিল, ফেব্রুয়ারির শুরুতে যাদের সন্ধান পাওয়া যায়। সে সময় এ কবরগুলো থেকে পঁচে-গলে যাওয়ার দরুন সৃষ্ট দুর্গন্ধ এতই তীব্র ছিল যে, তা সহজেই অনুভব করা যেত। ফেব্রুয়ারির শেষনাগাদ রিপোর্টটি তৈরি করা হয়।

১ মার্চ হামিদ কারজাইয়ের কাছে ওই কবরগুলোর সংরক্ষণ, হত্যাকারীদের সম্পর্কে অনুসন্ধান ও তাদের চিহ্নিতকরণ সম্পর্কে জানার জন্য দরখাস্ত পেশ করা হয়েছিল। কিন্তু কারজাই অদ্যাবধি সে চিঠির জবাব দেননি। যা দ্বারা এই ফলফল বের করা কঠিন নয় যে, কারজাই সরকার এ সমস্যার ওপর যবনিকাপাত ঘটাতে চায়। সংস্থাটি এই আশঙ্কা করছে যে, এ কবরগুলোকে হত্যাকারী গ্রুপ কোথাও আবার গায়েব করে না দেয়। তাদের এ রিপোর্ট প্রকাশ করে ২ মে। পিএইচআর মার্কিনদের কাছ থেকে এটি জানার চেষ্টা করছে যে তারা এই গণহত্যা সম্পর্কে কতটুকু ওয়াকিবহাল। কিন্তু পেন্টাগন রহস্যজনক বিকৃতির মাধ্যমে কাজ নিয়েছে। কারণ তারা জানে, এটি একটি ভয়ংকর রাজনৈতিক বিস্ফোরণ, যা শুধু আফগানিস্তান নয়, মার্কিন গণরায়কেও তাদের বিরুদ্ধে পাল্টে দিতে পারে এবং আফগানিস্তানে মার্কিনবিরোধী দৃষ্টিভঙ্গির বহ্নিমান স্ফুলিঙ্গে পরিবর্তন সাধিত হতে পারে। পিএইচআর তার রিপোর্টে বলেছে, এই গণহত্যা ওই সময় করা হয়, যখন আকাশে মার্কিন বোমারু বিমান ও মার্কিন সৈন্যরা তৎপর ছিল। পিএইচআরের মেম্বার অব বোর্ড ডক্টর জিনি লিং সাংবাদিকদের সঙ্গে আলোচানা করতে গিয়ে বলেছেন, মার্কিনরা এ ব্যাপারে কতটুকু জানে, এটা বোঝা মোটেই মুশকিল নয়।

সানডে মিররের এক সাম্প্রতিক সংখ্যায় মার্কিন, ইউরোপীয় ও আফগানি যৌথবাহিনীর বন্দি তালেবানের সঙ্গে নির্যাতন ও পাশবিকতার এক হৃদয়বিদারক রিপোর্ট প্রকাশিত হয়, যা মধ্যযুগের চেঙ্গিস ও হালাকু খানকেও ছাড়িয়ে গেছে। রিপোর্ট অনুযায়ী কুন্দুজে মার্কিন বাহিনীর সামনে প্রাণভিক্ষা দেওয়ার প্রতিশ্রুতির ভিত্তিতে আট হাজার তালেবান ও আল-কায়েদার জানবাজ যোদ্ধারা হাতিয়ার ফেলে দিয়েছিল। যাদের মধ্যে আরব, পাকিস্তানি ও অন্যান্য সম্প্রদায়ের ওইসব মুজাহিদ শামিল ছিলেন, যারা তালেবানের সঙ্গে মিলে ভিনদেশি আগ্রাসনের বিরুদ্ধে জিহাদরত ছিলেন। ডোরান তার ফিল্মে ওই সাক্ষ্যগুলোকে ফিল্মবন্দি

করেছিল, যাঁরা বলছেন, এ কবরগুলোতে কে চিরনিদ্রায় শুয়ে আছে? তাদের কোন অপরাধে হত্যা করা হয়েছে? ফিল্মে কেল্লা-ই জঙ্গিতে শহীদ করা এমন তালেবান ও আল-কায়েদা মুজাহিদীনকেও দেখানো হয়, যাদের মাথায় যখন গুলি করা হয়, তখন তাদের হাত পিছমোড়া করে বাঁধা ছিল, যাতে তাদের মৃত্যু নিশ্চিত করা যেতে পারে। এই ফিল্ম জনসমক্ষে চলে আসার পর মার্কিন ও উত্তরাঞ্চলীয় জোটের সৈন্যদের বর্বরতা ও পাশবিকতার ওপর কঠোর সমালোচনা শুরু হয়ে যায়।

ডোরান তাঁর ফিল্মে প্রত্যক্ষদর্শীদের সাক্ষাৎকার রেকর্ড করেছেন, যারা তিন হাজার তালেবান কয়েদির গণহত্যা খোদ সচক্ষে দেখেছে। বালুকাময় এ ময়দানে যেখানে এই ফিল্ম তৈরি করা হয়, তালেবান মুজাহিদদের মাথার খুলি, তাদের কাপড়, হাড়, তসবিহ, নামাজের টুপি, জুতা, ক্ষতবিক্ষত মানব শরীরগুলো স্থানে স্থানে বিক্ষিপ্তভাবে পড়ে ছিল। মহাযুদ্ধের সময় নাজিদের জুলুম ও বর্বরতা এবং রুশদের হাতে বন্দিহত্যার তামাম দাস্তানও এই মার্কিন উৎপীড়নের সামনে বিবর্ণ হয়ে যায়।

ইউরোপে এই ফিল্ম মার্কিন পশুত্ব ও কয়েদিদের সঙ্গে ভীতিকর আচরণের এক মস্তবড় দস্তাবেজ হিসেবে সামনে এসেছে। ইউরোপের সব সংবাদপত্রে এই মানবতাদাহক আচরণের ব্যাপারে দীর্ঘ প্রবন্ধ ও সম্পাদকীয় প্রকাশিত হয়। ইউরোপের দুটি বড় টেলিভিশন কোম্পানি ডোরানের সাক্ষাৎকারও প্রচার করে। কিন্তু বিস্ময়কর ব্যাপার এই যে, মার্কিন টিভি চ্যানেল ও কেব্‌ল নেটওয়ার্কসহ আমেরিকার বিখ্যাত পত্রিকা লসঅ্যাঞ্জেলাস টাইমস, নিউইয়র্ক টাইমস ও ওয়াশিংটন পোস্ট এ ঘটনার ব্যাপারে চুপ মেরে আছে।

প্রত্যক্ষদর্শীদের মতে, কেল্লা-ই জঙ্গিতে পাঁচ থেকে ছয়শ পর্যন্ত মুজাহিদীনের শাহাদাতের পর মার্কিন বাহিনীর অধীনে তিন হাজার মুজাহিদকে শহীদ করা হয়েছে। কুন্দুজ বিপর্যয়স্থলে আট হাজার তালেবান জানবাজ উত্তরাঞ্চলীয় জোটের সৈন্যদের সামনে জীবনের নিরাপত্তা পাওয়ার প্রতিশ্রুতিতে হাতিয়ার ফেলে দেয়। উত্তরাঞ্চলীয় জোটের কমান্ডার রশিদ দোস্তামের এক জেনারেল আমিরজান ফিল্মে এটি স্বীকার করে বলেছে যে, মুজাহিদীন (তার ভাষায় ইসলামী সিপাহি) এই শর্তের ওপর হাতিয়ার ফেলে ৪৭০ জন তালেবান কয়েদিকে মাজার শরিফের কেল্লা-ই জঙ্গিতে পাঠিয়ে দেওয়া হয়।

৭৫০০ কয়েদিকে কেল্লাযাইন নামক জেলের দিকে পাঠিয়ে দিয়ে প্রকাশ্য বিদ্রোহের আড়াল নিয়ে মার্কিনরা প্রচণ্ড বোমাবর্ষণ করে। মার্কিন ও ব্রিটিশ সৈন্যরা উত্তরাঞ্চলীয় জোটের সঙ্গে মিলে শত শত কয়েদিকে শহীদ করে।

তাদের মধ্য থেকে কতক কয়েদির ঘাড় মটকে দিয়ে অকুস্থলেই শহীদ করে দেওয়া হয়। কেল্লা-ই জঙ্গিতে মার্কিন হিংস্রতার সময়ে ৮৬ জন মুজাহিদ কেল্লার নিচে বসে মাথা নিচু করে লুকিয়ে থাকার কারণে প্রাণে বেঁচে গিয়েছিল। তাদের মধ্যে আবু জর সুলাঈমান আল ফারেস, আবদুল হামিদ ও জন ওয়াকারও শামিল ছিলেন। গোপনে ধারণকৃত এক ভিডিওতে জন ওয়াকারকে হাঁটু গেড়ে বসে থাকা অবস্থায় দেখানো হয়েছে, যেখানে তালেবান কয়েদিদের দীর্ঘ সারি লেগে আছে। এক মার্কিন অফিসার বিদেশি মুজাহিদ জন ওয়াকারকে জিজ্ঞাসাবাদ করছিল। তদন্তকারী মার্কিন অফিসারের আওয়াজ স্পষ্ট শোনা যাচ্ছিল। সে বলছে, ব্যাপার হলো, এ সিদ্ধান্ত ওয়াকারকে করতে হবে যে সে জীবিত থাকতে চায় কি না? যদি সে এখানে মরতে না চায়, তবু তাকে এখানেই থাকতে হবে। আমরা ওকে এখানেই ছেড়ে যাচ্ছি, যেখানে তাকে আজীবন কারাভ্যন্তরেই থাকতে হবে।

যেসব তালেবান জানবাজরা আমেরিকানদের সামনে হাতিয়ার ফেলে দিয়েছিল, সেই সাড়ে সাত হাজারের মধ্যে তিন হাজার কয়েদিকে পৃথক করে ফেলা হয় এবং তাদের শাবারগান নামক জেলে পাঠিয়ে দেওয়া হয়, যা কুন্দুজ থেকে তিন দিনের দূরত্বে অবস্থিত। অক্সিজেনরোধক এক একটি সামুদ্রিক কন্টেইনারে দুই বা তিন শ কয়েদিকে ওঠানো হয়। একজন ড্রাইভারের সাক্ষ্যমতে, ১৫০ থেকে ১৬০ জন কয়েদি কন্টেইনারের ভেতরে সফরের কষ্ট ও দম বন্ধ হয়ে যাওয়ার কারণে শহীদ হয়ে যান। কয়েদিদের সঙ্গে চলমান সেনাবাহিনীর এক রক্ষী তার সাক্ষ্য রেকর্ড করাতে গিয়ে বলেছে, কয়েদিরা অক্সিজেনশূন্যতার কারণে চিৎকার শুরু করে দিলে মার্কিন কমান্ডার তাকে নির্দেশ দিয়েছিল কন্টেইনারের ওপর গুলি করে ছিদ্র করে দিতে, যেনো বাতাস প্রবেশ করতে পারে। একজন টেক্সিড্রাইভার তার বর্ণনা রেকর্ড করাতে গিয়ে বলেছে, আমি কন্টেইনারের একটি দীর্ঘ সারি প্রত্যক্ষ করেছি। ওই কন্টেইনারগুলো থেকে রক্ত বেয়ে বেয়ে পড়ছিল। এ দৃশ্য দেখে আমার গায়ের লোম খাড়া হয়ে যায়।

শাবারগান জেলের এক কয়েদি তার বর্ণনা রেকর্ড করাতে গিয়ে বলেছে, তার সামনে মার্কিন সৈন্য একজন কয়েদির ঘাড় মটকে ভেঙে দেয়, আর তড়পাতে থাকা লাশের ওপর আঘাত করতে থাকে। নিজের সাক্ষ্য রেকর্ড করাতে গিয়ে সে আরো বলেছে, তার চোখের সামনে মার্কিন সৈন্যরা তালেবান কয়েদিদের মাথা মুণ্ডিয়ে দিত। অতঃপর তাদের মাথায় গরম পানি ঢালত, অথবা তার সঙ্গে মিশ্রিত বস্তু ঢেলে দিত। যার দরুন কয়েদিরা তড়পাতে থাকত। এগুলো দেখে মার্কিন সৈন্যরা উচ্চ হাসিতে ফেটে পড়ত। একজন সৈন্য তার সাক্ষ্য রেকর্ড

করতে গিয়ে বলেছে, মার্কিন সৈন্যরা তালেবান কয়েদিদের আঙুল ও জিহ্বা কেটে দিত। অতঃপর তাদের মাথায় গরম পানি ঢালত। মার্কিনরা এগুলো চিত্ত বিনোদনের জন্য করত। মার্কিনরা জেল থেকে কয়েদিদের বের করত। তাদের দাড়ি মুণ্ডিয়ে দিত। তাদের এহেন উৎপীড়নের নিশানা বানাত যে তারা বেহুঁশ হয়ে যেত, অথবা মার্কিনরা মারতে মারতে নিজেরাই ক্লান্ত হয়ে যেত, তারপর তাদের পুনরায় জেলের ভেতর বন্দি করা হতো। অনেক সময় মার্কিনরা জেল থেকে কয়েদিদের বের করে সঙ্গে করে নিয়ে যেত। এ রকম কয়েদি আর কখনো ফিরে আসত না। আমার উপস্থিতিতে কতক কয়েদি গায়েব হয়েছে।

এক আফগান সৈনিক তার বর্ণনা রেকর্ড করাতে গিয়ে বলেছে, মার্কিনরা এ কাজ স্যাটেলাইট ক্যামেরা থেকে এড়িয়ে করত। এক মার্কিন কমান্ডার শাবারগান জেলে দাঁড়িয়ে কন্টেইনারের ট্রাকড্রাইভারদের নির্দেশ দিল, 'ক্যামেরার নজরে আসার আগেই এই কন্টেইনারগুলোকে 'দশতে লায়লা' নিয়ে যাও, আর ওখানে উপস্থিত জীবিত ও মৃত তালেবান কয়েদিদের দাফন করে দাও। দুজন সাধারণ শহুরে ট্রাকড্রাইভার ঘটনার সত্যায়ন করতে গিয়ে বলেছে, তারা তিন হাজার কয়েদিকে সাহারায় নিয়ে যায়, যেখানে তাদের জীবিত দাফন করে দেওয়া হয়। একজন ড্রাইভার তার সাক্ষ্য রেকর্ড করাতে গিয়ে বলেছে, এই গণকবরে নিয়ে যাওয়া কয়েদিদের মধ্যে জীবিত কয়েদিদের মার্কিন বাহিনীর ৩০-৪০ জন বিশিষ্ট ব্যক্তির উপস্থিতিতে গুলি করে মেরে ফেলা হয় এবং তাদেরকে পাঁচ ফুট গভীর ও ১৪ অ্যাস্টক ক্ষেত্রফলবিশিষ্ট কবরে নিক্ষেপ করা হয়। তারপর বুলডোজারের সাহায্যে মাটি চাপা দেওয়া হয়। এর পরও কুকুর ও অন্যান্য মাংসাশী হিংস্র বন্য জন্তুরা মাটি খুঁড়ে মানব অস্তিত্ব বের করে আনে এবং সেগুলো থেকে আঁচড়ে আঁচড়ে গোশ্‌ত ভক্ষণ করতে থাকে। উক্ত ফিল্মের শেষ দৃশ্যে মুজাহিদদের শরীরের অবশিষ্টাংশ ও বিক্ষিপ্তভাবে পড়ে থাকা হাড়গুলো দেখানো হয়।

মাজার শরিফ বিমানবন্দরের কাছে একটি নিতান্ত অগভীর গণকবরের সন্ধান পাওয়া যায়। জাতিসংঘ প্রতিনিধির মতে, আফগানিস্তানের যত অভ্যন্তরীণ অঞ্চল পর্যন্ত জাতিসংঘের উপস্থিতি ঘটবে, আরো অনেক গণকবর পাওয়া যাবে। পিএইচআরের ডেপুটি ডাইরেক্টর এই গণকবরগুলো ওই সময় সফর করেন, যখন তা থেকে পঁচে-গলে যাওয়ার কারণে সৃষ্ট দুর্গন্ধ এতই তীব্র ছিল যে. তা অনেক দূর থেকে অনুভব করা যেত। তিনি অভিযোগ করে বলেন, এরা কবরগুলোকে সাধারণভাবে দেখার জন্য অনুমতি দিচ্ছে না, আর লাশগুলোর পোস্টমর্টেমও করতে দেওয়া হচ্ছে না। পোস্টমর্টেম ছাড়া এটি নির্ধারণ করা মুশকিল যে এরা কারা ছিল। পিএইচআর বলেছে, কারজাই ও আন্তর্জাতিক

শক্তিগুলোর মুখে সম্পূর্ণ রহস্যজনকভাবে নীরবতার মোহর লেগে আছে। কারণ তারা জানে, রহস্য উন্মোচিত হলে একটি বড় ধরনের রাজনৈতিক বিস্ফোরণ ঘটতে পারে।

পিএইচআরের রিপোর্ট মতে, যখন তারা এই গণকবর পরিদর্শন করে, তখন ওখানে তাজা মাটির স্তূপ বিদ্যমান ছিল এবং যেসব ট্রাকে করে এই দুর্ভাগা কয়েদিদের এখানে আনা হয়েছিল, সেগুলোর টায়ারের চিহ্নও বিদ্যমান ছিল। নাভু টাইমসে প্রকাশিত এক রিপোর্টে পিএইচআরের ডেপুটি ডাইরেক্টরের উদ্ধৃতি দিয়ে দাবি করা হয়, মার্কিন জোট বাহিনীর একটি ছোট বাহিনী গণকবর এলাকা অবরোধ করে রেখেছিল। যখনই তারা অবরোধ খতম করল এবং তারা ওখান থেকে চলে গেল, তখন ওই সংস্থা এই গণকবর আবিষ্কার করে। রিপোর্টে বলা হয়, বিভিন্ন গোত্রীয় দলের আফগান সৈন্য ও মার্কিন সংস্থার মতে এটি ওই সময় ছিল, যখন মার্কিন বিমান আকাশ থেকে 'কিয়ামত' বর্ষণ করছিল, আর তাদের সৈন্যরা জমিনে সরগরম ছিল। আমেরিকা জানে, তারা এই কয়েদিদের সঙ্গে কী আচরণ করেছে! মার্কিন প্রতিরক্ষা বিভাগ একটি প্রতিবাদমূলক বিবৃতি প্রকাশ করে। যাতে বলা হয়, তারা পিএইচআরের এ দাবি সম্পর্কে অবহিত নয় যে মার্কিনরা তালেবান কয়েদিদের গণহত্যা পরিচালনা করেছিল। সামরিক ভাষ্যকাররা বলেন, আমরা আমাদের কর্মকাণ্ডগুলো রেকর্ড করেছি। এই অভিযোগগুলোর উদ্ধৃতিতে আমাদের কাছে কোনো রেকর্ড নেই। কিন্তু কতই চিত্তাকর্ষক কথা যে, মার্কিন সৈন্যদের যে বিষয়ের জ্ঞান নেই, জাতিসংঘ সে সম্পর্কে অবগত হওয়ার কথা সম্পূর্ণভাবে প্রকাশ করেছে!

জাতিসংঘ তার প্রেস রিলিজে বলেছে, তাদের মানবাধিকার বিষয়ক অভিজ্ঞদের টিম উত্তর আফগানিস্তানের শহর মাজার শরিফের পশ্চিমে একটি বিশাল গণকবর সফর করেছে। জাতিসংঘের ভাষ্যকার এনানুইল ডি আলমাইড বুসলোয়া বলেন, এ লাশগুলোকে ভারী মেশিনের সাহায্যে দাফন করা হয়েছে। জাতিসংঘ এ কথা বলতে অস্বীকৃতি জানায় যে এই ভারী মেশিনারি কারা এখানে এনেছে? আইপি সংবাদের সত্যায়ন করতে গিয়ে বলেছে, এটিই ওই গণকবর, যেটি পিএইচআর আবিষ্কার করেছিল। কিন্তু এটি জানা সম্ভব হয়নি যে, এই কবরে কতজন লোক দাফন হয়েছে। তার পরও এটি স্পষ্ট, এই দুর্ভাগা মানুষগুলোকে অপ্রতিরোধ্য শক্তি দিয়ে প্রাণসংহারি যন্ত্রাদির মাধ্যমে হত্যা করা হয়েছিল। জাতিসংঘের রিপোর্ট অনুযায়ী হেমন্তের পর এদের এখানে দাফন বা শহীদ করা হয়। আর এটি হচ্ছে আফগানিস্তানের ওপর মার্কিন বিজয়ের সময়। এক আফগান সৈন্য ডোরানকে তার বর্ণনা রেকর্ড করাতে গিয়ে বলেছে, মার্কিনরা যাচ্ছেতাই করে

বেড়াত। তাদেরকে রোখার সাহস কারো ছিল না। সানডে মিররের ভাষায়, কয়েদিদের নিয়ে আসা ট্রাক ড্রাইভার বলেছে, অনেক অনেক কয়েদি ক্ষুধা-তৃষ্ণায় এবং তাদের একটি বৃহদাংশ দম বন্ধ হয়ে যাওয়ার কারণে শহীদ হয়ে যায়। ফিল্মে ছয়টি সাক্ষ্য পেশ করা হয়। তার মধ্যে উত্তরাঞ্চলীয় জোটের এক জেনারেল আমির জানও শামিল ছিল। সব সাক্ষী এ কথার ওপর স্বতঃস্ফূর্তভাবে সম্মত হয় যে, তারা যুদ্ধাপরাধের আন্তর্জাতিক ট্রাইব্যুনালে উপস্থিত হতে প্রস্তুত। ফিল্মে পিএইচআরের পক্ষ থেকে সন্ধানকৃত গণকবরে দাফন হওয়া সদস্য ও সেসব হত্যাকারীর সম্পর্কে পরিপূর্ণ সাক্ষীদের পেশ করা হয়। ফিল্ম এটি প্রমাণ করেছে যে, দাফনকৃত সদস্যরা হচ্ছে তালেবান ও আল-কায়েদার কয়েদি, যাদের কুন্দুজ থেকে গ্রেপ্তার করা হয়েছিল। তাদের অক্সিজেনরোধক সামুদ্রিক কন্টেইনারে করে বধ্যভূমি পর্যন্ত আনা হয় এবং মার্কিন সেনাবাহিনীর তত্ত্বাবধানে হত্যা করা হয়। ফিল্ম দেখার পর ইউরোপীয় পার্লামেন্টের জার্মান সদস্যরা বলেছে, জুলাইয়ে অনুষ্ঠিতব্য ইউরোপীয় ইউনিয়নের পার্লামেন্ট অধিবেশনে এ মামলা উত্থাপন করা হবে। ইউরোপীয় পার্লামেন্টের অপর কয়েকজন সদস্য রেডক্রসের ইন্টারন্যাশনাল কমিটির কাছে দাবি করেন যে তাঁরা এই ফিল্মে ধারণকৃত সব অভিযোগের নিরপেক্ষ নিষ্পত্তি ও প্রকৃত তথ্য উদ্‌ঘাটন করুক।

আন্তর্জাতিক অঙ্গনের খ্যাতিমান আইনজীবি অ্যান্ডর ইউ এম কি এন টি ফিল্মে প্রদর্শিত ঘটনাবলির ওপর মতামত ব্যক্ত করতে গিয়ে বলেন, এটি মার্কিন ও আন্তর্জাতিক আইনের দৃষ্টিতে যুদ্ধাপরাধ। তিনি নিরপেক্ষ তদন্তের দাবি করে বলেন, দুনিয়ার কোনো আইনই এসব সাক্ষ্য বিস্মৃত হতে পারে না। নভেম্বরে নিউ ইয়র্ক টাইমসে প্রকাশিত একটি রিপোর্টও এই গণকবরবাসীকে তালেবান কয়েদি হিসেবে প্রমাণ করার জন্য যথেষ্ট। রিপোর্টে বলা হয়, কুন্দুজ থেকে আগত তালেবান কয়েদিতে পূর্ণ কন্টেইনারগুলোকে উত্তরাঞ্চলীয় জোট কমান্ডার এবং মার্কিন মিত্র আবদুর রশিদ দোস্তাম সাহারায় নিয়ে গিয়েছিল। কারণ সে তাদেরকে মার্কিন বোমাবর্ষণের কারণে জেলে নিতে পারছিল না। অথচ এই বোমাবর্ষণ উত্তরাঞ্চলীয় জোটের গোয়েন্দাগিরিতে করা হচ্ছিল। প্রতিটি কন্টেইনারে প্রায় দুই থেকে তিনশ তালেবান কয়েদি ছিল।

কোনো কোনো পর্যবেক্ষকের ধারণা, সেসব কয়েদির মধ্যে অধিকাংশ পাকিস্তানি, আরব ও অন্যান্য বিদেশি মুজাহিদীন ছিল। জাতিসংঘের মানবাধিকার টিম কয়েকটি লাশকে গোত্রীয় দিক থেকে পশতুন বলে চিহ্নিত করেছিল। কিন্তু এ রিপোর্ট বাস্তবতার সঙ্গে সামাঞ্জস্যপূর্ণ নয়। কারণ স্থানীয় তালেবান কয়েদিদের কুন্দুজে অনুষ্ঠিত চুক্তিমাফিক ঘরে ফিরে যাওয়ার অনুমতি দিয়ে দেওয়া

